The parliament face

A journal towards people



১১তম জাতীয় সংসদ নির্বাচনোত্তর গণমাধ্যম চিত্র: ডেটলাইন ৩১ ডিসেম্বর ২০১৮

জনতা ব্যাংক স্পীডি ফরেন রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম

প্রবাসে বুকিং দেয়া মাত্রই দেশে তাৎক্ষণিক পরিশোধ...



পৃথিবীর যে কোন দেশ থেকে বুকিং দেয়ার সাথে সাথে আপনার আপনজনের কাছে অর্থ পৌঁছানো আমাদের দায়িত্ব।

বৈধ চ্যানেলে রেমিট্যান্স প্রেরণ করে কষ্টার্জিত অর্থের নিরাপত্তা নিশ্চিত করুন ও দেশের অগ্রগতিতে শরীক হউন।

বিস্তারিত তথ্যের জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করুন , ফরেন রেমিটেন্স ডিপার্টমেন্ট ঃ প্রধান কার্যালয়: ১১০ মতিঝিল বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০, বাংলাদেশ। ফোন : +৮৮-০২- ৯৬১৫৩০৬, +৮৮-০২-৯৫১৫৩০৪, +৮৮-০২- ৯৫১৫৩০৫, +৮৮-০২-৯৫১৩৯৪৫ ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৪৬৪৪ E-mail: jbceftoperation@janataremitt.com.bd

Website: www.jb.com.bd

জনতা ব্যাংক লিমিটেড

উন্নয়নে আপনার বিশ্বস্ত অংশীদার

BURO programs pivot on *Clients' Choice*

BURO Bangladesh

beside the poor since 1989

HEAD OFFICE

House # 12/A
Road # 104
Block # CEN(F)
Gulshan-2
Dhaka-1212
Bangladesh

TEL
880-2-9861202
880-2-9884834

FAX
880-2-9884832
880-2-9858447

EMAIL
buro@burobd.org
zakir@burobd.org

WEB
www.burobd.org

design : communicator

Ref. SAVEUR, USA
(Feb 2007)

হামদর্দ চিকিৎসা কেন্দ্রে আসুন
হলিস্টিক চিকিৎসা গ্রহণ করুন
সুস্থ, সবল ও দীর্ঘ জীবন লাভ করুন

সারাদেশেই রয়েছে হামদর্দ-এর চিকিৎসা কেন্দ্র
চিকিৎসাসেবা: প্রত্যহ সকাল ৯টা থেকে রাত ১০টা পর্যন্ত

ব্যবস্থাপত্রের জন্য কোন টাকা নেয়া হয় না

১৯০৭ সাল থেকে প্রতিটি ঘরে ঘরে জনপ্রিয় নাম

রুহ্ আফজা

স্বর্গীয় অমৃত সুধা, অনিন্দ্য সুন্দর নাম

ইফতার ও সাহ্‌রিতে এক গ্লাস/২০০ মিলি বরফ শীতল পানিতে ৩ টেবিল চামচ/৫০ মিলি রুহ্ আফজা মিশিয়ে পান করুন। শরীর থাকবে চাঙ্গা ও সতেজ, বুঝতেই দেবে না সারাদিনের রোজার ক্লান্তি।

শরবতসহ বিভিন্ন মজাদার রেসিপির জন্য
www.roohafza.com.bd

হামদর্দ ভবন ৯৮-৯৯ বীর উত্তম সি.আর.দত্ত সড়ক, কলাবাগান, ঢাকা-১২০৫
www.hamdard.com.bd, www.hamdard.tv
marketing@hamdard.com.bd, info@hamdard.com.bd
Follow us on
Hamdard Roohafza, hamdardbd
Download App Hamdard Bangladesh

হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াক্‌ফ) বাংলাদেশ
১৯০৬ সাল হতে মানব সেবায় নিবেদিত অনন্য প্রতিষ্ঠান

উপদেষ্টা
মহসীনুজ্জামান চৌধুরী বাবুল

সম্পাদকীয় উপদেষ্টা
আলমগীর শাহজাহান রেজা

সম্পাদক মন্ডলীর সভাপ্রধান
রীনা জামান

সম্পাদক
মো. মনজুর আলম

নির্বাহী সম্পাদক
এ এস এম নজরুল ইসলাম

সহকারী সম্পাদক
মনজুরুল ইসলাম মেঘ

সম্পাদনা সহকারী
শাহেদ মোরশেদ

প্রতিবেদক
মো. কামরুজ্জামান হিমু
শেখ লিমন

মার্কেটিং ব্যবস্থাপক
মাহ্‌বুব আলম

গ্রাফিক্স ডিজাইনার
প্রিয়াংকা প্রিয়া

নিয়মিত লেখক
প্রফেসর ড. প্রদীপ কুমার পান্ডে
মোস্তফা কামাল
মো. শাহাবুদ্দিন
দীয়া সিমান্ত
সহযোগী অধ্যাপক মামুন আ. কাইয়ুম
প্রভাষক শুভ কর্মকার

মূল্য: ১০০ টাকা

যোগাযোগ:
টেকওয়ার্ল্ড, ২য় তলা
৪০৪, গোলাম রসুল টাওয়ার, দিলু রোড, ইস্কাটন, ঢাকা

শেফালী গার্ডেন
ফ্ল্যাট-৬/সি, ৩৩/৩ আজিমপুর রোড,
লালবাগ,ঢাকা-১২০৫
ফোন: ০১৯০৭৯২৯৩৭৬

এস আর লাকী
১৯, বাসাবাড়ি লেন(৪র্থ তলা)
তাঁতীবাজার, ঢাকা-১১০০
ফোন: ০১৯১৮১৬২৫৭৫

দ্য পার্লামেন্ট ফেইস

সংখ্যা ঃ জানুয়ারি-ফেব্রুয়ারি ২০১৯

সম্পাদকীয়

৭১'র মহান মুক্তিযুদ্ধ ও একসাগর রক্তের বিনিময়ে অর্জিত স্বাধীনতা এবং প্রতিষ্ঠিত স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ। ৭২-এ রচিত বাংলাদেশ নামক রাষ্ট্রের সর্বোচ্চ আইন সংবিধান। ৯০'র স্বৈরাচার বিরোধী আন্দোলনে গণঅভ্যুত্থান এবং সংসদীয় শাসন ব্যবস্থার প্রত্যাবর্তন। সকল অর্জনই সম্ভব করেছে এপার বাংলার সূর্য সন্তানেরা। সেই বাংলার সূর্য সন্তানদের গৌরদীপ্ত মাতৃভুমি বাংলাদেশ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের শাসন ব্যবস্থা ও মেহনতি মানুষের আশা আকাঙ্খার বাতিঘর বাংলাদেশ জাতীয় সংসদ। সংবিধানের আলোকে সরাসরি নির্বাচনের মাধ্যমে দেশের জনসাধারণ তাদের জনপ্রতিনিধি নির্বাচিত করে সুখি সমৃদ্ধ নিরাপদ সমাজ ব্যবস্থা নিশ্চিতকরণে। জনপ্রতিনিধিগণ স্ব স্ব এলাকার উন্নয়নে আইন প্রণয়ন করেন এবং তা বাস্তব প্রয়োগে নির্ধারিত সময় পর্যন্ত নিয়োজিত থাকেন। মোদ্দাকথা জনপ্রতিনিধিগণ জনগণের সেবায় নিযোজিত থাকার জন্য নির্বাচিত হন নির্দ্দিষ্ট সময়ের জন্য। দ্য পার্লামেন্ট ফেইস সাপ্তাহিক পত্রিকাটি প্রকাশের লক্ষ্য জনপ্রতিনিধিদের জনকল্যানে প্রণোদিত উন্নয়নকর্ম প্রান্তিক জনগোষ্ঠির কাছে পৌঁছে দেয়া, জনপ্রতিনিধি ও জনগণের মাঝে সেতুবন্ধন রচনা, প্রান্তিক জনগোষ্ঠির প্রত্যাশা প্রকাশ করা এবং সর্বোপরি মুক্তিযুদ্ধের প্রত্যাশিত সোনার বাংলা গড়তে ভুমিকা পালনে সমাজকে উদ্বুদ্ধ করা। পত্রিকার এসংখ্যায় প্রকাশ পেয়েছে বহু আঙ্গিকে আলোচিত সমালোচিত একাদশ জাতীয় সংসদ নির্বাচন ভিত্তিক পর্যালোচনামূলক প্রতিবেদন, বাংলা হরফে লেখার যৌক্তিকতা, বীর মুক্তিযোদ্ধার রণাঙ্গনের কাহিনী, নারীর ক্ষমতায়ন, নারী ভোটারের এগিয়ে যাওয়া, রাজনৈতিক ব্যক্তিত্ব, নাগরিক প্রত্যাশা, তৃণমুল ভাবনা, ইয়ং ভয়েস এবং দেশের গণমাধ্যমে প্রকাশিত শিরোনামের তুলনামুলক বিশ্লেষনধর্মী প্রতিবেদন।

বস্তুনিষ্ঠ সাংবাদিকতার দৃষ্টান্ত প্রত্যাশি দ্য পার্লামেন্ট ফেইস পথচলার প্রেরণা খোজেঁ প্রাণপ্রিয় পাঠককুলের মাঝে। প্রত্যয় রাখতে চায় পাঠকের সামনে সত্যপ্রিয় তথ্যকে অকৃত্রিম স্পষ্ঠভাবে প্রকাশের। সাপ্তাহিকটি প্রতিটি লেখা তথ্যসূত্র সমৃদ্ধ সমেত উপস্থাপনের বিষয়টি নিশ্চিত করার অঙ্গীকারবদ্ধ। লেখাগুলোর সঙ্গে জড়িত বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকবৃন্দ এবং লেখক-গবেষকবৃন্দ সকলকে দ্য পার্লামেন্ট ফেইস এর পক্ষ থেকে অশেষ ধন্যবাদ জানাচ্ছি ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

দ্য পার্লামেন্ট ফেইস সমাজের প্রতিস্তরের দায়িত্বে নিয়োজিতদের কাজের জবাবদিহিতা এবং শুদ্ধাচার বাস্তবায়নে প্রভাবিতকরণের প্রত্যয় রাখে। গণমানুষের অধিকার সমুন্নত রাখতে জনপ্রতিনিধিদের সঙ্গে জনমানুষের সেতুবন্ধনে কাজ করার প্রত্যাশী দ্য পার্লামেন্ট ফেইস। সামাজিক মূল্যবোধ, সততা, নৈতিকতা, মানবতা, ন্যায্যতা, সামাজিত সম্মানবোধ, শৃংখলাবোধ, কর্মে নিষ্ঠাবোধসহ দেশপ্রেমে উজ্জীবিত থাকুক সমাজ-সংসার-জাতি দ্য পার্লামেন্ট ফেইসের প্রত্যাশা এইসবে কাজ করে যাবো অবিরত। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে থাকবো না বিরত।

সূ|চি|প|ত্র

দ্য পার্লামেন্ট ফেইস

একাদশ জাতীয় সংসদ: বাংলাদেশের প্রথম সর্বদলীয় অংশগ্রহণমূলক নির্বাচন ৮
মনজুরুল ইসলাম মেঘ

একাদশ জাতীয় সংসদ নির্বাচন : জনপ্রত্যাশা ১৮
ড. প্রদীপ কুমার পান্ডে
মামুন আ. কাইউম

বহু প্রত্যাশিত জাতীয় নির্বাচন ২০১৮: নতুন মেরুকরণ ২০
দ্বীয়া সিমান্ত ও ফাবি নাহিয়ান

১১তম জাতীয় সংসদ নির্বাচনোত্তর গণমাধ্যম চিত্র: ডেটলাইন ৩১ ডিসেম্বর ২০১৮ ২৩
দ্বীয়া সিমান্ত

বীরবিক্রম শাহজাহান সিদ্দিকীর মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ৩৩
দীয়া সিমান্ত ও নাজনীন নাহার

একজন বিনয়ী রাজনৈতিক ব্যক্তিত্ব সৈয়দ আশরাফ ৪০

একাদশ জাতীয় সংসদের পথচলা: ৩১ জানুয়ারী ২০১৯ ৪২
কামরুজ্জামান হিমু

১১তম জাতীয় সংসদ নির্বাচন: নারীর এগিয়ে যাওয়া ৪৪
রুহী শামসাদ আরা

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরিবেশ: পত্র পত্রিকার ভাস্য ও কিছু কথা ৪৭
মোহাম্মদ শাহাবুদ্দিন

একাদশ জাতীয় সংসদের সদস্যগণ: জনমানুষের প্রতিনিধি ৫০

তৃণমূল ভাবনা ৬৬

দ্য পার্লামেন্ট ফেইস: ইয়ং ভয়েস ৭১
নিউজ প্রতিবেদন

'রোমান' হরফ নয় 'বাংলা' হরফেই একুশের মর্যাদা ৭৬
শুভ কর্মকার

একাদশ জাতীয় সংসদ নির্বাচন: বহুমুখী তাৎপর্য ৭৮
মোস্তফা কামাল

একাদশ জাতীয় সংসদ সদস্য পদে শপথ নেয়া সদস্যগণের সংক্ষিপ্ত পরিচিতি ৮০

সংসদে সংরক্ষিত আসনে নারী সাংসদ ১২৫

দ্য পার্লামেন্ট ফেইস

সংখ্যা ঃ জানুয়ারি-ফেব্রুয়ারি ২০১৯

সূচিপত্র

দ্য পার্লামেন্ট ফেইস

জাতীয় সংসদের ৩৫০টি আসনের বিপরীতে ৩০০ জন সাংসদ সরাসরি জনগণের ভোটে নির্বাচিত হন। ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকে। সংসদের ৩০০টি আসনের মধ্যে অর্ধেকের বেশি অর্থাৎ ১৫১টি বা তার বেশি আসনে যে দল জয়ী হন তারাই সরকার গঠন করেন।

দেখুন পৃষ্ঠা ০৯

গণতন্ত্রই একটি দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যায়। এই কথা বাংলাদেশের ক্ষেত্রে প্রমাণিত। আজ আমরা আর্থ সামাজিকভাবে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছি। আমরা এখন উন্নয়নশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছি।

দেখুন পৃষ্ঠা ৪৩

ইতোমধ্যে বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে এবং বিশ্বের মানুষ বাংলাদেশকে একটি ব্যতিক্রমী দেশ হিসেবে চিনতে শুরু করেছে। স্বাধীনতা পরবর্তীতে 'তলাবিহীন ঝুঁড়ি'র তকমা থেকে আজ নিম্ন মধ্যম আয়ের দেশের স্বীকৃতি পেয়েছে। আজ বিশ্ব নেতাদের অনেকেই বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করছেন।

দেখুন পৃষ্ঠা ১৮

একাদশ সংসদ নির্বাচনে নারীদের অংশগ্রহণের আধিক্য লক্ষ্যনীয়। ২০১৮ সালের ৩০ ডিসেম্বরের সংসদ নির্বাচনে বেশীসংখ্যক নারী বিজয় লাভ করেছেন। ৬৮জন নারী সরাসরি ভোটে প্রার্থী হয়ে নির্বাচনে অংশগ্রহণ করে এবং ২২টি আসনে নারীরা জয়লাভ করেন যাদের মধ্যে ১৯জন আওয়ামী লীগের, ২জন জাতীয় পার্টি থেকে আর ১জন জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) থেকে। এছাড়া এবারের জাতীয় নির্বাচনে স্বাধীনতার পরে সর্বোচ্চ সংখ্যক ১৮জন সংখ্যালঘু নারী তাদের আসনে প্রতিদ্বন্দ্বিতা করে বিজয়ী হয়েছেন।

দেখুন পৃষ্ঠা ৪৫

একাদশ জাতীয় সংসদ: বাংলাদেশের প্রথম সর্বদলীয় অংশগ্রহণমূলক নির্বাচন

মনজুরুল ইসলাম মেঘ

দেশের মালিক ভোটার :

বাংলাদেশের সংবিধান অনুযায়ী জন্মগত ভাবে বাংলাদেশী প্রাপ্ত বয়স্ক (১৮ বছর উর্ধে) যে কোন নাগরিক ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। অর্থাৎ কোন নাগরিক ভোটার হবার জন্য কমপক্ষে তাকে ১৮ বছর পূর্ণ হতে হবে। ২০১৮ সালের ৩০ ডিসেম্বর একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশের প্রায় ২২ শতাংশ ভোটারের বয়স ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। এসব তরুণের বড় অংশ প্রায় ১ কোটি ২৩ লাখ এবারই প্রথম ভোটার হয়েছেন। ২০১৪ সালের ৫ জানুয়ারির নির্বাচনেও নতুন ভোটার ছিল প্রায় ১ কোটি ৩৭ লাখ। সেবার অর্ধেকের বেশি আসনে ভোট না হওয়ায় (বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত) এবং বিএনপি জামায়াতের নির্বাচন বর্জনের কারণে বাকি আসনে নতুনদের একটা অংশ ভোট দিতে পারেনি। ফলে এবারের সংসদ নির্বাচনে এই তরুণেরাও প্রথম ভোট দেওয়ার সুযোগ পায়। প্রথমবার ভোট দিতে যাওয়া তরুণের সংখ্যাটি বেশ বড়। আড়াই কোটির মতো। এরা দেশের মোট ভোটারের চার ভাগের এক ভাগ।

একাদশ সংসদ নির্বাচনে মোট ভোটার ১০ কোটি ৪১ লাখ ৯০ হাজার ৪৮০ জন। ২০১৪ সালের নির্বাচনে মোট ভোটার ছিল ৯ কোটি ১৯ লাখ ৬৫ হাজার ১৬৭ জন এবং ২০০৮ সালের নির্বাচনে মোট ভোটার ছিল ৮ কোটি ১০ লাখ ৮৭ হাজার ৩ জন। অর্থাৎ ১০ বছরের ব্যবধানে ভোটার বেড়েছে ২ কোটি ৩১ লাখ ৩ হাজার ৪৭৭ জন।

সাধারণত প্রতিবছর ভোটার তালিকা হালনাগাদের সময় যাদের বয়স ১৮ বা তার বেশি, তাঁদের ভোটার করা হয়। ১৮ এর চেয়ে বেশি বয়সের এমন অনেকেই ভোটার হন, যাঁরা আগে ভোটার হতে পারেনি। বিশেষত প্রবাসীদের অনেকেই ১৮ বছর বয়সের অনেক পরে ভোটার হয়ে থাকেন। তবে সে সংখ্যা খুব বড় নয়। আবার ১০ বছরে ২ কোটি ৩১ লাখ ভোটার বাড়লেও প্রকৃতপক্ষে এ সময়ে আরও বেশি সংখ্যক নতুন ভোটার তালিকাভুক্ত হয়েছেন। কারণ, ১০ বছরে কয়েক লাখ মৃত ভোটারের নাম তালিকা থেকে বাদ পড়েছে। প্রতিবছর গড়ে ২২ থেকে ২৪ লাখ নতুন ভোটার তালিকায় যোগ হয়। সব মিলে ১৮ থেকে ২৮ বছর বয়সী ভোটারের সংখ্যা ২ কোটি ৩১ লাখের বেশি হতে পারে।

ভোটারদের আকৃষ্টি করার চেষ্টা:

২০০৮ সালের নির্বাচনে তরুণদের আকৃষ্ট করতে **'ডিজিটাল বাংলাদেশ'** ধারণা সামনে এনেছিল আওয়ামী লীগ। সেবার বড় ব্যবধানে জয় পেয়েছিল মহাজোট। এবারও তরুণদের আকৃষ্ট করতে নির্বাচনী ইশতেহারে ডিজিটাল বাংলাদেশের ধারাবাহিকতায় অনেক কিছু রেখেছিলো আওয়ামী লীগ । অন্যদিকে বিএনপি মনে করছে, তরুণদের একটি বড় অংশ ক্ষমতাসীনদের প্রতি বিরূপ মনোভাব পোষণ করেছে; বিশেষ করে সরকারের শেষ দিকে এসে কোটা সংস্কার আন্দোলন এবং নিরাপদ সড়ক আন্দোলনে সরকারের ভূমিকা তরুণদের একটি বড় অংশকে ক্ষুব্ধ করেছে মনে করে বিএনপিও তরুণদের আকৃষ্ট করার চেষ্টা করে ইশতেহারে, তবে যুদ্ধাপরাধীদের বিচার নিয়ে বিএনপি ইশতেহারে কিছু না বলায় সমালোচনায় পড়ে। বামজোটও দুঃশাসন, জুলুম-লুটপাটতন্ত্র প্রতিহত, গণতন্ত্র ও গণতান্ত্রিক অধিকার আদায়ের সংগ্রামের উপর জোর দিয়ে ইশতেহার প্রকাশ করে।

ভোটের জোয়ার-ভাটা:

সরকারি হিসাবে দেশে এখন বেকার প্রায় ২৭ লাখ। বাংলাদেশে প্রতিবছর ২০ লাখ তরুণ শ্রম বাজারে প্রবেশ করছেন। আর গড়ে নতুন কর্মসংস্থান তৈরি হচ্ছে প্রায় ১৩ লাখ। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) বলছে, মাত্র সাত বছরে বাংলাদেশে তরুণদের মধ্যে

বেকারত্বের হার দ্বিগুণ হয়ে গেছে। আর উচ্চ শিক্ষিত তরুণদের মধ্যে বেকারের হার বেশি। বিগত নির্বাচনগুলোর ফলাফল বিশ্লেষণ করে দেখা যায়, নির্বাচনে দুই প্রতিদ্বন্দ্বী আওয়ামী লীগ ও বিএনপির ভোটের ব্যবধান খুব সামান্য। এই অবস্থায় তরুণ ভোটারদের যে দল বা জোট যত বেশি টানতে পারবে, তারা তত বেশি লাভবান হবেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা:

বিএনপির ভোট বর্জনের মধ্যে গঠিত দশম সংসদের যাত্রা শুরু হয়েছিল ২০১৪ সালের ২৯ জানুয়ারি, সেই সংসদের মেয়াদ ২৮ জানুয়ারি ২০১৯ শেষ হতো। ২০১৯ সালের ২৮ জানুয়ারির আগের ৩০ দিনের মধ্যে নতুন নির্বাচন অনুষ্ঠানের সাংবিধানিক বাধ্যবাধকতা রয়েছে, সেই অনুসারেই তফসিল ঘোষণা করে ইসি। তফসিল ঘোষণার ভাষণে সিইসি একাদশ নির্বাচনে সকল দলের অংশগ্রহণ প্রত্যাশা করে নিজেদের মতানৈক্যের অবসান আলোচনার মাধ্যমে ঘটাতে রাজনৈতিক দলগুলোর প্রতি আহ্বান এবং একটি অংশগ্রহণ মূলক নির্বাচন প্রত্যাশা করেন।

২৩ ডিসেম্বর ভোটগ্রহণের দিন রেখে একাদশ সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নরুল হুদা। ঘোষিত তফসিল অনুযায়ী, এই নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় ১৯ নভেম্বর পর্যন্ত, তা বাছাইয়ের জন্য ২২ নভেম্বর, মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ তারিখ ২৯ নভেম্বর ধার্য করা হয়, তার ২৩ দিন পর ভোটগ্রহণ। ২৯ নভেম্বর প্রার্থিতা প্রত্যাহারের পর ৩০ নভেম্বর প্রতীক বরাদ্দ । সেক্ষেত্রে মনোনয়নপত্র জমার জন্য ১২ দিন সময় দেওয়া হয়েছিলো এবং প্রচারণার জন্য ২১ দিন সময় এর কথা বলা হয়।

তফসিল ঘোষণার ঠিক আগে মতবিভেদ কাটাতে দুই প্রধান রাজনৈতিক দলের মধ্যে সংলাপ হলেও তাতে কোনো সমঝোতা হয়নি। বিএনপিকে নিয়ে গঠিত ড. কামাল হোসেনের জাতীয় ঐক্যফ্রন্ট খালেদা জিয়াকে মুক্তি দিয়ে, সংসদ ভেঙে নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের দাবি জানায়। অন্যদিকে সংবিধানের বাইরে কোনোভাবেই যেতে নারাজ ক্ষমতাসীন আওয়ামী লীগ জোট। দুই দফা সংলাপ ব্যর্থ হওয়ার পর, ফের আলোচনার আশা রেখে তফসিল পেছানোর আহ্বান ছিল ঐক্যফ্রন্টের; কিন্তু ক্ষমতাসীন দলের সমর্থন পাওয়ার পর তফসিল ঘোষণার পথেই হাঁটেন ইসি। তফসিল ঘোষণা করে সরকারবিরোধী জোটকে আশ্বস্ত করে সিইসি বলেন, নির্বাচনে সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করা হবে।

প্রধানমন্ত্রীর সংলাপ চলার মধ্যেই গুরুত্বপূর্ণ রাজনৈতিক দলগুলোর সঙ্গে নিজেদের বৈঠকের প্রেক্ষাপটে সিইসি দাবি করেন সার্বিকভাবে দেশে ভোটের অনুকূল আবহ সৃষ্টি হয়েছে। সহিংসতা ও বর্জনের মধ্যে দশম সংসদ নির্বাচন অনুষ্ঠিত হওয়ার প্রেক্ষাপটে একাদশ সংসদ নির্বাচনে ভোটের প্রতিদ্বন্দ্বিতা যেন প্রতিহিংসা ও সহিংসতায় পরিণত না হয়, সে দিকে দৃষ্টি দিতে সব রাজনৈতিক দলের প্রতি আহ্বান জানান সিইসি নূরুল হুদা এবং বহুল আলোচিত ইলেকট্রনিক ভোটিং মেশিনের (ইভিএম) ব্যবহারের কথাও উলেখ্য করেন সিইসি। ক্ষমতাসীন আওয়ামী লীগ ইভিএমের পক্ষে অবস্থান জানালেও তার ঘোর বিরোধিতা করে বিএনপিসহ জাতীয় ঐক্যফ্রন্ট।

তিনি জাতিকে একটি অংশগ্রহণমূলক নির্বাচন উপহার দেয়ার প্রত্যাশা ব্যক্ত করেন। দলমত নির্বিশেষে সবার ভোটাধিকার প্রয়োগ ও নির্বিঘ্নে বাড়ি ফেরার আশ্বাস দিয়ে সিইসি বলেন, "নির্বাচনী প্রচারণায় সকল প্রার্থী ও রাজনৈতিক দলের সমান সুযোগ নিশ্চিত করার লক্ষ্যে অভিন্ন আচরণ ও "নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড" নিশ্চিত করার সকল পদক্ষেপ নেওয়া হয়েছে এবং বিভিন্ন রাজনৈতিক নেতাদের দাবির প্রেক্ষাপটে নির্বাচন ২৩ ডিসেম্বরের পরিবর্তে ৩০ ডিসেম্বর ধার্য করে নির্বাচন কমিশন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটার ও ভোট কেন্দ্র:

জাতীয় সংসদের ৩৫০টি আসনের বিপরীতে ৩০০ জন সাংসদ সরাসরি জনগণের ভোটে নির্বাচিত হন। ৫০টি আসন নারীদের জন্য সংরক্ষিত থাকে। সংসদের ৩০০টি আসনের মধ্যে অর্ধেকের বেশি অর্থাৎ ১৫১টি বা তার বেশি আসনে যে দল জয়ী হন তারাই সরকার গঠন করেন। জোটগতভাবেও ১৫০টির বেশি আসন নিয়ে সরকার গঠিত হতে পারে। নির্বাচিত প্রতিনিধিগণ পাঁচ বছরের জন্য নির্বাচিত হন। ৩০শে ডিসেম্বর ৩০০ আসনে নির্বাচন অনুষ্ঠানের তারিখ ঠিক হলেও ২৯৯টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হয়। গাইবান্ধা-৩ আসনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয় ২৭শে জানুয়ারি ২০১৯ তারিখ।

৩০০ আসনে সংসদ সদস্য নির্বাচনে এবার ভোট ছিল ১০ কোটি ৪১ লাখ ৯০ হাজার ৪৮০ ভোটার। এরমধ্যে পুরুষ ৫ কাটি ২৫ লাখ ৪৭ হাজার ৩২৯ জন ও নারী ৫ কোটি ১৬ লাখ ৪৩ হাজার ১৫১ জন। সর্বশেষ দশম সংসদ নির্বাচনে ভোটার ছিল ৯ কোটি ১৯ লাখ ৪৬ হাজার ২৯০ জন। এতে ভোট কেন্দ্র ছিল ৩৭,৭১১টি; যাতে ভোটকক্ষ ১ লাখ ৭৯ হাজার ৫৩টি।

সিইসি জানান, নির্বাচনী এলাকাভিত্তিক ভোটার তালিকা চূড়ান্ত করা হয়েছে। প্রায় ৪০ হাজার ভোট কেন্দ্রের বাছাই কাজ সম্পন্ন হয়েছে। এবার সম্ভাব্য ভোট কেন্দ্র ৪০ হাজার ১৯৯টি। এতে ভোট কক্ষ থাকবে ২ লাখ ৬ হাজারেরও বেশি। প্রতিটি কেন্দ্রে গড়ে ৫টি করে

ভোট কক্ষ থাকে। ভোটের ১৫দিন আগে কেন্দ্রের গেজেট প্রকাশ করে ইসি। এই প্রথম নির্বাচনী এজেন্টগণের প্রশিক্ষণ এবং ফলাফল হাতে না নিয়ে পোলিং এজেন্টগণকে কেন্দ্র না ছাড়ার নির্দেশও প্রদান করা হয়। সিইসি আরো জানান, নির্বাচন পরিচালনার জন্য বিভিন্ন পর্যায়ের প্রায় ৭ লাখ কর্মকর্তা নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিচারিক ক্ষমতা:

সারা দেশে ১ হাজার ৩২৮ জন নির্বাহী হাকিম এবং ৬৪০ জন বিচারিক হাকিম আইনশৃঙ্খলা বাহিনীর সঙ্গে যুক্ত থেকে কাজ করেন। কোন অপরাধ সংগঠিত হলে তাৎক্ষণিক ভাবে বিচার করে শাস্তি দিতে পারবেন তারা। এছাড়াও ১২২টি নির্বাচনী তদন্ত কমিটির ২৪৪ জন সদস্য নানান অভিযোগ খতিয়ে দেখতে কাজ করবেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিভিন্ন উচ্চ পদস্থ কর্মকর্তা:

জেলা পর্যায়ে ৬৬ জন রিটার্নিং অফিসার এবং উপজেলা পর্যায়ে ৫৮২ জন সহকারী রিটার্নিং অফিসার। তাদের অধীনে ২ লাখ ৭ হাজার ৩১২ জন সহকারী প্রিসাইডিং অফিসার এবং ৪ লাখ ৬২৪ জন পোলিং অফিসার ভোট গ্রহণের সময় যুক্ত থেকে দায়িত্ব পালন করেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরাপত্তায় যুক্ত যারা :

পুলিশ, র‍্যাব, সেনাবাহিনী, বিজিবি, আনসার, গ্রাম পুলিশ সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মোট ৬ লাখ ৮ হাজার সদস্য নিরাপত্তা নিশ্চিত করতে দায়িত্ব পালন করেন। এর মধ্যে পুলিশ (১ লাখ ২১ হাজার), আনসার (৪ লাখ ৪৬ হাজার), গ্রাম পুলিশ (৪১ হাজার), র‍্যাব (১৮ হাজার), বিজিবি (২৯ হাজার ৪৯০), সেনা সদস্য (১২ হাজার ৪২০), নৌবাহিনী (১ হাজার ৪৪০), কোস্টগার্ড (১ হাজার ২৬০) দায়িত্ব পালন করেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশি-বিদেশী পর্যবেক্ষক:

৮১টি দেশি পর্যবেক্ষক সংস্থার ২৫ হাজার ৯০০ জন প্রতিনিধি, ৩৮ জন (ফেমবোসা, এএইএ, ওআইসি ও কমনওয়েল্থ থেকে আমন্ত্রিত) বিদেশি পর্যবেক্ষক । এছাড়া বিভিন্ন বিদেশি মিশনের ৬৪ জন কর্মকর্তা ভোট পর্যবেক্ষণে থাকেন। দূতাবাস ও বিদেশী সংস্থায় কর্মরত আরও ৬১ জন বাংলাদেশিও নজর রাখেন জাতীয় নির্বাচনের দিকে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের খরচ :

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের বিভিন্ন খাত ও আইন শৃঙ্খলা রক্ষায় ৭০০ কোটি টাকার বাজেট অনুমোদন করে নির্বাচন কমিশন।

জোট রাজনীতির শুরু :

বাংলাদেশে গত দুই দশক ধরে বড় রাজনৈতিক দলগুলোর জোটবদ্ধ ভাবে নির্বাচনে অংশগ্রহণের বিষয়টি গুরুত্বপূর্ণ হয়ে উঠলেও বাংলাদেশের (পূর্ব পাকিস্তান সময়ে) ইতিহাসে প্রথম জোটের রাজনীতির সূচনা হয় ১৯৫৪ সালে। ওই নির্বাচনে শেরে বাংলা এ কে ফজলুল হক, মাওলানা ভাসানী ও হোসেন শহীদ সোহরাওয়ার্দীর যুক্তফ্রন্ট পাকিস্তানের ক্ষমতাসীন মুসলিম লীগের বিরুদ্ধে অংশ নিয়ে বিপুল ব্যবধানে জয় পায়। এরপর ১৯৭০ সালের নির্বাচনে কোনো জোট না হলেও বাংলাদেশের স্বাধীনতার প্রশ্নে একাট্টা জনগণ আওয়ামী লীগকে বিজয়ী করে।

স্বাধীনতার পর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে সরকার গঠিত হয়। ১৯৭২ সালের ২৯ ডিসেম্বর মাওলানা ভাসানীকে সভাপতি করে সরকার বিরোধী সর্বদলীয় সংগ্রাম কমিটি গঠন করা হয়। এটিই স্বাধীনতা পরবর্তী প্রথম জোট। ১৫ দফা ভিত্তিক এই জোটের অংশীদার ছিল ন্যাশনাল আওয়ামী পার্টি (ন্যাপ-ভাসানী), বাংলাদেশ জাতীয় লীগ, বাংলাদেশ কমিউনিস্ট ইউনিয়ন, বাংলাদেশ সোশ্যালিস্ট পার্টি, বাংলাদেশ কমিউনিস্ট পার্টি (লেলিনবাদী), শ্রমিক কৃষক সমাজবাদী দল ও বাংলা জাতীয় লীগ। তাদের দাবি ছিল বঙ্গবন্ধু সরকারের পদত্যাগ, গণতান্ত্রিক পরিবেশ প্রতিষ্ঠা এবং সর্বদলীয় সরকার গঠন। এই জোট বেশি দিন স্থায়ী হয়নি। সে সময় জাসদের প্রতিষ্ঠা ও সরকার বিরোধী আন্দোলনের উত্তাপে এই জোটটি দুর্বল হয়ে পড়ে।

১৯৭৩ সালের ৭ মার্চ অনুষ্ঠিত নির্বাচনের আগে ভাসানীর নেতৃত্বে আরেকটি জোট হয় এবং ভোটের পর ১৯৭৩ সালের ২২ মে ৩ দফা দাবিতে ভাসানীর সমর্থনে সাতদলীয় জোট গঠন করা হয়। জোটে ছিল জাসদ, ন্যাপ ভাসানী, বাংলা জাতীয় লীগ, বাংলার কমিউনিস্ট পার্টি, শ্রমিক কৃষক সমাজবাদী দল, বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (লেলিনবাদি) ও বাংলাদেশ জাতীয় লীগ।

এছাড়াও ১৯৭৩ সালের ২০ এপ্রিল ১১টি সংগঠন নিয়ে সিরাজ সিকদারের নেতৃত্বে গঠিত হয় জাতীয় মুক্তিফ্রন্ট। রাজনৈতিক নানা বিরোধিতার ভেতরে ১৯৭৩ সালের নির্বাচনের পর সরকারি দলের সঙ্গে ন্যাপ (মোজাফ্ফর) ও সিপিবির মধ্যে সমঝোতা তৈরি হয়। ১৪ অক্টোবর গঠিত হয় গণঐক্যজোট। এরপরে ১৯৭৪ সালে ১৪ এপ্রিল ভাসানীকে চেয়ারম্যান করে আরেকটি জোট 'সর্বদলীয় যুক্তফ্রন্ট' গঠন করা হয়।

পঁচাত্তর পরবর্তী রাজনৈতিক জোট:

পঁচাত্তরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে হত্যার পর থেকে রাজনৈতিক মেরুকরণ হয় নতুন করে। ক্ষমতার দৃশ্যপটে জিয়াউর রহমান নেপথ্যে থেকে গঠন করেন জাগদল। পরে এই জাগদল, মুসলিম লীগ (শাহ আজিজ), ন্যাপ ভাসানী, ইউনাইটেড পিপলস পার্টি-ইউপিপি, বাংলাদেশ লেবার পার্টি ও বাংলাদেশ তফসিল জাতি ফেডারেশনের সমন্বয়ে গঠন করেন জাতীয়তাবাদী ফ্রন্ট। জোটের চেয়ারম্যান হন জিয়াউর রহমান । অন্যদিকে আওয়ামী লীগ, সিপিবি, জাতীয় জনতা পার্টি, ন্যাপ (মোজাফফর), গণআজাদি লীগ ও পিপলস পার্টির সমন্বয়ে গঠিত হয় গণতান্ত্রিক ঐক্যজোট। ১৯৭৮ সালের ৩ জুন রাষ্ট্রপতি নির্বাচনে জিয়াউর রহমান অংশ নেন জাতীয়তাবাদী ফ্রন্ট থেকে। আর গণতান্ত্রিক জোট থেকে অংশ নেন এম এ জি ওসমানী।

রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার পর জাতীয়তাবাদী ফ্রন্টকে বিলুপ্ত করে জিয়াউর রহমান গঠন করেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)। এরপর সংসদ নির্বাচনকে ঘিরে ক্ষমতাসীন দল ও বিরোধীদের মধ্যে ঘটে নতুন নতুন মেরুকরণ। ওই বছরের শেষ দিকে সরকারবিরোধী আন্দোলন করতে মোহাম্মদ তোয়াহার নেতৃত্বে পাঁচটি বাম দলের সমন্বয়ে একটি জোট গঠন করা হয়। ৮০ সালের শেষ দিকে আওয়ামী লীগের নেতৃত্বে গঠিত ১০ দলীয় জোট। এই জোট সরকারবিরোধী আন্দোলনে থাকলেও তেমন প্রভাব ফেলতে পারেনি।

১৯৮১ সালের ৩০ মে জিয়াউর রহমান নিহত হওয়ার পর তাঁর আমলে গড়ে ওঠা সরকারবিরোধী ১০-দলীয় জোট রাষ্ট্রপতি নির্বাচনে একক প্রার্থী মনোনয়ন দেওয়ার চেষ্টা করে। শেষ পর্যন্ত তা ভেস্তে যায়। জোটভুক্ত দলগুলো আলাদা আলাদাভাবে নির্বাচনে অংশ নেয়। আওয়ামী লীগের প্রার্থী ছিলেন ড. কামাল হোসেন। আওয়ামী লীগ (মিজান), বাসদ, মজদুর পার্টি ও জাতীয় জনতা পার্টি মিলে নাগরিক কমিটি নামে জোট গঠন করে এম এ জি ওসমানীকে রাষ্ট্রপতি প্রার্থী করে। ন্যাপ (মোজাফফর), ন্যাপ (হারুণ) ও সিপিবির সমন্বয়ে গঠিত প্রগতিশীল গণতান্ত্রিক শিবির মোজাফফর আহমদকে প্রার্থী করে। জাসদ, শ্রমিক কৃষক সমাজবাদী দল ও ওয়ার্কার্স পার্টির সমন্বয়ে গঠিত ত্রিদলীয় জোট প্রার্থী করে মেজর এম এ জলিলকে।

ইসলামিক রিপাবলিকান পার্টি, জমিয়তে ওলামায়ে ইসলাম ও বাংলাদেশ জাস্টিস পার্টির সমন্বয়ে গঠিত ওলামা ফ্রন্টের প্রার্থী হন মোহাম্মদ উলাহ হাফেজ্জী । নির্বাচনে ৬৫ দশমিক ৮ শতাংশ ভোট পেয়ে নির্বাচিত হন বিচারপতি সাত্তার। ড. কামাল হোসেন পান ২৬ দশমিক ৩৫ শতাংশ ভোট।

স্বৈর-শাসনামলের জোট :

১৯৮২ সালের ২৪ মার্চ দেশের ক্ষমতা গ্রহণ করেন হুসেইন মুহম্মদ এরশাদ। এরশাদের স্বৈরশাসনের বিরুদ্ধে ১৯৮৩ সালে জোট রাজনীতিতে নানা মেরুকরণ ঘটে। আওয়ামী লীগ ও সমমনা দলগুলোর সমন্বয়ে গঠিত হয় ১৫দলীয় জোট এবং বিএনপির নেতৃত্বে গঠিত হয় ৭-দলীয় জোট।

আওয়ামী লীগ এর নেতৃত্বে গঠিত ১৫দলীয় জোটের শরিক দলগুলো ছিল আওয়ামী লীগ, আওয়ামী লীগ (মিজান), আওয়ামী লীগ (ফরিদ গাজী), জাসদ, বাসদ, গণআজাদী লীগ, ওয়ার্কার্স পার্টি, ন্যাপ (হারুণ), ন্যাপ (মোজাফফর), সিপিবি, সাম্যবাদী দল (তোয়াহা), সাম্যবাদী দল (নগেন), জাতীয় একতা পার্টি, শ্রমিক কৃষক সমাজবাদী দল ও জাতীয় মজদুর পার্টি। আওয়ামী লীগ ভেঙে বাকশাল গঠন, মিজান চৌধুরীর জোট ত্যাগ, বাসদ-ওয়ার্কার্স পার্টিতে ভাঙন, সাম্যবাদী দলের দুই অংশের এক হওয়া, দুই ন্যাপ ও একতা পার্টির এক হওয়ার কারণে এই জোটে দলের সংখ্যা কখনো বেড়েছে কখনো কমেছে।

বিএনপির নেতৃত্বে গঠিত ৭-দলীয় জোটের অন্তর্ভুক্ত ছিল বিএনপি, ইউপিপি, গণতান্ত্রিক পার্টি, বাংলাদেশ জাতীয় লীগ, ন্যাপ (নুরু) কৃষক শ্রমিক পার্টি ও বিপ্লবী কমিউনিস্ট লীগ। এই জোটেও ভাঙন ছিল। ফলে জোটে দলের সংখ্যা কমেছে- বেড়েছে।

শুরু থেকে দুই জোট যুগপৎ আন্দোলনে যায়। পাঁচ দফা দাবি আদায়ের লক্ষ্যে ১৯৮৪ সালের ১৪ অক্টোবর ঢাকায় জাতীয় গণসমাবেশের ঘোষণা দেয় দুই জোট ও জামায়াত। দুই জোট সামরিক আইন প্রত্যাহার ও নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচনের দাবি জানায়। ১৯৮৬ সালের ৭ মে সংসদ নির্বাচনের তারিখ নির্ধারণ করা হয়। নির্বাচনে অংশ নেওয়া নিয়ে ১৫ দলে ভাঙন দেখা দেয়। আওয়ামী লীগের নেতৃত্বে ৮ দল নির্বাচনে অংশ নেয়। এর প্রতিবাদে জোট থেকে বেরিয়ে যায় সাতটি দল। হাসানুল হক ইনুর জাসদ, মেননের ওয়ার্কার্স পার্টিসহ কয়েকটি বাম দল মিলে পাঁচদলীয় জোট গঠন করে। আর বিএনপির নেতৃত্বাধীন সাতদলীয় জোটও নির্বাচন বর্জন করে।

এরপর আওয়ামী লীগ জোট, বিএনপি জোট, বাম জোট ও জামায়াত মিলে ১৯৮৭ সালের ১০ নভেম্বর এরশাদের পদত্যাগের এক দফা দাবিতে অবরোধ কর্মসূচি পালন করে। ওই দিন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর গুলিতে ছয়জন নিহত হন। পরদিন শেখ হাসিনা ও খালেদা জিয়াকে গৃহবন্দী করা হয়।

১৯৮৮ সালের ২৮ ফেব্রুয়ারি সংসদ নির্বাচনের তারিখ নির্ধারণ করা হলেও বিরোধী জোটগুলোর আন্দোলনের মুখে ৩ মার্চ নতুন তারিখ নির্ধারণ করা হয়। তিন জোটসহ বিরোধী দলগুলো নির্বাচন বয়কটের সিদ্ধান্ত নেয়। তখন সরকার কৌশল করে আ স ম আবদুর রবের নেতৃত্বে নামসর্বস্ব দলের সমন্বয়ে ১৪০ দলের সম্মিলিত বিরোধী দল (কপ) গঠনে সহায়তা করে। এই জোট পরিচিতি লাভ করে গৃহপালিত বিরোধী দল হিসেবে।

১৯৯০ সালের জুলাইয়ের শেষ দিকে আবারও তৎপর হয়ে ওঠে বিরোধী জোটগুলো। ১০ অক্টোবর সচিবালয় ঘেরাও কর্মসূচিতে পুলিশি হামলায় ছয়জন নিহত হওয়ার পর ছাত্র সংগঠনগুলো তৎপর হয়ে ওঠে। ২২টি ছাত্রসংগঠনের সমন্বয়ে গঠিত হয় সর্বদলীয় ছাত্র ঐক্য। ছাত্র আন্দোলনের চাপে একসঙ্গে বসতে বাধ্য হয় প্রধান রাজনৈতিক দল ও জোটগুলো। ১৯ নভেম্বর তিন জোট এরশাদের ক্ষমতা হস্তান্তরের জন্য রূপরেখা ঘোষণা করে। এরই ধারাবাহিকতায় ৬ ডিসেম্বর পদত্যাগে বাধ্য হন সামরিক স্বৈরাচার এরশাদ।

খালেদা জিয়া'র প্রথম মেয়াদের জোট:

এরশাদের পতনের পর তত্ত্বাবধায়ক সরকারের অধীনে ১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারির নির্বাচনের আগেই এরশাদ বিরোধী আন্দোলনে গড়ে ওঠা জোট বা ঐক্য অনেকটাই অকার্যকর হয়ে পড়ে। আওয়ামী লীগের নেতৃত্বাধীন আটদলীয় জোটের শরিকেরা জোটবদ্ধ নির্বাচন করার চেষ্টা করলেও আসন ভাগাভাগির প্রশ্নে একমত হতে পারেনি। পরে আওয়ামী লীগ বাদে আটদলীয় জোটের অন্য শরিকেরা এবং পাঁচদলীয় বাম জোটের সমন্বয়ে গঠন করা হয় গণতান্ত্রিক ঐক্যজোট। এ সময় আওয়ামী লীগ দলীয়ভাবে প্রার্থী মনোনয়ন দিলেও একক পর্যায়ে পাঁচটি দলকে ৩৬টি আসন ছেড়ে দেয়। এ কারণে গণতান্ত্রিক ঐক্যজোটের ভেতরেও দেখা দেয় ভিন্ন প্রতিক্রিয়া। অনেক আসনে এই জোটের প্রার্থীরা আটদলীয় জোটের প্রার্থী হয়েছেন, কোথাও গণতান্ত্রিক ঐক্যজোটের প্রার্থী আবার কোথাও দলীয় প্রার্থী হিসেবে নির্বাচন করেন।

অন্যদিকে, বিএনপি জামায়াতের সঙ্গে ৬৮ আসন ছাড়তে রাজি হয়। জামায়াত এই সমঝোতাকে আনুষ্ঠানিক রূপ দিত চাইলেও রাজি হয়নি। ওই সময় ধর্মভিত্তিক দলগুলোর সমন্বয়ে ইসলামী ঐক্যজোট নামে আরেকটি জোট হয়। নির্বাচনে বিএনপি ১৪০ আসন পেয়ে সংখ্যাগরিষ্ঠতা পায়। আওয়ামী লীগ ৮৮, জাতীয় পার্টি ৩৫, জামায়াত ১৮, বাকশাল ৫, সিপিবি ৫, অন্যান্য দল ৬ এবং স্বতন্ত্র প্রার্থীরা পান ৩টি আসন। এই সময়ে সিপিবি, ওয়ার্কার্স পার্টি, বাসদ (খালেক), জাসদ (ইনু), বাসদ (মাহবুব), শ্রমিক কৃষক সমাজবাদী দল, সাম্যবাদী দল ও ঐক্য প্রক্রিয়া মিলে গঠন করে বাম গণতান্ত্রিক ফ্রন্ট। তারাও আওয়ামী লীগ, জাতীয় পার্টি ও জামায়াতের মতো তত্ত্বাবধায়ক আন্দোলনে শামিল হয়।

শেখ হাসিনা'র প্রথম মেয়াদের জোট:

১৯৯৭ সালের ২ ডিসেম্বর পার্বত্য শান্তি চুক্তির পর বিএনপি, জামায়াত ও সরকারের অংশীদার জাতীয় পার্টি সরকারের সমালোচনামুখর হয়ে ওঠে। আন্দোলনে নামে। জাতীয় পার্টি সরকারের তিন বছর যাওয়ার আগেই সরকারের ওপর থেকে সমর্থন প্রত্যাহার করে নেয়। জোট বাঁধে বিএনপির সঙ্গে। অবশ্য দলের মহাসচিব আনোয়ার হোসেন মঞ্জুর নেতৃত্বে দলে ভাঙন তৈরি হয় এবং তিনি সরকারের সঙ্গেই থেকে যান। সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলতে ১৯৯৯ সালে গড়ে ওঠে চারদলীয় জোট। বিএনপির নেতৃত্বাধীন এ জোটে যোগ দেন এরশাদের জাতীয় পার্টি, জামায়াত ও ইসলামী ঐক্যজোট। ৬ জানুয়ারি বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া, জাতীয় পার্টির চেয়ারম্যান এইচ এম এরশাদ, জামায়াতের আমির গোলাম আযম ও ইসলামী ঐক্যজোটের চেয়ারম্যান ফজলুল হক আমিনী সংবাদ সম্মেলনের মাধ্যমে তা ঘোষণা করেন। অবশ্য এরশাদ এই জোটে বেশি দিন থাকতে পারেননি। তাঁকে জোট ছাড়তে হয়। সে সময় তাঁর দলে আবারও ভাঙন ধরে। নাজিউর রহমান মঞ্জুর নেতৃত্বে একটি অংশ চারদলীয় জোটের অংশ হয়ে থেকে যায়। পরে এরশাদ ইসলামপন্থী কয়েকটি দল নিয়ে গঠন করেন ইসলামী জাতীয় ঐক্যফ্রন্ট।

আওয়ামী লীগের আমলে চারদলীয় জোট সক্রিয় ছিল নির্বাচন পর্যন্ত। আওয়ামী লীগ নির্বাচন করেছে এককভাবে। আর বিএনপি করেছে জোটবদ্ধভাবে এরশাদ করেছেন ইসলামী জাতীয় ঐক্যফ্রন্টের ব্যানারে। নির্বাচনে বিএনপি ও চারদলীয় জোট নিরঙ্কুশ বিজয় পায়।

বিএনপি-জামায়াত সরকারের সময়ের জোট:

২০০১ সালে নির্বাচনে বড় জয়ের পর সরকার গঠন করে চারদলীয় জোট। যুদ্ধাপরাধে অভিযুক্ত জামায়াতের দুই শীর্ষ নেতা (রাজাকার হিসাবে বাংলাদেশ সরকার তাদের বিচারের মাধ্যমে ফাসি দিয়েছেন) মন্ত্রিসভায় স্থান পেলেও অন্য দুই দল থেকে কেউই স্থান পাননি। ইসলামী ঐক্যজোট থেকে আল্লামা আজিজুল হককে মন্ত্রী করার আলোচনা এলেও জোটের আরেক নেতা ফজলুল হক আমিনীর দ্বন্দ্বে তা ভন্ডুল হয়ে যায়। এই দ্বন্দ্বের জের হিসেবে জোট থেকে বেরিয়ে যান আজিজুল হক।

চারদলীয় জোটের শাসনের শেষ দিকে উলেখযোগ্য জোট ছিল ১১ দলীয় বাম জোট। জোটের অংশীদার ছিল সিপিবি, ওয়ার্কার্স পার্টি, গণফোরাম, সাম্যবাদী দল, বাসদ (খালেক), বাসদ (মাহবুব), গণতন্ত্রী পার্টি, গণআজাদী লীগ, কমিউনিস্ট কেন্দ্র, গণতান্ত্রিক মজদুর পার্টি ও শ্রমিক কৃষক সমাজবাদী দল।

২০০৫ সালে এই জোটের সঙ্গে আওয়ামী লীগের ঐক্য প্রক্রিয়া শুরু হলে সিপিবি, বাসদের দুই অংশ এবং শ্রমিক কৃষক সমাজবাদী দল ওই জোট থেকে বেরিয়ে যায়। অন্য সাতটি দল আওয়ামী লীগের সঙ্গে জোট গঠনে এগিয়ে যায়। এদের সঙ্গে যুক্ত হয় জাসদ (ইনু) ও ন্যাপ মোজাফ্ফর। গঠিত হয় ১৪ দলীয় জোট। এই জোট বিএনপি জামায়াত জোট সরকারের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলে। এই সময় জোট রাজনীতিতে এরশাদকে নিয়ে শুরু হয় নতুন খেলা। প্রধান দুই জোটের কাছেই গুরুত্বপূর্ণ হয়ে ওঠেন এরশাদ। এরশাদ কখনো চারদলীয় জোট, কখনো ১৪ দলীয় জোটের সঙ্গে থাকার কথা বলে রাজনীতিতে নিজের অবস্থানকে গুরুত্বপূর্ণ প্রমাণের চেষ্টা করেন।

২০০৭ সালের ২২ জানুয়ারি নবম সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়। এরশাদ ও খেলাফত মজলিসকে সঙ্গে নিয়ে মহাজোট গঠন করে ১৪ দলীয় জোট। ওই সময় ড. কামাল হোসেনের গণফোরাম, মাইজভান্ডারির তরিকত ফেডারেশন এবং বি. চৌধুরীর বিকল্পধারার সমন্বয়ে গঠিত হয়েছিল জাতীয় ঐক্যফ্রন্ট। একপর্যায়ে সেখান থেকে বেরিয়ে যান মাইজভান্ডারি। ড. কামালও বেরিয়ে যান ঐক্যফ্রন্ট থেকে। সংসদ নির্বাচনের আগ মুহূর্তে তাঁরা আবারও সক্রিয় হওয়ার চেষ্টা করেন। গঠন করেন জাতীয় যুক্তফ্রন্ট। গণফোরাম ও বিকল্পধারার পাশাপাশি এ দলে ছিল ফেরদৌস আহমেদ কোরেশীর পিডিপি, জেনারেল ইব্রাহিমের কল্যাণ পার্টি ও বাংলাদেশ ফরোয়ার্ড পার্টি।

আওয়ামী লীগ মহাজোট গঠন করে নির্বাচনে অংশ নেয়। তাদের সঙ্গী ১৪ দল, এরশাদের জাতীয় পার্টি, এলডিপি ও খেলাফত মজলিস। আর বিএনপির নেতৃত্বে চারদলীয় জোট।

২০০৮ পরর্বতী জোট :

২০০৯ সালের ৬ জানুয়ারি সরকার গঠন করেন আওয়ামী লীগের নেতৃত্বে মহাজোট নেতা শেখ হাসিনা। জোটবদ্ধভাবে বিজয়ী হলেও জাতীয় পার্টির জি এম কাদের ও সাম্যবাদী দলের দিলীপ বড়ুয়া ছাড়া কেউই মন্ত্রিসভায় স্থান পাননি। এই সময়ে বিরোধী দলগুলো সরকার বিরোধী আন্দোলনের জন্য জোট সম্প্রসারণে মনোযোগী হয়। ২০১২ সালের ১৮ এপ্রিল চারদলীয় জোট বিলুপ্ত করে ১৮ দলীয় জোট গঠনের ঘোষণা আসে। জোটের শরিক দলগুলো হলো- বিএনপি, জামায়াত, ইসলামী ঐক্যজোট, বিজেপি, খেলাফত মজলিস, জমিয়তে ওলামায়ে ইসলাম, এলডিপি, কল্যাণ পার্টি, জাগপা, এনপিপি, লেবার পার্টি, এনডিপি, বাংলাদেশ ন্যাপ মুসলিম লীগ, ইসলামিক পার্টি, ন্যাপ ভাসানী, ডেমোক্রেটিক লীগ ও পিপলস পার্টি। তারা সরকার বিরোধী আন্দোলন গড়ে তোলে।

২০১৪ সালের ৫ জানুয়ারি বিরোধী দল ও জোটের অংশগ্রহণ ছাড়াই নির্বাচন করে সরকার। সেই নির্বাচনে ১৫৩ আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন প্রার্থীরা। ২০১৪ সালের নির্বাচনে মহাজোটের সরকার গঠনের পর দেশে সরকার বিরোধী রাজনীতিতে তেমন সাফল্য দেখাতে পারেনি বিরোধী জোটগুলি। তবে ১৮ দলীয় জোট একসময় ২০ দলীয় জোটে পরিনত হয়।

সংসদে জাতীয় পার্টি বিরধী দলের ভূমিকা পালন করেন এবং রওশন এরশাদ বিরোধী দলীয় নেতার আসন গ্রহণ করেন। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই বিরোধী দলও গৃহপালিত বিরোধী দলের ভূমিকা পালন করে পুরো মেয়াদে। সরকারের মেয়াদের শেষ বছরের মধ্যেই একাদশ সংসদ নির্বাচনে প্রস্তুতি গ্রহণ করেন সরকার।

রাজনৈতিক জোট কেন গুরুত্বপূর্ণ :

১৯৯১ সালে বাংলাদেশে সংসদীয় গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার পর নির্বাচনে সবগুলো দল আলাদা নির্বাচন করলেও জামায়াতে ইসলামীর সমর্থন নিয়ে সরকার গঠন করে বিএনপি। জামায়াতের সমর্থন ছাড়া বিএনপির পক্ষে সরকার গঠন সম্ভব ছিল না। একই অবস্থা তৈরি হয়েছিল ১৯৯৬ সালে। আওয়ামী লীগ নির্বাচনে সবচেয়ে বেশি আসন পেলেও জাতীয় পার্টির সহায়তা ছাড়া সরকার গঠন সম্ভব ছিল না। দলগুলোর মধ্যে ভয় কাজ করে সব সময় যদি তারা সরকার গঠন করতে না পারে, এ রকম একটা ভয় থেকে নির্বাচনী জোটের সূচনা। ফলে ২০০১ সালে নির্বাচনী চিত্র পাল্টে যায়। জামায়াতের সাথে জোটবদ্ধ নির্বাচন করে বিএনপি। এর ফলে বিএনপি আবার সরকার গঠন কর।

২০০১ সালের নির্বাচনের পর সরকার বিরোধী আন্দোলনের সময় আওয়ামী লীগ ১৪ দলীয় জোট এবং একপর্যায়ে মহাজোট গঠন করে। আওয়ামী লীগের এই জোটে এমন রাজনৈতিক দলও এসেছে যাদের প্রতিষ্ঠা হয়েছিল আওয়ামী লীগের বিরোধিতার ভিত্তিতে। যেমন জাতীয় সমাজতান্ত্রিক দল বা জাসদ।

আওয়ামী লীগের নেতৃত্বে জোটে একমাত্র জাতীয় পার্টি ছাড়া অন্য দলগুলোর তেমন কোন ভোট ব্যাংক নেই। অপর দিকে বিএনপির নেতৃত্বে ২০ দলীয় জোটে একমাত্র জামায়াতে ইসলামী ছাড়া অন্যদের ভোটের মাঠে তেমন কোন গুরুত্ব নেই। এ জোটে অনেক দলের নামও জানেন না ভোটারেরা। বিএনপি এবং আওয়ামী লীগের নেতৃত্বে জোটে এমন অনেক দল আছে, যারা এক ব্যক্তি, এক দল হিসেবে পরিচিত। পরিবারের সদস্যদের নিয়েই এসব দল গঠন করা হয়েছে। তাদের কোন অফিস নেই কিংবা কর্মীও নেই। রাজনীতিতে এসব জোটের কোন প্রভাব নেই। উভয় পক্ষ প্রমাণ করার চেষ্টা করে যে তাদের সাথে অনেক রাজনৈতিক দল আছে। একটা জোট থাকলে দলের নেতা-কর্মীদের উপর মনস্তাত্ত্বিক প্রভাব থাকে। দু-একটা রাজনৈতিক দল আছে যাদের ভোট ব্যাংক না থাকলেও নেতাদের ব্যক্তি ইমেজ আছে। রাজনৈতিকভাবে তাদের তেমন একটা গ্রহণযোগ্যতা না থাকলেও, ব্যাক্তি ইমেজে সামাজিক কিছু গ্রহণযোগ্যতা আছে।

বড় রাজনৈতিক দলগুলো শুধু নির্বাচনী জোটের মধ্যেই সীমাবদ্ধ থাকছে না। জোটের শরীক দলগুলো থেকে সরকারের অংশীদারও করছে। ২০০১ সালে বিএনপি যেমন মন্ত্রীসভায় জামায়াতে ইসলামীকে স্থান দিয়েছিল, ২০০৮ সালের নির্বাচনের পর আওয়ামী লীগও সরকারের অংশীদার করেছে জাতীয় পার্টি, জাসদ, ওয়ার্কাস পার্টি এবং সাম্যবাদী দলকে।

একাদশ সংসদ নির্বাচন ও বিভিন্ন রাজনৈতিক জোট :

স্বাধীনতার ৪৭ বছর পর এবার একাদশ সংসদ নির্বাচনকে কেন্দ্র করে জোট রাজনীতিতে বড় ধরনের মেরুকরণ ঘটেছে। শুরুত সাবেক রাষ্ট্রপতি বদরুদ্দোজা চৌধুরীর নেতৃত্বে যুক্তফ্রন্ট এবং ড. কামাল হোসেনের নেতৃত্বে ঐক্যফ্রন্ট গঠন হয়। পরে রাষ্ট্রপতি বদরুদ্দোজা চৌধুরীর ও ড. কামাল হোসেন মিলে সরকার বিরোধী একটি জোট গঠনের প্রক্রিয়া শুরু করেন। বিএনপিসহ সরকার বিরোধী দলগুলোকে একত্র করে এই উদ্যোগ শুরু হলেও জামায়াতকে সঙ্গে নেয়া না নেয়ার প্রশ্নে জাতীয় ঐক্যফ্রন্ট থেকে বাইরে চলে যান ডা. বি. চৌধুরী। ড. কামাল হোসেনের নেতৃত্বে গঠিত জাতীয় ঐক্যফ্রন্টের দলগুলোর মধ্যে রয়েছে গণফোরাম, নাগরিক ঐক্য, জেএসডি ও কৃষক শ্রমিক জনতা লীগ এই ঐক্যে বিএনপি যোগ দেয়। এই জোটে রাজনৈতিক দলের বাইরে বিভিন্ন পেশার অনেকেই যুক্ত হন। বিএনপি একই সাথে জাতীয় ঐক্যফ্রন্ট এবং ২০ দলীয় জোটের সঙ্গেও সম্পৃক্ত থাকে অপরদিকে ২০ দলীয় জোটের অন্যতম প্রভাবশালী দল নিবন্ধন হারানো জামায়াতও থাকে। জাতীয় ঐক্যফ্রন্ট জোটগতভাবেই বিএনপির সাথে নির্বাচনে অংশ নিবার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ভোটের রাজনীতিতে আওয়ামী লীগ, বিএনপি, জাতীয় পার্টি, জামায়াত ছাড়াও সক্রিয় থাকে নিবন্ধিত ও অনিবন্ধিত মিলিয়ে ৭০টি ইসলামি দল ও সংগঠন। এর মধ্যে ২৯টি দল প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অংশ নেয় আওয়ামী লীগের সঙ্গে। ৩২টি দল অংশ নেয় জাতীয় পার্টির সঙ্গে, আর বিএনপির সঙ্গে অংশ নেয় ৫টি দল। তবে নিবন্ধিত দলগুলোর মধ্যে ২টি বিএনপি, ২টি এরশাদ ও ৬টি আওয়ামী লীগের সঙ্গে থাকে। ভোটের হিসাব নিকাশে ইসলামপন্থী দলগুলোর দিকে নজর বেশি সরকার ও সরকারের মিত্র জাতীয় পার্টির। তা ছাড়া কওমি মাদ্রাসা ভিত্তিক সংগঠন হেফাজতে ইসলামের শীর্ষ নেতৃত্বের সঙ্গেও সরকারের সখ্যা গড়ে ওঠে।

সেপ্টেম্বরে ১৫টি দল নিয়ে সরকারের সমর্থনে ইসলামিক ডেমোক্রেটিক অ্যালায়েন্স (আইডিএ) নামের আরেকটি জোটের আত্মপ্রকাশ হয়, এর চেয়ারম্যান বাংলাদেশ ইসলামী ঐক্য জোটের চেয়ারম্যান মিছবাহুর রহমান চৌধুরী। ৩ নভেম্বর সরকারের সমর্থনে সম্মিলিত ইসলামী জোট নামে নতুন একটি জোটের আত্মপ্রকাশ হয়, এই জোটের শরিক দল আটটি, জোটের চেয়ারম্যান মাওলানা জাফরুল্লাহ খান । নির্বাচন সামনে রেখে জাতীয় পার্টির চেয়ারম্যান এইচ এম এরশাদ 'সম্মিলিত ইসলামী মহাজোট' নামে একটি ৩৪-দলীয় মোর্চার সঙ্গে জোট করেন। এই জোটের দুটি দলের নির্বাচন কমিশনের নিবন্ধন আছে। বাকি দলগুলো অপরিচিত ও নিবন্ধনহীন।

ধর্মভিত্তিক দলগুলোর মধ্যে জামায়াতে ইসলামী, ইসলামী আন্দোলন (চরমোনাই পীর) ও ইসলামী ঐক্যজোট (আমিনী) ভোটের রাজনীতিতে গুরুত্বপূর্ণ। এবার ইসলামী ঐক্যজোটের প্রধান অংশ বিএনপির সঙ্গে নেই। জামায়াত যুদ্ধাপরাধের অভিযোগে নিবন্ধন ও প্রতীক হারিয়েছে, তবুও জামায়াত বিএনপির সঙ্গে জোটগতভাবেই নির্বাচন করার চেষ্টা করে। ইসলামী আন্দোলন স্বতন্ত্র অবস্থান নেয়। অপরদিকে চরমোনাই পীরের দল ইসলামী আন্দোলন ও বাংলাদেশ খেলাফত আন্দোলন (আতাউলাহ) কোনো জোটের দিকে যায়নি।

১৮ জুলাই, ২০১৮ রাজধানীর পল্টনে মুক্তি ভবনে বাম জোটের অস্থায়ী কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে বাম জোট গঠনের ঘোষণা দেওয়া হয়। আটটি বামপন্থী দলের সমন্বয়ে এই জোট গঠিত হয়। দলগুলো- বাংলাদেশের কমিউনিস্ট পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল, বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (মার্কসবাদী), গণসংহতি আন্দোলন, বাংলাদেশের ইউনাইটেড কমিউনিস্ট লীগ, গণতান্ত্রিক বিপ্লবী পার্টি, বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলন।

অপরদিকে আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দলীয় মহাজোটের সাথে নির্বাচনের আগে এসে যোগ দেন সাবেক রাষ্ট্রপতি ডা. একিউএম বদরুদ্দোজা চৌধুরীর নেতৃত্বে গঠিত যুক্তফ্রন্ট জোট, এই জোটে বিকল্পধারাসহ ৪ টি দলের কথাও প্রকাশ হয়। ব্যারিস্টার নাজমুল হুদার নেতৃত্বে বাংলাদেশ ন্যাশনাল এলায়েন্স (বিএনএ)নামের একটি জোট যুক্ত হয় আওয়ামী লীগের সাথে, এই জোটে তৃনমুল বিএনপিসহ নাম সর্বস্ব ৯ টি দলের কথা গনমাধ্যমে আসে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণকারী দল ও প্রার্থী :

নির্বাচন কমিশনের তথ্যানুযায়ী, একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৩৯টি নিবন্ধিত রাজনৈতিক দলের মোট ১ হাজার ৭৩৩ জন ও সতন্ত্র প্রার্থী ১২৮ জন প্রার্থী ।

আওয়ামী লীগ ও তার মিত্ররা-

ক্ষমতাসীন আওয়ামী লীগের প্রার্থী হচ্ছেন মোট ২৫৮ জন। এর বাইরে আওয়ামী লীগের চিরাচরিত নৌকা প্রতীক নিয়ে নির্বাচন করেন ১৪ জন। তার মধ্যে আছেন ওয়ার্কার্স পার্টির ৫ জন, জাসদ (ইনু)-র ৩ জন, তরিকত ফেডারেশন ২ জন, যুক্তফ্রন্ট-বিকল্পধারার ৩ জন, এবং জাসদ (বাদল)-এর ১ জন। আওয়ামী লীগ-নেতৃত্বাধীন মহাজোটের প্রার্থী হিসেবে ২৯ টি আসনে নির্বাচন করেন হুসেইন মুহম্মদ এরশাদের জাতীয় পার্টি। তারা লাঙ্গল প্রতীক নিয়েই নির্বাচন করেন কিন্তু মহাজোটের সব দলের সমর্থন । এ আসন গুলোতে নৌকা প্রতীকে কোন প্রার্থী থাকে না। এর বাইরেও ১৩২টি আসনে জাতীয় পার্টির প্রার্থীরা নির্বাচন করেন বলে এসব আসন সবার জন্য উন্মুক্ত রাখা হয় । আওয়ামী লীগের আরেক মিত্র আনোয়ার হোসেন মঞ্জুর জেপির দুজন প্রার্থী বাইসাইকেল প্রতীক নিয়ে নির্বাচন করেন।

বিএনপি ও তার মিত্ররা-

বিগত দশম জাতীয় সংসদ নির্বাচন বর্জনকারী প্রধান বিরোদীদল বিএনপি তাদের চেয়ার পার্সন খালেদা জিয়া কারাবন্দী থাকা অবস্থায় নির্বাচন করেছে এইবার। বিএনপির প্রার্থীরা ২৪২টি আসনে ধানের শীষ প্রতীক নিয়ে নির্বাচন করেছে। বিএনপি তাদের ২০ দলীয় ঐক্যজোটের শরিক জামায়াতে ইসলামীকে ২২টি ধানের শীষ প্রতিকে এবং ৩ জন প্রার্থীকে সতন্ত্র হিসেবে নির্বাচন করতে দেন, এবং অন্য শরিকগুলোকে ১৭টি আসনে তাদের চিরাচরিত প্রতীক ধানের শীষ নিয়ে নির্বাচন করতে দেয় । এ ছাড়া ধানের শীষ প্রতীক নিয়ে ১৯টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করে ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন ঐক্যফ্রন্ট। মামলায় কারাদন্ডের কারণে এবার নির্বাচন করতে পারেনি বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া।

বাম গণতান্ত্রিক জোট ও তাদের শরিক-

আলাদা আলাদা ভাবে দলীয় প্রার্থী দিয়ে ছিলো গণতান্ত্রিক বাম জোটের শরিক দলগুলো। এর মধ্যে নির্বাচন কমিশনের নিবন্ধন থাকা তিন শরিক দল স্ব স্ব নির্বাচনী প্রতীকে ভোটের মাঠে থাকে। বাকি পাঁচ দল এই তিন শরিকের প্রতীক নিয়ে লড়ে। গণতান্ত্রিক বাম জোটের অন্যতম প্রধান শরিক বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) ৮৩ আসনে প্রার্থী দিয়েছে। দলীয় প্রতীক 'কাস্তে' নিয়ে নির্বাচন করেন। তবে নিবন্ধন না থাকা জোট শরিক বাংলাদেশের সমাজতান্ত্রিক আন্দোলন ও ইউনাইটেড কমিউনিস্ট লীগও কাস্তে নিয়ে নির্বাচনের অংশ গ্রহণ করেন। এছাড়া বাম জোটের ঐক্য ন্যাপ ও গণমুক্তি ইউনিয়নও সিপিবি'র প্রতীকে নির্বাচন করেন।

বাংলাদেশের সমাজতান্ত্রিক দলের (বাসদ) ৬০টি আসনের প্রার্থীরা দলীয় প্রতীক 'মই' নিয়ে নির্বাচন করেন। দলীয় প্রতীক 'কোদাল' নিয়ে বিপ্লবী ওয়ার্কার্স পার্টির ১৫ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। গণসংহতি আন্দোলন এর নিবন্ধন না থাকায় এই দলের প্রার্থী কোদাল প্রতীকে নির্বাচন করেন। গণতান্ত্রিক বিপ্লবী পার্টি নিবন্ধনহীন এই দলটি কোদাল প্রতীকে নির্বাচন করেন। এছাড়া অন্য তিন শরিক বাসদ (মার্কসবাদী), ইউনাইটেড কমিউনিস্ট লীগ এবং সমাজতান্ত্রিক আন্দোলনও নির্বাচনে অংশ গ্রহণ করেন। বামজোটের তালিকায় দেখা গেছে, সিপিবির কাস্তে প্রতীকে ৭৪ জন, বাসদের মই প্রতীকে ৪৫ জন ও বিপবী ওয়ার্কার্স পার্টির কোদাল প্রতীকে ২৮ জন প্রতিদ্বন্দ্বিতা করেন।

নির্বাচনে অংশ নেওয়া দল ও তাদের প্রতীক:

১. বাংলাদেশ আওয়ামী লীগ- নৌকা
২. বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি)- কাস্তে
৩. বাংলাদেশের সমাজতান্ত্রিক দল (বাসদ)- মই
৪. বাংলাদেশের সাম্যবাদী দল (মার্কসবাদী-লেনিনবাদী) (বড়ুয়া)- চাকা
৫. বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি- কোদাল
৬. বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি- হাতুরি
৭. জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)- তারা
৮. জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)- মশাল
৯. ন্যাশনাল আওয়ামী পার্টি-ন্যাপ (মোজাফফর)- কুঁড়ে ঘর
১০. কৃষক শ্রমিক জনতা লীগ- গামছা
১১. গণফোরাম-উদীয়মান সূর্য
১২. গণফ্রন্ট- মাছ
১৩. প্রগ্রেসিভ ডেমোক্রেটিক পার্টি (পিডিপি)-বাঘ
১৪. বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট)- ছড়ি
১৫. বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)- ধানের শীষ
১৬. জাতীয় পার্টি- লাঙ্গল
১৭. বাংলাদেশ জাতীয় পার্টি (বিজেপি)- গরুর গাড়ি
১৮. জাতীয় পার্টি (জেপি)- বাই সাইকেল
১৯. বিকল্প ধারা বাংলাদেশ- কুলা
২০. লিবারেল ডেমোক্র্যাটিক পার্টি (এলডিপি)- ছাতা
২১. ন্যাশনাল পিপলস পার্টি (এনপিপি)- আম
২২. জাতীয় গণতান্ত্রিক পার্টি (জাগপা)- হুক্কা
২৩. বাংলাদেশ কল্যাণ পার্টি- হাত ঘড়ি
২৪. বাংলাদেশ জাতীয়তাবাদী ফ্রন্ট (বিএনএফ)- টেলিভিশন
২৫. ইসলামী আন্দোলন বাংলাদেশ- হাত পাখা
২৬. ইসলামী ঐক্যজোট-মিনার
২৭. বাংলাদেশ খেলাফত আন্দোলন- বট গাছ
২৮. বাংলাদেশ খেলাফত মজলিস- রিকসা
২৯. জমিয়াতে উলামায়ে ইসলাম বাংলাদেশ- খেজুর গাছ
৩০. বাংলাদেশ ইসলামী ফ্রন্ট মোম বাতি
৩১. বাংলাদেশ তরিকত ফেডারেশন- ফুলের মালা
৩২. জাকের পার্টি গোলাপ ফুল
৩৩. গণতন্ত্রী পার্টি- কবুতর
৩৪. মুসলিম লীগ হারিকেন
৩৫. প্রগতিশীল গণতান্ত্রিক দল- বাঘ
৩৬. বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি- গাভী
৩৭. বাংলাদেশ জাতীয় পার্টি- কাঁঠাল
৩৮. ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ- চেয়ার
৩৯. খেলাফত মজলিশ- দেয়াল ঘড়ি

ফিরে দেখা বিগত জাতীয় সংসদ নির্বাচন ও ফলাফল :

১৯৭৩ সালের ৭ মার্চ, প্রথম সংসদ নির্বাচনে ৬০ দিন সময় দিয়ে তফসিল ঘোষনা হয়েছিল। এতে ১৪টি দল অংশ নেয়। নির্বাচনে আওয়ামী লীগ ৩০০টি আসনের মধ্যে ২৯৩টি আসনে জয় লাভ করে সরকার গঠন করেন।

১৯৭৯ সালের ১৮ ফেব্রুয়ারি, দ্বিতীয় সংসদ নির্বাচনে ৫৪ দিন সময় দিয়ে তফসিল ঘোষনা হয়েছিলো । এতে ২৯ দল অংশ নেয়। নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল ৩০০টি আসনের মধ্যে ২০৭টি আসন লাভ করে সরকার গঠন করেন।

১৯৮৬ সালের ৭ মে, তৃতীয় সংসদ নির্বাচনে ৪৭ দিন সময় দিয়ে তফসিল ঘোষনা হয়। এ নির্বাচনে অংশ নেয় ২৮টি দল। নির্বাচনে জাতীয় পার্টি ৩০০টি আসনের মধ্যে ১৫৩টি আসনে জয় লাভ করে সরকার গঠন করেন।

১৯৮৮ সালের ৩ মার্চ, চতুর্থ সংসদ নির্বাচনে ৬৯ দিন সময় রেখে তফসিল ঘোষনা হয়েছিল। এতে মাত্র ৮টি দল অংশ নেয়। নির্বাচনটি বাংলাদেশের অধিকাংশ প্রধান দলই বর্জন করেছিল, নির্বাচনে জাতীয় পার্টি ৩০০টি আসনের মধ্যে ২৫১টি আসনে জয় লাভ করে সরকার গঠন করে।

১৯৯১ সালের ২৭ ফেব্রুয়ারি, নব্বইয়ের গণআন্দোলনের পর পঞ্চম সংসদ নির্বাচনে সর্বোচ্চ ৭৮ দিন সময় দিয়ে তফসিল ঘোষনা হয়েছিল। এতে ৭৫টি দল অংশ নেয়। নির্বাচনে বিএনপি ৩০০টি আসনের মধ্যে ১৪০টি আসনে জয় লাভ করে এবং জামায়াতের সঙ্গে জোট হয়ে সরকার গঠন করেন।

১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারি, ষষ্ঠ সংসদ নির্বাচনে তফসিল দিয়ে তিনবার পরিবর্তন করতে হয়। অধিকাংশ দলের বর্জনের মধ্যে এতে অংশ নেয় ৪১টি দল। নির্বাচনে বিএনপি ৩০০টি আসনের মধ্যে ৩০০টি আসনই জয় লাভ করে সরকার গঠন করেন।

১৯৯৬ সালের ১২ জুন, সপ্তম সংসদ নির্বাচনে ৪৭ দিন সময় দেওয়া হয়। সর্বোচ্চ ৮১টি দল অংশ নেয় এতে। নির্বাচনে আওয়ামী লীগ ৩০০টি আসনের মধ্যে ১৪৬টি আসনে জয় লাভ করে এবং জাতীয় পার্টির সাথে জোট হয়ে সরকার গঠন করেন।

২০০১ সালের ১ অক্টোবর, অষ্টম সংসদ নির্বাচনের ৪২ দিন সময় দিয়ে তফসিল ঘোষণা করা হয়ে। এতে ৫৪টি দল অংশ নেয়। নির্বাচনে বিএনপি ৩০০টি আসনের মধ্যে ১৯৩টি আসনে জয়লাভ করে চারদলীয় ঐক্যজোট সরকার গঠন করেন।

২০০৮ সালের ২৯ ডিসেম্বর, নবম সংসদ নির্বাচনেও ৪৭ দিন সময় নিয়ে ভোটের তফসিল ঘোষণা করা হয়। এই নির্বাচনেই অংশ নিতে প্রথম বারেরমত নির্বাচন কমিশনে রাজনৈতিক দলের নিবন্ধন বাধ্যতামূলক হওয়ায় কেবল নিবন্ধিত ৩৮টি দল অংশ নেয় এই নির্বাচনে। নির্বাচনে আওয়ামী লীগ ৩০০টি আসনের মধ্যে ২৩০টি আসনে জয় লাভ করে এবং মহাজোট সরকার গঠন করেন।

২০১৪ সালরে ৫ জানুয়ারী, দশম সংসদ নির্বাচনে ৪১ দিন সময় নিয়ে ভোটের তফসিল ঘোষণা করা হয় ।এই নির্বাচনে সতন্ত্রসহ ১৭ টি দল অংশগ্রহণ করেন। ২০১৩ সালের ২৫ নভেম্বর তফসিল ঘোষণার

পর থেকে ভোটের আগের দিন পর্যন্ত ৪১ দিনে মারা গেছেন ১২৩ জন। ভোটের দিন ১৯ জন মানুষের নিহত হয়, নির্বাচন নিয়ে এর আগে এত মানুষের প্রাণহানি দেখা যায় নি। এই নির্বাচন বিএনপি-জামায়াত জোট বর্জন করলেও আওয়ামী লীগ ও তাদের মিত্ররা নির্বাচনে অংশগ্রহণ করেন। নিবার্চনে আওয়ামী লীগ ৩০০টির মধ্যে ২৩৪টি আসনে জয়লাভ করে আবারো মহাজোট সরকার গঠন করেন।

সর্বশেষ ২০১৮ সালের ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত হয় একাদশ জাতীয় সংসদ নির্বাচন, অংশগ্রহণ করেন সব নিবন্ধিত রাজনৈতিক দল ও জোট।



একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল:

দল অনুসারে ভোট শতাংশ-

বাংলাদেশ আওয়ামী লীগ (৭৬.৮৮%)
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (১২.৩৩%)
জাতীয় পার্টি (এরশাদ) (৫.০৭%)
স্বতন্ত্র (৫.৭২%)

দল অনুসারে আসন সংখ্যা-

বাংলাদেশ আওয়ামী লীগ (৮২%)
জাতীয় পার্টি (এরশাদ) (৭.৬%)
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (৩.৩%)
স্বতন্ত্র (৭%)

জোটের ফলাফল আসন সংখ্যানুযায়ী-

মহাজোট (২৮৭)
জাতীয় ঐক্যফ্রন্ট (৮)
স্বতন্ত্র (৪)
বাম গণতান্ত্রিক জোট (০)
স্থগিত (১)

যে কারণে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অংশগ্রহণ মূলক নির্বাচন :

একাদশ জাতীয় সংসদ নির্বাচনেই প্রথম বারের মত নিবন্ধিত ৩৯টি দলের সব কয়টি দলই নির্বাচনে অংশগ্রহণ করছে এবং অংশগ্রহণকারী ৩৯ দলের প্রতীক বরাদ্দ দেওয়া হয়েছে। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিভিন্ন দলের ৩ হাজার ৬৫ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেন, এর মধ্যে ২ হাজার ৫৬৭ জন রাজনৈতিক দলের এবং ৪৯৮ জন স্বতন্ত্র প্রার্থী। তবে চূড়ান্ত নির্বাচনে বাংলাদেশের বড় দুটি দল, বাংলাদেশ আওয়ামী লীগ ও বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নেতৃত্বে গঠিত মহাজোট ও জাতীয় ঐক্যফ্রন্টজোটসহ বাংলাদেশের নিবন্ধিত সর্বমোট ৩৯টি দলের ১,৮৪৮ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন এর মধ্যে মাত্র ১২৮ জন স্বতন্ত্র।

বাংলাদেশ স্বাধীনতার পর থেকে দীর্ঘ ৪৭ বছরে নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ১০ বার, কিন্তু বিগত ১০টি নির্বাচনেই সব দল অংশগ্রহণ করেননি, কোন না কোন কারণে নির্বাচন থেকে সরে দাঁড়িয়েছে বিভিন্ন দল । যেহেতু একাদশ জাতীয় সংসদ নির্বাচনে সব নিবন্ধীত রাজনৈতিক দল এবং অনিবন্ধিত রাজনৈতিক দল নির্বাচনে অংশগ্রহণ করেছে সুতরাং একাদশ জাতীয় সংসদ নির্বাচন একটি অংশগ্রহণ মূলক নির্বাচন হয়েছে।

জাতীয় প্রত্যাশা:

নির্বাচন কমিশন দাবি করেছেন নির্বাচন সুষ্ঠ ও নিরপেক্ষ হয়েছে । আওয়ামী লীগ জোট তাদের নিরংকুশ এই মহাবিজয়কে গত ১০ বছরে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের উন্নয়ণের ফসল বলে দাবি করছেন। অপরদিকে বিএনপি ও তাদের জোটমিত্র জাতীয় ঐক্যফ্রন্ট নির্বাচনের ফলাফল প্রত্যাখান করেছেন এবং এখন পর্যন্ত বিজয়ীরা শপথ গ্রহণ করেননি।

বাংলাদেশের জনগন প্রত্যাশা করেন সব রাজনৈতিক দলের অংশগ্রহনে প্রতিটি নির্বাচন অংশগ্রহণ মূলক নির্বাচন হবে, গণতন্ত্র চর্চার জন্য অংশগ্রহন মূলক নির্বাচনের ধারাবাহিকতা অব্যাহত থাকবে এবং অবাধ সুষ্ট, নিরপেক্ষ ও গ্রহনযোগ্য নির্বাচনের মাধ্যমে সরকার পরিবর্তন হবে।

লেখক: গবেষক, সাংবাদিক

তথ্য সূত্র :

নির্বাচন কমিশন ওয়েব ও জার্নাল, জাতীয় সংসদ ওয়েব ও বিভিন্ন জার্নাল, উইকিপিডিয়া, বিভিন্ন জাতীয় দৈনিক ও অনলাইন পোর্টাল, বিভিন্ন গবেষনাপত্র ও ইন্টারনেট সূত্র।

একাদশ জাতীয় সংসদ নির্বাচন : জনপ্রত্যাশা

ড. প্রদীপ কুমার পান্ডে
মামুন আ. কাইউম

গত ৩০ ডিসেম্বর, ২০১৮ বাংলাদেশের ইতিহাসে সর্বাধিক রাজনৈতিক দলের অংশগ্রহণে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হলো। অংশগ্রহণমূলক এই নির্বাচনের মাধ্যমে আওয়ামী লীগ নেতৃত্বাধীন জোট টানা তৃতীয় বারের মতো সরকার গঠন করেছে। বেশ কয়েকটি দিক থেকে এই নির্বাচনটি তাৎপর্যপূর্ণ। ২০১৪ সালে অনুষ্ঠিত দশম জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশের একটি বৃহৎ রাজনৈতিক দল নির্বাচন না করার মতো অদূরদর্শী সিদ্ধান্ত গ্রহণ করেছিল। যে কারণে অনেকটা একতরফা নির্বাচনে আওয়ামী লীগ নেতৃত্বাধীন জোট ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছিল। সেই নির্বাচনে আওয়ামী নেতৃত্বাধীন জোট নিরঙ্কুশ বিজয় অর্জন করলেও সরকারের মধ্যে এক প্রকার অস্বস্তি ছিল।

কারণ, সে নির্বাচনে ৩০০টি সংসদীয় আসনের মধ্যে ১৫৪ টি আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন বলে গণতন্ত্র, সুশাসন বা সংশিষ্ট বিশ্লেষকরা বিষয়টিকে সামনে এনে আওয়ামী লীগের তথা তখনকার সরকারের বেশ সমালোচনা করেছিলেন। যদিওবা তখনকার নির্বাচনের ট্রেন মিস করা দল বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) নির্বাচনে অংশগ্রহণ না করে পরে অনুশোচনা করেছে। সেদিক বিবেচনায় এবার নিবন্ধনকৃত সবগুলো দলের অংশগ্রহণ নির্বাচনে একটি ভিন্নমাত্রা যোগ করেছে।

এছাড়াও, আগামী ২০২০ সালে বাঙ্গালীর জাতির জনক এবং স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী এবং ২০২১ সালে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী অনুষ্ঠিত হবে। স্বাধীনতাযুদ্ধে নেতৃত্বদানকারী স্বাধীনতার স্বপক্ষের শক্তি এ সময় রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত। গত ৩০ ডিসেম্বরের নির্বাচনে বাংলাদেশের জনগণ বাংলাদেশ আওয়ামীলীগের নেতৃত্বে গঠিত জোটকে বিজয়ী করেছে।৩০০টি সংসদীয় আসনের মধ্যে বাংলাদেশ আওয়ামীলীগের নেতৃত্বে গঠিত জোট ২৮৮টি আসনে বিজয়ী হয়েছে। জনগণের এ সঠিক সিদ্ধান্তের কারণে অবশ্যই তারা ধন্যবাদ পাওয়ার যোগ্য।

স্বাধীনতার পক্ষের শক্তির এ বিজয় একদিকে যেমন আনন্দের, আবার এ বিজয়ের সাথে আছে বেশ কিছু চ্যালেঞ্জ। যে পর্বত সম জনপ্রিয়তা নিয়ে বাংলাদেশ আওয়ামীলীগ রাষ্ট্র ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছে তা জনগণের প্রত্যাশাকে কয়েকগুণ বাড়িয়ে দিয়েছে। তবে নির্বাচন পরবর্তী একটা গুরুত্বপূর্ণ লক্ষ্যণীয় বিষয় হলো, দেশে এখন সবাই সরকারী দলের সমর্থক ও তাদের আদর্শ ধারণ করেন-এমনটার বহিঃপ্রকাশও শুরু হয়েছে। আমাদের মতো উন্নয়নশীল দেশে স্থানীয় সরকারের পাশাপাশি সংসদ সদস্য পদে সরকার সমর্থকরা থাকলে দেশে বহু উন্নয়নমূলক কর্মকান্ড সংঘটিতহয়। আর এর উল্টোটা হলে সংশিষ্ট এলাকা বঞ্চিত হয় এমনটাই ধরে নেয়া হয়। কিন্তু যেহেতুএবার প্রায় সকল আসনে আওয়ামী লীগ নেতৃত্বাধীন জোটের সদস্যরাই সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন এবং বিভিন্ন স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলোতেও একই দলের মেয়র, চেয়ারম্যান রয়েছেন সুতরাং সকল এলাকার মানুষের প্রত্যাশা অনেকখানিই বেড়েছে।

আগে কখনো দলীয় ইশতেহারের উপর গুরুত্ব দেয়া নাহলেও শিক্ষা ও সচেতনতা বাড়ার কারণে এখন যেকোনো সচেতন নাগরিক সরকারের কাছে তাদের চাওয়া পাওয়ার কথা বললেই নির্বাচনী ইশতেহারের প্রসঙ্গ উঠে আসে। এবারে বাংলাদেশ আওয়ামীলীগ ২১টি বিশেষ অঙ্গীকার নিয়ে দলীয় নির্বাচনী ইশতেহার প্রকাশ করে। এতে আমার গ্রাম- আমার শহর, দক্ষ কর্মশক্তি তৈরি ও ১ কোটির অধিক মানুষের কর্মসংস্থানের ব্যবস্থার অঙ্গিকার, দুর্নীতির ব্যাপারে জিরো টলারেন্স নীতি, সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূলের মতো সমসাময়িক বিষয় গুলোকে সামনে এনেছে। যা অবশ্য তখনই অন্য রাজনৈতিক দলগুলোর বিশেষ করে বিএনপির চেয়ে ছিল ব্যতিক্রমী এবং জনগণের মধ্যে ব্যাপক সাড়াও ফেলেছে।

ইতোপূর্বে ২০০৮ সালের নির্বাচন পূর্ববর্তী সময়ে দেওয়া 'দিন বদলের সনদ' ও একই ভাবে ২০১৪ সালে দেওয়া 'এগিয়ে যাচ্ছে বাংলাদেশ' শ্লোগানের মতো এবারের নির্বাচনী ইশতেহারের শ্লোগান ছিল'সমৃদ্ধিও অগ্রযাত্রায় অপ্রতিরোধ্য বাংলাদেশ'।

ইতোমধ্যে বাংলাদেশ বিশ্বে উন্নয়নের রোল মডেল হিসেবে নিজেকে প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছে এবং বিশ্বের মানুষ বাংলাদেশকে একটি ব্যতিক্রমী দেশ হিসেবে চিনতে শুরু করেছে। স্বাধীনতা পরবর্তীতে 'তলাবিহীন ঝুঁড়ি'র তকমা থেকে আজ নিম্ন মধ্যম আয়ের দেশের স্বীকৃতি পেয়েছে। আজ বিশ্ব নেতাদের অনেকেই বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করছেন। এর পেছনে যে

মানুষটির অবদান অনস্বীকার্য তিনি হলেন জাতির জনকের সুযোগ্য কন্যা, মাদার অব হিউম্যানিটি শেখ হাসিনা। যেহেতু এবারে তিনি চতুর্থবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ নিয়েছেন, সুতরাং অভিজ্ঞ এ প্রধানমন্ত্রীর কাছ থেকে বাংলাদেশের প্রতিটি মানুষের চাওয়াটা একটু বেশি হবে সেটিই স্বাভাবিক।

দায়িত্ব নেবার পরপরই তিনি দুর্নীতির বিরুদ্ধে একরকম জিরোটলারেন্স নীতির ঘোষণা দিয়েছেন। শুরুতেই যখন তিনি এরূপ ঘোষণা দিয়েছেন এবং বিভিন্ন মন্ত্রণালয়ের প্রথম বৈঠকেই যখন দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্সের কথা বলছেন তখন আশাবাদী না হয়ে উপায়ও থাকছেনা। বিশেষ করে,স্বাস্থ্য মন্ত্রণালয়ে দায়িত্ব সম্পর্কে ডাক্তার- নার্সদের সতর্ক করা এবং প্রয়োজনে ওএসডি এবং অবহেলায়স বরখাস্তের মতো নির্দেশনা অবশ্যই জনবান্ধব বলে মনে হচ্ছে। এছাড়াও, স্বাস্থ্য মন্ত্রণালয় নিয়ে দুদকের প্রতিবেদন ও নির্দেশনা এবং দুর্নীতির বিরুদ্ধে জিরো টলারেন্সের প্রতিফলন বলা যেতে পারে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রশ্নফাঁস রোধে নতুন কর্মসূচিও ইতোমধ্যে নেয়া শুরু হয়েছে।

সরকারের নির্বাচনী প্রতিশ্রুতিতে সন্ত্রাস ও জঙ্গীবাদ মূলোৎপাটন করে মাদক মুক্ত সমাজ গড়ার উপর গুরুত্বারোপ করা হয়েছে যা করতে সরকার আগে থেকেই প্রতিশ্রুতিবদ্ধ। বিশেষ করে মাদকের পৃষ্ঠপোষকতায় নাম থাকায় জনপ্রিয়তা বেশি থাকার পরও একজন সাবেক সংসদ সদস্যকে মনোনয়ননা দেয়াটাও এর অংশ হিসেবে বিবেচনার সুযোগ রয়েছে। অসাম্প্রদায়িক চেতনা, আইনের শাসন প্রতিষ্ঠা এবং মুক্তিযদ্ধের আদর্শকে আরো বেশি শক্তিশালী করার বিকল্প নেই। সে প্রেক্ষিতে সরকারের চলমান উন্নয়ন কর্মসূচি আরো বেগবান হবে- এমন প্রত্যাশা করাটা নিশ্চয়ই বেশি হবেনা। বিশেষ করে তরুণদের মেধার ভিত্তিতে কর্মসংস্থানের ব্যবস্থা নিশ্চিত করা গেলে তাদের একটা বড় অংশ সরকারের পক্ষে থাকবে যেটা অবশ্যই দেশ ও জনগণের স্বার্থে জরুরী। গ্রাম ও শহরের সুযোগ-সুবিধায় বৈষম্য দূর করার পাশাপাশি রাজধানী ঢাকাকে বিকেন্দ্রীকরণ এবং স্থানীয় পর্যায়ে কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারলে সরকারের প্রতি সাধারণ জনগণ কৃতজ্ঞ থাকবে। সরকারে যারা রয়েছেন- তারা ভাল করে জানেন কোন্ কোন্ মন্ত্রণালয়ে দুর্নীতির পরিমান বেশি। সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করাটাও সরকারের দায়িতের মধ্যে পড়ে। সরকার এ কাজটি শুরু করেছে মন্ত্রিসভা গঠনের মধ্য দিয়েই। সৎ, রাজনীতিতে অভিজ্ঞ এবং আগের মেয়াদের দক্ষ মন্ত্রিদের মন্ত্রিসভায় রেখে বিতর্কিতদের বাদ দেয়ার মধ্য দিয়েও দেশবাসী একটা স্পষ্ট বার্তা পেয়েছে। বিশেষ করে ব্যাংকিং সেক্টরকে প্রয়োজনে ঢেলে সাজিয়ে শৃঙ্খলা ফিরিয়ে আনার প্রত্যাশাটা সরকারের কাছে। প্রশাসনকে দক্ষ, সেবামুখী এবং জবাবদিহিতামূলক করার লক্ষ্যে রাজনৈতিক বিবেচনায় না নিয়ে প্রশাসনকে স্বচ্ছ এবং ন্যায়পরায়ন হবার বিকল্প নেই। শুধু পরিমানগত দিকে নজর না দিয়ে শিক্ষার গুণগত মান বাড়ানোর জন্য শিক্ষা ব্যবস্থাকে টেকসই উন্নয়নের দিকে নিতে হবে। শিক্ষা থেকে চাকুরী সকল ক্ষেত্রে প্রশ্নফাঁস রোধে সরকারকে কঠোর পদক্ষেপ নিতে হবে। সরকারের বরাদ্দকৃত সকল সুযোগ-সুবিধা জনগণের সত্যিকারের দোঁড়গোড়ায় পৌছানোর নজরদারি বাড়ানো বিশেষ প্রয়োজন। সরকারের অঙ্গসংগঠনগুলোর জনবান্ধব কাজে আরো বেশি অংশগ্রহণ থাকলে তা সরকারের সমর্থনকে আরো বাড়াতে পারবে। সবগুলো মন্ত্রণালয় যদি বছরব্যাপী টার্গেট নিয়ে কাজ শুরু করে এবং বছর শেষে তা মূল্যায়ণ করে তবেই আগামী পাঁচ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রায় পৌছানো সম্ভব। এভাবেই দেশ হয়ে উঠবে আরো সমৃদ্ধ যেখানে সকল মানুষ সত্যিকারের স্বাধীনতার স্বাদ পাবে, ধনী-দারিদ্রের বৈষম্য কমবে,বাংলাদেশ হবে সোনারবাংলা- এমনটাই প্রত্যাশা আমাদের।

লেখক:
ড. প্রদীপ কুমার পান্ডে, অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতাবিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

মামুন আ. কাইউম, সহকারি অধ্যাপক, গণযোগাযোগ ও সাংবাদিকতাবিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

বহু প্রত্যাশিত জাতীয় নির্বাচন ২০১৮: নতুন মেরুকরণ

দ্বীয়া সিমান্ত ও ফাবি নাহিয়ান

একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশের ইতিহাসে এক নতুন মাত্রা সংযোজন করেছে। জাগরিত মাত্রার উত্থান ঘটে ২০১৮ খৃষ্টাব্দের ৩০ ডিসেম্বর নির্বাচনকে কেন্দ্র করে। ২০১৪ খৃষ্টাব্দের জাতীয় নির্বাচন নানাভাবে প্রশ্নবিদ্ধ থাকার কারণে ২০১৮ খৃষ্টাব্দের নির্বাচন নিয়ে রাজনীতিবিদ থেকে সাধারণ মানুষ সকলের আগ্রহ ছিল মাত্রাতিরিক্ত। অন্যদিকে রাজনীতি সচেতন দেশবাসি উচ্ছি-সত ছিল দীর্ঘ সময় পর স্বাধীনভাবে তাদের ভোট প্রদানের জন্য। গণমাধ্যমগুলোও দেশব্যাপি ভোটারদের অনুভুতি জনসমক্ষে তুলে ধরার প্রচেষ্টায় ব্যস্ত ছিল ভোটপূর্ব মাসগুলোতে।

বিশিষ্টজনরা তাদের বিজ্ঞ মতামত দেশবাসি ও আয়োজন কর্তপক্ষকে জানাতে আকুলতা ব্যক্ত করেছে। বিজ্ঞাপণ নির্মাতাগণ তাদের বিজ্ঞাপণে ভোটের আমেজ প্রকাশে সচেষ্ট ছিলেন। রাজধানীর বাইরেও দোকান বাজার পথে বন্দরে নির্বাচনি গুঞ্জনে সরব ছিল। আগের পাঁচটি বছর নানা তিক্ততা থাকা সত্ত্বেও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে দেশের প্রায় সবগুলি রাজনৈতিক দল অংশগ্রহণ করে প্রধানমন্ত্রীর সংলাপ কর্মসূচির পরিবেশ বাতায়ণের কারিশমায়। বিচ্ছিন্ন কিছু ঘটনা ব্যতিত নিরব রোদ্রোজ্জল দিবসে ৩০ ডিসেম্বর ২০১৮ খৃষ্টাব্দে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন হয় বিনা উত্তাপে। এই নির্বাচনে বাংলাদেশ আওয়ামীলীগ ভুমিধস জয়লাভ করেও প্রধানমন্ত্রীর নির্দেশে কোন আনন্দ মিছিল করেনি। প্রধানমন্ত্রী এ বিজয়কে দেখেছেন তার প্রতি জনগনের আস্থা এবং জনগনের প্রতি তার আকাশসম দায়িত্ববোধ। একাদশ জাতীয় সংসদ নির্বাচন নানাভাবে তাৎপর্যপূর্ণ কেননা আগের নির্বাচনগুলো থেকে এটি ভিন্ন রুপরেখায় চিত্রায়িত। ২০১৮ খৃষ্টাব্দের ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত নির্বাচনের বৈশিষ্ট্য সমূহ আগের জাতীয় নির্বাচনগুলো থেকে ভিন্নতর আঙ্গিক সমৃদ্ধ যেমন:

- সংসদ বহাল রেখে নির্বাচন অনুষ্ঠিত
- দলীয় সরকার ক্ষমতায় থাকা
- দলীয় সরকারের অধীনে নির্বাচন অনুষ্ঠিত
- টেকনোক্র্যাট ব্যতিত অন্যান্য মন্ত্রীদের দায়িত্বে থাকা
- ৬টি আসনের সবকটি কেন্দ্রে ইভিএম ব্যবহার
- দুর্নীতি মামলায় সাজা হওয়ায় বিএনপি জোটপ্রধান নির্বাচনে অংশগ্রহণ করতে পারেননি।
- এবারই দেশের ৩৯টি নিবন্ধিত রাজনৈতিক দলের নির্বাচনে অংশগ্রহণ
- নারী প্রার্থীর সংখ্যা বৃদ্ধি
- নতুন ভোটারের আধিক্য
- বিরোধীজোটের মামলা হামলা কাঁধে নিয়ে নির্বাচনী বৈতরণীতে থাকা।
- দেশের শৃঙ্খলার স্বার্থে গণমাধ্যম কর্তৃক বুথের ভিতরের স্থির/ভিডিও ছবি তোলা নিষিদ্ধ থাকা
- সর্বোচ্চ সংখ্যক জোটের ঘনঘটা
- জাতীয় ঐক্যফ্রন্ট জোটের সকল প্রার্থীর একপ্রতীক ধানের শীষে নির্বাচন করার কৌশল
- নির্বাচনকালীন সময়ে নিরাপত্তা নির্বিঘ্ন করতে ইন্টানেট সেবা নিদ্দিষ্ট সময়ে বন্ধ রাখা
- ছিটমহলবাসীদের মাঝে ভোটের মাধ্যমে নাগরিকত্বের অধিকারোৎসব

জাতীয় সংসদ নির্বাচনের মোট আসন ৩০০, অনুষ্ঠিত হলো ২৯৯টি আসনে । এবারে মোট ভোটার সংখ্যা ছিল ১০,৪১,৯০,৫৭৩, পু-রুষ ভোটার ৫,২৫,৪৭,২৯৪ জন, নারী ভোটার ৫,১৬,৪৩,২৭৯ জন, তরুন ভোটার প্রায় ১,২৩,০০,০০০ জন। মোট প্রার্থী সংখ্যা ছিল ১,৮৪০ জন। এর মধ্যে নারী প্রার্থী ৬৮ জন (আ. লীগ ২০, বিএনপি ১৪, অন্যান্য ৩৪), সংখ্যালঘু ৭৯ জন (আ-১৮, বি-৬ অন্যান্য-১৭), নতুন প্রার্থী ১৩৭ জন (আ-৪৯, বি-৮৮), ২৩ জনের প্রার্থীতা স্থগিত। এবারের নির্বাচনে ভোট বাজেট ৭০০ কোটি টাকা। ভোট কক্ষ ২ লক্ষ ৬ হাজার ৪৭৭টি, ভোট কেন্দ্র ৪০ হাজার ১৮৩ টি, ভোট গ্রহণ কমকতা প্রায় ৭ লক্ষ, আইনশৃঙ্খলায় নিয়োজিত প্রায় ৬ লক্ষ সদস্য, মহানগর এলাকায় প্রতিটি ভোট কেন্দ্রে নিরাপত্তায় কাজ করে আইনশৃঙ্খলা বাহিনীর ১৬ সদস্য।

নির্বাচনী সহিংসতা (১০ থেকে ২৫ ডিসেম্বর ২০১৮)- প্রথম আলো ২৭ ডিসেম্বর ২০১৮:

সবচেয়ে বেশী সহিংসতার ঘটনা ঘটেছে নোয়াখালী ও চট্টগ্রামে। প্রতিপক্ষের হামলায় রক্তাক্ত হয়েছে ১৩ জন।

- হামলায় রক্তাক্ত হয় ১৩ জন।

. গাড়ীবহরে হামলা ৩০টি।
. সংঘাতের ঘটনা ২০৭টি।
. নিহত ১৭-১৮ জন।
. আহত ৭৩৪ জন।

৮টি বিভাগীয় অঞ্চলের ভোটার সংখ্যা ও বৈশিষ্ট্য এর দিক থেকেও রয়েছে নানা বৈচিত্র। রংপুর বিভাগে ৮টি জেলার ৩৩টি আসনে মোট ভোটার সংখ্যা ১,১৫,৯৩,৮৭৮ জন। এই বিভাগটি জাতীয় পার্টির ঘাটি হিসাবে পরিচিত। জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা চেয়ারম্যান সাবেক রাষ্ট্রপতি ও স্বৈরশাসক হুসাইন মোহাম্মদ এরশাদ এর নিবাচনী এলাকা রংপুর। তবে ক্রমেই এখানে জাতীয় পার্টির শক্তি কমছে আর আওয়ামী লীগ শক্তিশালী হচ্ছে। ২০১৪ সালের মতো এবারের নির্বাচনেও জাতীয় পার্টি আওয়ামী লীগের নেতৃত্বাধীন মহাজোটের সঙ্গে আছে। উত্তরবঙ্গের বেশীর ভাগ আসনে জাতীয় পার্টি বা আওয়ামী লীগের প্রার্থীরা মহাজোটের এককপ্রার্থী। সেক্ষেত্রে ঐ এলাকায় বিএনপির প্রার্থীদের প্রতিদ্বন্দ্বিতা করাটা কঠিন।

. ময়মনসিংহ বিভাগে ৪টি জেলার ২৪টি আসনে মোট ভোটার সংখ্যা ৮১,০৭,৯৯৪ জন। নতুন বিভাগ এটি। এই অঞ্চল আওয়ামী লীগের ঘাঁটি হিসাবে পরিচিত, তবে বিএনপিও কম শক্তিশালী নয়। রাজশাাহী বিভাগে ৮টি জেলার ৩৯টি আসনে মোট ভোটার সংখ্যা ১,৩৭,৫৩,০২৪ জন। সীমান্তবর্তী এলাকার একটি বড় অংশ রাজশাহী বিভাগে। এখানে বিএনপি-জামায়াত এর শক্তিশালী অবস্থান। তবে আওয়ামী লীগও এখানে ক্রমেই শক্তিশালী হচ্ছে। সর্বশেষ রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী জয়লাভ করেন যদিও সেই নির্বাচন নিয়ে বিতর্ক রয়েছে। ঢাকা বিভাগে ১৩টি জেলার ৭০টি আসনে মোট ভোটার সংখ্যা ২,৫৭,৭৯,৭৮১ জন। সবচেয়ে বেশী সংসদীয় আসন এই বিভাগে। বঙ্গবন্ধু কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র জন্মস্থান ঢাকা বিভাগের গোপালগঞ্জ জেলায়। গোপালগঞ্জ- মাদারীপুর অঞ্চলে শক্তিশালী অবস্থান আওয়ামী লীগের। তবে রাজধানী ঢাকায় আওয়ামী লীগ- বিএনপি কেউ কারো চেয়ে কম নয়। নির্বাচনে সব দলের নজর থাকে রাজধানী ঢাকায়। গাজিপুর, নরসিংদী, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, মুন্সিগঞ্জ ও ঢাকা জেলা নিয়ে এই বিভাগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার্যক্রম প্রবর্তিত হয়।

. খুলনা বিভাগে ১০টি জেলার ৩৬টি আসনে মোট ভোটার সংখ্যা ১,১৯,৫৬,৯২৯ জন। একসময় চরমপন্থি অধ্যুষিত এলাকা ছিল এই দক্ষিণাঞ্চল খুলনা। বর্তমানে পরিচিত শ্রমিকঘন এলাকা হিসাবে। বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন সুন্দরবন এই বিভাগে। জাতীয় নির্বাচনের মাস কয়েক আগে অনুষ্ঠিত খুলনা সিটি কর্পোরেশন নির্বাচন ছিল প্রশ্নবিদ্ধ। সেই নির্বাচণে আওয়ামী লীগ প্রার্থী জয়লাভ করেন। যশোর, মেহেরপুর, চুয়াডাঙ্গা, বাগেরহাট, কুষ্টিয়া, ঝিনাইদহ, মাগুরা, নড়াইল, সাতক্ষীরা ও খুলনা জেলা নিয়ে এই বিভাগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার্যক্রম প্রবর্তিত হয়।

. সিলেট বিভাগে ৪টি জেলার ১৯টি আসনে মোট ভোটার সংখ্যা ৬৬,২৩,০০২ জন। পুণ্যভুমি খ্যাত জেলা সিলেট। প্রচলিত ধারণা হিসাবে সিলেট-১ আসনে বিজয়ী দল দেশে সরকার গঠনের সুযেগ পায়। জাতীয় নির্বাচনের আগে পাঁচ সিটি কর্পোরেশন নির্বাচনে শুধুমাত্র সিলেটেই বিএনপি জয়লাভ করে। সুনামগঞ্জ, হবিগঞ্জ মৌলভীবাজার ও সিলেট জেলা নিয়ে এই বিভাগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার্যক্রম প্রবর্তিত হয়। বরিশাল বিভাগে ৬টি জেলার ২১টি আসনে মোট ভোটার সংখ্যা ৬২,২৩,১৩৬ জন ধান নদী খাল, এই তিনে বরিশাল।জাতীয় নির্বাচনের মাস কয়েক আগে বরিশাল আলোচনায় আসে সিটি কর্পোরেশন নির্বাচনকে কেন্দ্র করে। অভিযোগ ওঠে ক্ষমতাসীনদল ব্যাপক প্রভাব সুষ্টি করে নির্বাচনটি নিয়ন্ত্রণে নেয়। নির্বাচন কমিশন সেই নির্বাচন বন্ধ করার উদ্যোগ নিয়েও তা কার্যকর করতে পারেনি। বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা, পিরোজপুর ও ঝালকাঠি জেলা নিয়ে এই বিভাগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার্যক্রম প্রবর্তিত হয়। এবং

. চট্টগ্রাম বিভাগে ১১টি জেলায় ৫৮টি আসনে মোট ভোটার ২,০১,৫২,৮২৯ জন। বন্দর নগরী চট্টগ্রাম এই বিভাগের প্রাণ।এই বিভাগের ফেনীতে বিএনপি'র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া'র গ্রামের বাড়ি। এই আসন থেকে কারাবন্দী খালেদা জিয়ার মনোনয়নপত্র জমা দেয়া হলেও তা বাতিল হয়েছে। ফেনী, নোয়াখালী, লক্ষীপুর ও চট্টগ্রামে বিএনপিকে তুলনামুলকভাবে শক্তিশালী হিসাবে বিবেচনা করা হয়। ২০১৪ সালের ৫ জানুয়ারীর বিরোধীদলহীন একতরফা নির্বাচনের আগে এই এলাকায় শক্ত অবস্থানে ছিল বিএনপি জোট। চট্টগ্রাম, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা,বান্দরবন, রাঙামাটি ও খাগড়াছড়ি জেলা নিয়ে এই বিভাগের সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার্যক্রম প্রবর্তিত হয়।

১৯৯১ খৃ. থেকে ২০১৮ খৃষ্টাব্দ পর্যন্ত নির্বাচনের ফলাফলগুলোতে এযাবৎ কালের প্রধান দুটি দল সমানে সমান প্রতিদ্বন্দ্বিতা করে আসলেও ২০১৪ খৃষ্টাব্দের ৫ই জানুয়ারীর জাতীয় নির্বাচনে একটি প্রধানদলসহ অধিকাংশ রাজনৈতিক দল অংশগ্রহণ না করায় নেই নির্বাচন অনেক বিতর্কের জন্ম দেয়। এই প্রথমবারের মতো দেশের সবগুলো নিবন্ধিত রাজনৈতিকদল অংশগ্রহণ করায় ২০১৮ খৃষ্টাব্দের ৩০ ডিসেম্বরের নির্বাচন অনেক আলোচিত ও প্রত্যাশিত ছিল। তবে নির্বাচন পরবর্তী ফলাফলে অনেক বিতর্ক সৃষ্টি হওয়ার মধ্য দিয়ে ক্ষমতাসীন দল ১১তম জাতীয় সংসদ গঠন করে।

বিগত ৫ সংসদ নির্বাচনে ভোটের হার (১৯৯১ থেকে ২০১৮ পর্যন্ত)

১৯৯১ সালে ৫ম জাতীয় সংসদ নির্বাচন				
আওয়ামী লীগ	বিএনপি	জাতীয় পার্টি	জামায়াত	অন্যান্য
৩০.০৮%	৩০.৮১%	১১.৯২%	১২.১৩%	১৫.০৬%
১৯৯৬ সালে ৭ম জাতীয় সংসদ নির্বাচন				
৩৭.৪৪%	৩৩.০৬%	১৬.০৪%	৮.১৬%	৪.০৪%
২০০১ সালে ৮ম জাতীয় সংসদ নির্বাচন				
৪০.১৩%	৪০.৯৭%	১.১২%	৪২.২৮%	১৩.০৫%
২০০৮ সালে ৯ম জাতীয় সংসদ নির্বাচন				
৪৮.০৪%	৩২.০৫%	৭.০৪%	৪.০৭%	৭.৭২%
২০১৪ সালে ১০ম জাতীয় সংসদ নির্বাচন				
৭২.১৫%	অংশ নেয়নি	৭.০০%	অংশ নেয়নি	২০.৮৬%
২০১৮ সালে ১১তম জাতীয় সংসদ নির্বাচন				
৭৬.৮৮%	১২.৩৩%	৫.০৭%	-	৫.৭২%

একাদশ জাতীয় সংসদ নির্বাচন পূর্ববর্তী প্রত্যাশা অনুযায়ী ফলাফল নিয়ে বিতর্ক থাকলেও ১১তম জাতীয় সংসদের প্রথম অধিবেশনে সংসদ নেতার ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রাণবন্ত, কার্যকর ও সাধারণ মানুষের আশা আকাঙ্খার কেন্দ্র সমৃদ্ধ সংসদের প্রত্যাশা আশাজাগানিয়া হয়ে থাকবে জনমনে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচন, ২০১৮



১১তম জাতীয় সংসদ নির্বাচনোত্তর গণমাধ্যম চিত্রঃ ডেটলাইন ৩১ ডিসেম্বর ২০১৮

দ্বীয়া সিমান্ত

নানা মাত্রায় আলোচিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল প্রচারে দৈনিক সংবাদপত্রের ভুমিকা কেমন ছিল সেটারই একটি চিত্র তুলে ধরার প্রয়াস মাত্র। মহান মুক্তিযুদ্ধের গৌরবোজ্জল অর্জন স্বাধীন বাংলাদেশ আজ ৪৮ বছরের পরিণত রাষ্ট্র। এই সুদীপ্ত পথচলায় দেশের গণমাধ্যমের রয়েছে চৌকস ভুমিকা। বর্তমানে বাংলাদেশে বহুল প্রচারিত ১২টি জাতীয় দৈনিক পত্রিকার প্রথম ও শেষ পাতার শিরোনামগুলোর আলোকপাত নির্বাচনি কভারেজ সংশ্লিষ্ট। অধিকাংশ শিরোনামে সরকারী দলের বিজয়ের উচ্ছাসিত খবরের পাশাপাশি বিরোধীপক্ষের অভিযোগসহ নির্বাচনী সহিংসতার খবরও সমান গুরুত্বের সঙ্গে প্রচারে এসেছে। শিরোনামগুলো পর্যবেক্ষণে সংবাদের গুরুত্ব, নিরপেক্ষতা, ভারসাম্য ও বস্তুনিষ্ঠতার ঘাটতি কম লক্ষ্যনীয়। বহুল প্রচারিত দৈনিক পত্রিকার মধ্যে স্থান পেয়েছে দৈনিক যুগান্তর, দৈনিক কালের কণ্ঠ, দৈনিক নয়াদিগন্ত, দৈনিক ইত্তেফাক, দৈনিক প্রথম আলো, দৈনিক জনকণ্ঠ, দৈনিক দিনকাল, দৈনিক ভোরের কাগজ, দৈনিক ইনকিলাব, দৈনিক আমাদের সময়, The Daily Star & The New Age ইত্যাদি। অধিকাংশ পত্রিকার শিরোনাম ছিল শেখ হাসিনা ও নৌকার বিজয় নিয়ে লাল রঙের ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম এবং দ্বিতীয় প্রধান শিরোনাম দেখা যায় নির্বাচনে সহিংসতা নিয়ে। পত্রিকাগুলোর প্রথম ও শেষ পাতার মধ্যে উল্লেখ্য যে প্রথম পাতার তুলনায় শেষ পাতার শিরোনামে নির্বাচনে সহিংসতার খবর বেশী পরিলক্ষিত হয়। পক্ষান্তরে প্রথম পাতায় বিজয়ী দলের বিভিন্ন ফিচারধর্মী খবর স্থান পায়। ১১টি পত্রিকার শিরোনাম বিশ্লেষণে দেখা যায় দৈনিক যুগান্তরে ৮ কলাম ব্যাপি লাল রঙের ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম "আওয়অমী লীগের হ্যাট্রিক জয়"; দৈনিক প্রথম আলোর ৪ কলাম ব্যাপি প্রধান শিরোনাম "একচেটিয়া ভোটে নৌকার জয়"; দৈনিক দিনকালে ৫ কলাম ব্যাপি প্রধান শিরোনাম "ফলাফল প্রত্যাখ্যান ঐক্যফ্রন্টের নিদর্লীয় সরকারের অধীনে পুন:নির্বাচন দাবি"; দৈনিক জনকণ্ঠের ৮ কলাম ব্যাপি ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম "আবারও শেষ হাসিনা"; দৈনিক ভোরের কাগজের ৮ কলাম ব্যাপি লাল রঙের ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম "নৌকার বিস্ময়কর বিজয়"; দৈনিক ইনকিলাব পত্রিকায় ৪ কলাম ব্যাপি লাল রঙের প্রধান শিরোনাম "নৌকার জয় জয়কার"; দৈনিক ইত্তেফাক পত্রিকায় ৮ কলাম ব্যাপি ব্যানার হেড লাল রঙের প্রধান শিরোনাম "২৮৮ আসনে মহাজোটের বিজয়"; The Daily Star পত্রিকায় ৮ কলাম ব্যাপি লাল রঙের ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম "Hat-Trick for Hasina, BNP found missing in polling: atmosphere festive, tuned only to ruling party"; The New Age পত্রিকায় ৫ কলামের প্রধান শিরোনাম " AL set for win in JS polls tainted by fraud, flaws. দৈনিক কালেরকণ্ঠ পত্রিকায় ৮ কলাম ব্যাপি লাল রঙের ব্যানার হেড সমৃদ্ধ প্রধান শিরোনাম "শেখ হাসিনার উন্নয়নেই গণরায়"; দৈনিক আমাদের সময়ে ৮ কলাম ব্যাপি প্রধান শিরোনাম "আবার হাসিনায় আস্থা ইতিহাস গড়ে নৌকার জয়"।

একাদশ জাতীয় সংসদ নির্বাচন বাংলাদেশের জাতীয় সংসদের সদস্য নির্বাচনের জন্য ১১তম সাধারণ নির্বাচন যা ২০১৮ খৃষ্টাব্দের ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত হয়। ৮ই নভেম্বর ২০১৮তে নির্বাচন কমিশনের প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষনা করেন। ঘোষনায় ২৩ ডিসেম্বর নির্বাচনের তারিখ ঠিক হলেও ১২ই নভেম্বর পুন:তফসিল ঘোষনায় ৩০শে ডিসেম্বর নির্ধারণ করা হয়। এবারের নির্বাচনে বাংলাদেশের বড় দুটিদল বাংলাদেশ আওয়াশী লীগ এবং বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি'র নেতৃত্বে গঠিত মহাজোট ও জাতীয় ঐক্যফ্রন্ট জোটসহ দেশের নিবন্ধিত মোট ৩৯টি রাজনৈতিকদল অংশগ্রহণ করে। মোট ১,৮৪৮জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দিতা করে যার মধ্যে ১২৮জনই স্বতন্ত্রপ্রার্থী ছিল। এ নির্বাচনে গাইবান্ধা-৩ আসনের জাতীয় ঐক্যফ্রন্ট মনোনীত প্রার্থী জনাব ফজলে রাব্বী চৌধুরী ১৯ ডিসেম্বর ইন্তেকাল করায় নির্বাচন কমিশন উক্ত আসনের ভোটগ্রহণ স্থগিত করে ২০১৯ খৃষ্টাব্দের ২৭ জানুয়ারী তারিখ নির্ধারণ করে পুন:তফসিল ঘোষনা করায় ২৯৯টি আসনে ৩০ ডিসেম্বর নির্বাচন অনুষ্ঠিত হয়। দেশের মোট ১০,৪১,৯০,৪৮০জন ভোটরের মধ্যে পুরুষ ভোটার ৫,২৫,৪৭,৩২৯জন এবং নারী ভোটার ৫,১৬,৪৩,১৫১জন ৪০,১৯৯টি ভোটকেন্দ্রে ভোট প্রদান করেন। এবারেই জাতীয় নির্বাচনে সম্পূর্ন নতুন পদ্ধতি ইভিএম (ইলেক্ট্রনিক ভোটিং মেশিন)-এ ঢাকা-৬, ঢাকা-১৩, ঢাকা-৯, রংপুর-৩, খুলনা-২ ও সাতক্ষীরা-২ মোট ৬টি আসনে ব্যবহারের মাধ্যমে ভোট গ্রহণ করা হয়। বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন বিরোধীজোট তত্বাবধায়ক সরকার ব্যবস্থা পুন:প্রবর্তনের দাবিতে ২০১৪ খৃষ্টাব্দের ৫ই জানুয়ারী অনুষ্ঠিত দশম জাতীয় নির্বাচন বর্জন করায় ৩০০টি আসনের মধ্যে ২৩৪টি আসনই পায় বাংলাদেশ আওয়ামী লীগ যারমধ্যে ১৫৩টি আসনে প্রার্থীরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় মহাজোটের প্রার্থীরা সংসদ সদস্য হন। ২০১৭ খৃষ্টাব্দের জুলাইতে বিএনপি ঘোষনা করে একাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের অভিপ্রায় প্রকাশ করে নির্দলীয় ও নিরপেক্ষ সরকার এবং নির্বাচন কমিশনের অধীনে হওয়ার দাবি

নিয়ে। ২০১৭'র ১৪ই সেপ্টেম্বর সিইসি কেএম নূরুল হুদা নিশ্চিত করেন বিএনপির নির্বাচনে অংশ নেয়ার বিষয়টি যদিও দুর্নীতি মামলায় বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার সাজা হওয়ার পর সেটি পুনরায় অনিশ্চিয়তা পড়েছিল। ২০১৭ ও ২০১৮তে জাতীয় পার্টির চেয়ারম্যান ও সাবেক রাষ্ট্রপতি হুসাইন মোহাম্মদ এরশাদ বেশ কয়েকবার মহাজোট ছাড়ার ঘোষনা দিলেও ২০১৮'র নভেম্বরে মহাজোটের সঙ্গেই থাকা নিশ্চিত করেন। গণফোরাম সভাপতি ও সাবেক পররাষ্ট্রমন্ত্রী ড. কামাল হোসেনকে আহ্বায়ক করে ২০১৮ খৃষ্টাব্দের ১৩ই অক্টোবর বিএনপি, গণফোরাম, নাগরিক ঐক্য ও জাতীয় সমাজতান্ত্রিক দল (জেএসডি)-এর সমন্বয়ে জাতীয় ঐক্যফ্রন্ট নামে একটি রাজনৈতিক ঐক্যজোট গড়ে উঠে যেখানে ৪টি রাজনৈতিক দল ছাড়াও বঙ্গবীর কাদের সিদ্দিকীর বাংলাদেশ কৃষক শ্রমিক জনতা লীগ ও জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশসহ ব্যাক্তিগতভাবে যোগ দেন তত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ব্যারিষ্টার মঈনুল হোসেন ও গণস্বাস্থ্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা জাফরুল্লাহ চৌধুরীসহ বিশিষ্ট নাগরিকবৃন্দ। ঐক্যফ্রন্ট গঠনের প্রাক্কালে সাবেক রাষ্ট্রপতি ডা. একিউএম বদরুদ্দোজা চৌধুরী 'র নেতৃত্বাধীন বিকল্পধারা বাংলাদেশ এতে যোগ দেয়ার কথা থাকলেও শেষান্তে তাদের যুক্তফ্রন্ট আওয়ামীলীগ নেতৃত্বাধীন মহাজোটে যোগদান করে। অনেক আলোচনা সমালোচনার আলো আধারী দোলাচলে অনুষ্ঠিত ভোটে সরকারে থাকা বাংলাদেশ আওয়ামীলীগ দৃশ্যত: একক্ভোটে ভুমিধস জয়লাভ করলে শেখ হাসিনা হ্যাট্রিক-সমেত চতূর্থবারের মতো বাংলাদেশের প্রধানমন্ত্রীর আসন অলংকৃত করায় দেশের গণমাধ্যমসহ নানা সংস্থার পেশাজীবিগণ কর্তৃক অভিনন্দনে উদ্ভাসিত হয়েছেন। ২০১৮ খৃষ্টাব্দের ৩১ ডিসেম্বরের পত্রিকার পাতার শিরোনামগুলোতে আওয়ামীলীগের বিপুলভাবে বিজয়ের কথামালাগুলো এভাবেই সাজানো হয়।

Newspaper	1st pages Headline	News Treatment
Daily Newage	AL set for win in JS polls tainted by fraud, flaws	1st lead with 5 column headline
	17 dead, scores injured in polls violence	2nd lead with 2 column headline
	Vote rigging, violence mar polls in Ctg.	2nd column headline
	Sylhet sees massive irregularities	
	Rajshahi turns violent on polling day	
	CEC describes overall election situation good	Single column headline
	JOF demands fresh polls, rejects results over 400 candidates boycott polls halfway through	
	Pro-Liberation forces will win - Hasina	
	EC mahbub finds no opposition agent at his polling station	
	Journalists face obstructions covering polls	
	On a rigging spree	
	EC confirms EVMs malfunctioned at 25 centers	
	Last page Headlines	Treatment
	POLLS IN NARAYANGANJ Centers heavily guarded by AL activists	5 column headline
	Some foreign observers find polling peaceful – United news of Bangladesh	Single column headline
	OIC happy over atmosphere during B'desh election – United news of Bangladesh	
	Voters kept waiting as officers go on "lunch break"	

পত্রিকার নাম	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক যুগান্তর ৩১/১২/১৮	আওয়ামী লীগের হ্যাট্রিক জয় • সহিংসতা ও অনিয়মের কারণে ২৯টি ভোটকেন্দ্র স্থগিত • শান্তিপূর্ণভাবে ও ভোটারদের ব্যাপক অংশগ্রহণে ভোট গ্রহণ হয়েছে-সিইসি • প্রমাণ হল দলীয় সরকারের অধীনে নির্বাচন সুষ্ঠ হয় না- সিইসিতে ফখরুল	৮ কলামের প্রধান শিরোনাম লাল রঙের ব্যানার হেড
	ভোট বর্জন ১১৩ প্রার্থীর ঐক্যফ্রন্টেরই ৯৭	ডাবল কলাম শিরোনাম
	সংবাদ সম্মেলনে ড. কামাল ফল প্রত্যাখ্যান, নিদর্লীয় সরকারের অধীনে পুন:ভোট দাবি	
	ঢাকা-১ আসন	
	দুপুরেই ভোট বর্জনের ঘোষনা সালমা ইসলামের	সিঙ্গেল কলাম
	সহিংসতায় নিহত ২১, প্রার্থীসহ আহত ৭শ'	
	ভোট দেয়ার পর শেখ হাসিনা নৌকার জয়ের বিষয়ে আমি দৃঢ আত্মবিশ্বাসী	
	উৎসব মুখর পরিবেশে শান্তিপূর্ণ ভোট--- এইচটি ইমাম	
	ভোট চলাকালে সিইসি ধানের শীষের এজেন্ট না এলে কী করার	
	শেষ পাতার শিরোনাম	**ট্রিটমেন্ট**
	সরেজমিন: ঢাকার আটটি আসন অধিকাংশ কেন্দ্রে এজেন্ট দিতে পারেনি বিএনপি	৩ কলাম ব্যাপি প্রধান শিরোনাম
	সরেজমিন ঢাকা-৪ নারী ভোটারের উপস্থিতি চোখে পড়ার মতো	ডাবল কলাম শিরোনাম
	বিশ্ব গণমাধ্যমেও রেকর্ড জয়ের খবর	
	সরেজমিন ঢাকা ও চট্টগ্রাম ইভিএমে ফিঙ্গারপ্রিন্ট বিড়ম্বনায় ভোটাররা	
	ভোট নিয়ে বিদেশি পর্যবেক্ষকদের সন্তোষ প্রকাশ	দেড় কলাম শিরোনাম
	ইকোনমিক টাইমেস শেখ হাসিনাকে বাংলার রাণী দেখতে চায় ভারত	সিঙ্গেল কলাম শিরোনাম
	এ নির্বাচন জাতির জন্য "নিষ্ঠুর প্রহসন' মির্জা ফখরুল	
	প্রত্যাশিত ফলাফলে জাতি অনন্দিত - আওয়ামী লীগ	
	বিএনপি- জামায়াতের হত্যাকান্ড বন্ধ হবে আজকের পর - জয়	
	মির্জা আব্বাসসহ বিএনপির অনেক প্রার্থীই ভোট দেননি	
	বিচ্ছিন্ন ঘটনা ছাড়া নির্বাচন শান্তিপূর্ণ - আইজিপি	
	ভোট গ্রহণের দুইঘন্টা পর মোবাইল ইন্টারনেট চালু	

	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক কালেরকণ্ঠ	শেখ হাসিনার উন্নয়নেই গণরায় ২৫৫ আসনে আওয়ামী লীগের প্রার্থীদের বিপুল বিজয়	৮ কলাম ব্যাপি প্রধান শিরোনাম লাল রঙের ব্যানার হেড
	বিচ্ছিন্ন সংঘাতে ১৭ প্রাণহানি	৩ কলাম শিরোনাম
	জামায়াত নেতাদের ভরাডুবি, দলীয় পরিচয়ে বর্জন	২ কলাম শিরোনাম
	ফল প্রত্যাখ্যানপুনর্নির্বাচন দাবি ঐক্যফ্রন্টের ২০১৪ নির্বাচনে না যাওয়া সঠিক ছিল: ফখরুল	দেড় কলাম শিরোনাম
	ভোট দেওয়ার পর শেখ হাসিনা বললেন জনগণের উপর আমার বিশ্বাস আছে	
	বিদেশি পর্যবেক্ষকদের চোখে ভোট শান্তিপূর্ণ	
	ভোট বর্জনের ঘোষনা ৬২ প্রার্থীর	সিঙ্গেল কলাম শিরোনাম
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	দুই মিনিটেই ভোট ইভিএমের ৬ আসনেই আওয়ামী লীগ জোটের জয়	৪ কলাম ব্যাপি প্রধান শিরোনাম
	হেভিওয়েট প্রার্থীদের জয়জয়কার	৩ কলাম শিরোনাম
	আলোচিত আসনে বিজয়ী যাঁরা	ডাবল কলাম শিরোনাম
	ওবায়দুল কাদের বললেন মরণকামড় দেবে পরাজিত শক্তি	সিঙ্গেল কলাম শিরোনাম
	নৌকা প্রথীকে ১৯ নারী জয়ী	
	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক ইত্তেফাক	২৮৮ আসনে মহাজোটের জয়	৮ কলাম ব্যাপি ব্যানার হেড লাল রঙের প্রধান শিরোনাম
	বিচ্ছিন্ন ঘটনা ছাড়া শান্তিপূর্ণ নির্বাচন ১৫ জেলায় নিহত ১৯, আওয়ামী লীগেরই ৯ জন	৩ কলাম শিরোনাম
	ফল প্রত্যাখ্যান, নির্দলীয় সরকারের অধীনে পুনর্নির্বাচন চায় এক্যফ্রন্ট ড. কামাল ও মীর্জা ফখরুলের ব্রিফিং	ডাবল কলাম শিরোনাম
	প্রমাণ হলো দলীয় সরকারের অধীনে সুষ্ঠ নির্বাচন সম্ভব আওয়ামী লীগের প্রতিক্রিয়া	সিঙ্গেল কলাম শিরোনাম
	স্বাধীনতা পক্ষের শক্তির জয় হবেই সিটি কলেজ কেন্দ্রে ভোট দিয়ে শেখ হাসিনা	
	সারাদেশের নির্বাচনের পরিবেশ ভালো: সিইসি	
	আনোয়ার হোসেন মঞ্জু প্রায় ১ লাখ ৮০ হাজার ভোটে নির্বাচিত	
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	ঢাকায় শান্তিপূর্ণ ভোট ব্যাপক ভোটার উপস্থিতি, নারীদের দীর্ঘ লাইন, কয়েকটি কেন্দ্রে বিচ্ছিন্ন গোলযোগ,ধানের শীষের পোলিং এজেন্টের দেখা মেলেনি অধিকাংশ কেন্দ্রে	৩ কলাম ব্যাপি প্রধান শিরোনাম
	চট্টগ্রামে অধিকাংশ কেন্দ্রে দুপুরের মধ্যে বেশি ভোট পড়ে	
	নির্বাচন নিয়ে সন্তোষ বিদেশি পর্যবেক্ষকদের	
	ঐক্যফ্রন্টকে ষড়যন্ত্র ও হত্যার রাজনীতি বন্ধ করতে হবে সিটি কলেজ কেন্দ্রে ভোট শেষে জয়	দেড় কলাম শিরোনাম
	৫৩ আসনে ৬৪ প্রার্থীর ভোট বর্জন জামায়াতেরই ২৬ প্রার্থী	
	সিরাজগঞ্জ-১ আসনে বিপুল ভোটে বিজয়ী মোহাম্মদ নাসিম	
	নির্বাচন নিয়ে ওআইসি, সার্ক, ভারত ও নেপালের সন্তোষ	

	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক নয়াদিগন্ত	একতরফা নির্বাচন: নিহত ১৯	৬ কলামের লাল রঙের প্রধান শিরোনাম
	ফল প্রত্যাখ্যান: পুনর্নির্বাচনের দাবি আন্দোলন অব্যাহত থাকবে: ড. কামাল	৩ কলাম শিরোনাম
	নির্বাচনে নানা অনিয়মের অভিযোগ ৮০ প্রার্থীর ভোট বর্জনের ঘোষনা	২ কলাম শিরোনাম
	নির্বাচিত ঘোষিত হলেন যারা	
	বিশ্লেষকদের আশংকাই সত্যি হলো এমনই হয় দলীয় সরকারের অধীনে নির্বাচন	সিঙ্গেল কলাম শিরোনাম
	সংবাদ সম্মেলনে এইচ টি ইমাম শেখ হাসিনা অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছেন	
	শেষ পাতার শিরোনাম	**ট্রিটমেন্ট**
	উপরে ফিটফাট, ভেতরে সদরঘাট পুলিশ প্রহরায় কেন্দ্র দখলের মহোৎসব	৩ কলামের লাল রঙের শিরোনাম
	রাতে জালিয়াতি, দিনে তামাশা: বিএনপি	২ কলাম শিরোনাম
	ভোটের সময় নিরুত্তাপ নির্বাচন ভবন বিএনপি অভিযোগ নিয়ে গেলেও আওয়ামীলীগ ছিল নিশ্চুপ	
	দেশের মালিকানায় আঘাত হেনেছে লাঠিয়াল ও পুলিশ বাহিনী - ড. কামাল	১ কলাম শিরোনাম
	দুপুরেই নির্বাচন বর্জনের ঘোষনা প্রহসনের নির্বাচন বাতিল করে গ্রহণযোগ্য নির্বাচনের আয়োজন করুন: জামায়াত	
	সত্য ও ন্যায়ের কবর রচনা করেছে আওয়ামী লীগ- কাদের সিদ্দিকী	
	ভোট প্রত্যাখ্যান, পুনর্নির্বাচন দাবি কুমিল্লা-৩ এ আগের রাতেই অর্ধেক ব্যালটে নৌকায় সিল	
	সরকার নির্বাচনের নামে তামাশা করেছে: ফখরুল	
	নির্বাচন ও নির্বাচনের ফলাফল প্রত্যাখ্যান বামজোটের	
	শেখ হাসিনার উন্নয়ন ও সততার পক্ষে গনজোয়ার: কাদের	
	খালেদা জিয়া নির্বাচনের সর্বশেষ খবর জেনেছেন টেলিভিশনের মাধ্যমে	
	1st page Headlines	**Treatment**
The Daily Star	Hat- trick for Hasina BNP found missing in polling; atmosphere festive, tuned only to ruling party Red color Banner Head	First Lead with 8 Column
	18 dead, 200 hurt eight of those killed belong AL, four to BNP	4 column lead
	Oikyafront tearms polls farcical Demands fresh election under non-partisan govt.	2 column lead
	As we saw	
	A team work! Round-the –clock watch on a Dhaka centre shows how voting progressed	

The Daily Star	Headlines in last page	Treatment
	EVM proves prone to abuse	Double column 1st lead
	No privacy whole voting	Double column lead
	Tearful Salma quits race	
	VOTING IN LALMONIRHAT-3 First 3 hours peaceful, them come AL men	
	3 journalists beaten up Reporters, photojournalists face obstruction of duty	Single column lead
	Son casts vote on behalf of sick father	
	Coast Guard happy with election duty performance	
	১ম পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
দৈনিক প্রথম আলো	একচেটিয়া ভোটে নৌকার জয় টানা তৃতীযবার প্রধানমন্ত্রী হতে যাচ্ছেন শেখ হাসিনা	৪ কলামের প্রধান শিরোনাম
	পুনর্নির্বাচন চায় ঐক্যফ্রন্ট 'কথিত ফলাফল' প্রত্যাখ্যান	২ কলামের শিরোনাম
	নিয়ন্ত্রিত মাঠ, অনিয়মিত, অসংগতি সারাদেশের ভোট চিত্র	
	সহিংসতা উপেক্ষা করে জনগণ ভোট দিয়েছে - আ'লীগের সংবাদ সম্মেলন	
	সন্তুষ্টির কথা জানাল ভারত নেপাল, ওআইসি ও সার্ক নির্বাচন পর্যবেক্ষণ	
	শেষ পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
	হামলা - সংঘর্ষে নিহত ১৭	৪ কলামের চিত্রসমেত শিরোনাম
	নিহতদের মধ্যে নয়জন আ'লীগের, দুজন বিএনপির, তিনজন সাধারণ ও একজন আনসার সদস্য	
	জিতলেন নূর ও মাশরাফি	২ কলামের চিত্রসমেত শিরোনাম
	'কিল্লা অ পুত ভোট দিত গিয়ছ' কক্সবাজার-১(চকরিয়া- পেকুয়া) প্রথমবারের মতো ভোট দিতে গিয়ে সংঘর্ষের মধ্যে পড়ে নৌকার সমর্থক এক তরুনের মৃত্যু	২ কলাম ব্যাপি সংঘর্ষ চিত্রসমেত শিরোনাম
	১ম পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
দৈনিক দিনকাল	ফলাফল প্রত্যাখ্যান ঐক্যফ্রন্টের নিদর্লীয় সরকারের অধীনে পুন:নির্বাচন দাবি	৫ কলাম ব্যাপি লাল রঙের প্রধান শিরোনাম
	এ নির্বাচনের মাধ্যমে জনগনের সঙ্গে নিষ্ঠুর প্রতারণা করা হয়েছে: ফখরুল	৩ কলাম মিরোনাম
	সারাদেশে ভোটে অনিয়ম ও কেন্দ্র দখল করে নৌকায় সিল	
	নির্বাচনি সহিংসতায় সারাদেশে নিহত হয়েছেন ২৩জন	
	সংবাদ সম্মেলনে চরমোনাই পীর র‍্যাব-পুলিশের পাহাড়ায় ভোট ডাকাতির মহোৎসব	২ কলাম শিরোনাম

দৈনিক দিনকাল	চট্টগ্রামে ভোটের আগেই বাক্স ভরা দেখতে পেলেন বিবিসির সাংবাদিক	১ কলাম শিরোনাম
	ভোট বর্জন করা হয়েছে যেসব আসনে	
	ভুয়া ভোটে ভুয়া নির্বাচন হয়েছে: সিপিবি	
	ধানের শীষের এজেন্ট না এলে করার কী আছে: সিইসি	
	অসংখ্য অভিযোগ পেয়েছি আমি একা কি করতে পারি: মাহবুব তালুকদার	
	কেন্দ্রের ভিতরেই ধানের শীষের প্রার্থীর উপর হামলা	
	ব্রাহ্মণবাড়িয়ায় প্রিজাইডিং অফিসারের গলায় ছুরি ধরে রাতেই ব্যালট ছিনতাই	
	চাঁদপুরের ৩টি আসনে রাতেই ভোট শেষ হয়ে যায়	
	'কাম তো রাতেই শেষ'	
	'তারা হাত চেপে ধরে বলল, দেখি কাকে ভোট দিয়েছেন	
	গাজীপুরে পুলিশ প্রহরায় আওয়ামী লীগের ভোট কেন্দ্র দখলের মহোৎসব	
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	এ নির্বাচন অনাচারের: রিজভী	৫ কলাম লাল রঙের প্রধান শিরোনাম
	গেজেট দিলেই হতো যে আওয়ামী লীগের ২৯৯ আসন: আলাল	৩ কলাম শিরোনাম
	এটাকে কোন নির্বাচন বলে না: কাদের সিদ্দিকী	ডাবল কলাম শিরোনাম
	বিদেশি সাংবাদিকদের ড. গওহর রিজভী অসদুপায়ে কেউ জয়ী হলে ইসি বাতিল করতে পারে	
	২৫০০ ব্যালটের হিসাব নেই প্রিজাইডিং অফিসারের কাছে	
	ওই সাংবাদিক আইছে, বাইরে চইলা আয়	
	ভোটে নেই এরশাদ পোলিং এজেন্ট ছিল কেন্দ্রে	সিঙ্গেল কলাম শিরোনাম
	সিইসি ভোট ডাকাতির নায়ক	
	আ'লীগও আমার মতো প্রার্থীকে ভয় পায়: হিরো আলম	
	দলীয় সরকারের অধীনে আর কোন নির্বাচন নয়: সরোয়ার	
	পুনর্নির্বাচন দাবি করেছে জেএসডি	
	এতো নিকৃষ্ট খেলার দরকার ছিল না: কনকচাঁপা	
	পুরান ঢাকার কেন্দ্রে অবাঞ্ছিত সাংবাদিকরা	
	চট্টগ্রাম ৯: দুটি কেন্দ্রে ইভিএম নষ্ট	
	সীতাকুন্ডে ভোট দিতে গিয়ে ককটেল হামলায় শিকার বিএনপির প্রার্থীর ভাই	
	কেন্দ্র দখল করে সিল মেরেছে মহাজোটের প্রার্থীদেও সমর্থকরা: ইমরান সরকার	
	টঙ্গীতে ভোট কেন্দ্রে ভোটার নিতে আ'লীগের মাইকিং	
	ভোটার বেছে বেছে নৌকায় ভোট দেয়াচ্ছিল পোলিং এজেন্টরা	
	১ম পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
দৈনিক জনকণ্ঠ	নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা পেল মহাজোট • নৌকার জোয়ারে ফেসে গেল স্বাধীনতা বিরোধী শক্তি • মানুষ একবাক্যে বিএন-পি-জামায়াতকে প্রত্যাখ্যান বরেছে আবারও শেখ হাসিনা	৮ কলাম ব্যাপি ব্যানার হেড প্রধান শিরোনাম

	জামায়াতের ২৫ প্রার্থীর প্রথম ভোট বর্জনের ঘোষনা লুকোচুরির অবসান "ধানের শীষ" প্রতীকে ২১, স্বতন্ত্র ৪	৩ কলাম ব্যাপি শিরোনাম
	মহাজোটকে মহাবিজয় দিয়ে বিদায় নিল ২০১৮ আজ রাতটুকু পোহালেই উঠবে নতুন বছরের সূর্য	সিঙ্গেল কলাম শিরোনাম
	ইভিএমে দ্রুত ভোট দ্রুত ফল, ভোটাররা খুশি রাজধানীতে ২ আসনে এই পদ্ধতিতে ভোট	
	দলীয় সরকারের অধীনে যে সৃষ্ঠ নির্বাচন সম্ভব তা প্রমাণিত ॥ এইচ টি ইমাম	
	বিএনপির পোলিং এজেন্ট ছিল না অধিকাংশ কেন্দ্রে	
	বিদেশিরাও বলছে নির্বাচন সুষ্ঠু, শান্তিপূর্ণ হয়েছে ॥ গহর রিজভী	
	ফল প্রত্যাখ্যান ও পুন:নির্বাচন দাবি ড. কামালের	
	সহিংসতায় দশ আওয়ামীলীগ নেতাকর্মীসহ নিহত ২০	
	শেষ পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
	মুক্তিযুদ্ধের পক্ষশক্তির নবযাত্রা, উজ্জীবন - জয় বাংলার জয় বিরোধীদের কথা কথার কথায় পর্যবসিত	৫ কলাম এর প্রধান লিড
	পুরান ঢাকার সব কেন্দ্রে ভোটারদের স্বত:স্ফুর্ত উপস্থিতি	৩ কলাম এর ২য় লিড
	সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনে অংশ নেয়ায় আওয়ামীলীগের ধন্যবাদ	
	কয়েকটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া ভোট শান্তিপূর্ণ ॥ আইজিপি	ডাবল কলাম শিরোনাম
	ভোট কেন্দ্রে দীর্ঘ লাইন, পছন্দের প্রার্থীকে ভোট দিতে পেরে সন্তোষ রাজধানীর ভোটের মাঠে ঐক্যফ্রন্টের নেতাকর্মীদের দেখা মেলেনি	
	নারী ভোটারদের দীর্ঘ লাইন, সামান্থার প্রথম ভোট নৌকায় সরেজমিন ঢাকা ১৭ ও ১৮	
	শান্তিপূর্ণ নির্বাচন হলেও স্রোতের বিপরীতে বামজোট	
	বর্জনের ঘোষনা ৪২ প্রার্থীর	সিঙ্গেল কলাম শিরোনাম
	জনগন এবার '৭০ সালের মতোই নৌকায় ভোট দিয়েছে ॥ নাসিম	
	বিএনপি - জামায়াত সহিয়সতা করছে ॥ জয়	
	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক ভোরের কাগজ	নৌকার বিস্ময়কর বিজয়	৮ কলাম লাল রঙের ব্যানার হেড
	বিচ্ছিন্ন সহিংসতায় নিহত ১৭	৩ কলাম শিরোনাম
	রাজধানীতে শান্তিপূর্ণ ভোট হামলা-অনিয়মের অভিযোগ বিএনপি জোটের	
	দুপুরেই ভোট বর্জনের ঘটনা ৮২ প্রার্থীর	২ কলাম শিরোনাম
	ফলাফল প্রত্যাখ্যান ফের নির্বাচনের দাবি জানালেন কামাল	সিঙ্গেল কলাম শিরোনাম
	দেশবাসীকে অভিনন্দন জানাল আওয়ামী লীগ দলীয় সরকারের অধীনে সুষ্ঠু নির্বাচন সম্ভব	
	শেখ হাসিনার আশাবাদ অব্যাহত থাকবে উন্নয়নের ধারা	
	সপ্তমবার সাংসদ নির্বাচিত হলেন শেখ হাসিনা	
	সিইসি নুরুল হুদা বিচ্ছিন্ন ঘটনা ছাড়া নির্বাচন সুষ্ঠু	
	ভোটের পরিবেশ সন্তুষ্ট বিদেশি পর্যবেক্ষকরা	
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট

	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	পাবনার ৫ আসনেই নৌকার প্রার্থী জয়ী	৩ কলাম শিরোনাম
	অধিকাংশ মন্ত্রী বিশাল ব্যবধানে বিজয়ী	২ কলাম শিরোনাম
	ইভিএমে প্রথম ভোট দিয়ে খুশি ভোটাররা	দেড় কলাম শিরোনাম
	উৎসবের আমেজে প্রথম ভোট দিলেন দাসিয়ারছড়াবাসী	
	ওবায়দুল কাদের সাম্প্রদায়িক গোষ্ঠী পরাজয় মেনে নিতে পারবে না	
	মির্জা ফখরুলের অভিযোগ নির্বাচনে জিততে ব্লু প্রিন্ট তৈরী করে কাজ করেছে সরকার	
	বিদেশি গণমাধ্যমে বাংলাদেশের নির্বাচন	সিঙ্গেল কলাম শিরোনাম
	সিইসি ধানের শীষের এজেন্ট না এলে কী করার	
	নোয়াখালীতে ব্যালট বাক্স জহনকারী পিকআপে আগুন	
	নিরাপত্তা না থাকায় ভোট দেননি মওদুদ	
	‘একতরফা ভোট বর্জন করল জামায়াত’	
	মাশরাফি বিন মুর্তজা ভোট কারচুপির কোন ঘটনাই কোথাও ঘটেনি	
	ইসলামী আন্দোলন নির্বাচনের নামে তামাশা হয়েছে	
	১ম পাতার শিরোনাম	সংবাদ ট্রিটমেন্ট
দৈনিক আমাদের সময়	আবার হাসিনায় আস্থা ইতিহাস গড়ে নৌকার জয়	৮ কলাম ব্যাপি ব্যানার হেড প্রধান শিরোনাম
	পুন:নির্বাচন দাবি করল ঐক্যফ্রন্ট	সিঙ্গেল কলাম শিরোনাম
	অত্যন্ত সুষ্ঠ ও সুন্দর হয়েছে বলল আ'লীগ	
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	সহিংসতার বলি ১৯ প্রাণ নির্বাচনে ২৪ জেলায় আহত শতাধিক	৪ কলাম শিরোনাম
	তারকাদের ভোট	
	শান্তিপুর্ণ পরিবেশে ভোট গ্রহণ সালমা ইসলামের বর্জন সরেজমিন ঢাকা-১	৩ কলাম শিরোনাম
	ডিজিটাল বাংলাদেশের সাক্ষী হলাম তরুন ভোটারদের প্রতিক্রিয়া	
	সাম্প্রদায়িক রাজনীতির কারণে বিএনপির পতন - কাদের	১ কলাম শিরোনাম
	প্রমাণ হলো ৫ জানুয়ারীর নির্বাচন বর্জন ভুল ছিল না - ফখরুল	
	ধানের শীষের প্রার্থীসহ ৭০ জনের ভোট বর্জন	
	১ম পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
দৈনিক ইনকিলাব	নৌকার জয় জয়কার	৬ কলাম লাল রঙের প্রধান শিরোনাম
	নির্বাচনি সহিংসতায় নিহত ২১	৪ কলাম শিরোনাম
	শেখ হাসিনা বিপুল ভোটে বিজয়ী প্রধানমন্ত্রীর আসনে ভোট উৎসব	৩ কলাম
	নির্দলীয় সরকারের অধীনে পুনরায় নির্বাচন দাবি ফলাফল প্রত্যাখ্যান ঐক্যফ্রন্টের	২ কলাম
	২২১ আসনে অনিয়মের চিত্র তুলে ইসিতে বিএনপির সংবাদ সম্মেলন নির্বাচনের নামে তামাশার কোন প্রয়োজন ছিল না: বিএনপি	

দৈনিক ইনকিলাব	আনফ্রেলের বিবৃতি অপরিপক্ক আচরণ নির্বাচন সুষ্ঠু হয়েছে-পররাষ্ট্র মন্ত্রনালয়	সিঙ্গেল কলাম শিরোনাম
	বিএনপি-জামায়াত তাদের আর কোন উপায় নেই - সাংবাদিকদের জয়	
	শেষ পাতার শিরোনাম	ট্রিটমেন্ট
	কেন্দ্রে কেন্দ্রে বাধাঁ ভোটারদের	৪ কলাম শিরোনাম
	চট্টগ্রামে নীরব দখলের ভোট	৩ কলাম শিরোনাম
	সঙঘাতময় নির্বাচন রাজশাহী অঞ্চলে	
	বিএনপির পোলিং এজেন্ট পাননি মাহবুব তালুকদার ও রফিকুল ইসলাম	
	গুলশান কার্যালয়ে মির্জা ফখরুল	২ কলাম শিরোনাম
	এটা কোন নির্বাচন হয়নি প্রহসন-তামাশা হয়েছে	
	সালমান এফ রহমান বিপুল ভোটে জয়ী	
	বিএনপি প্রার্থী সালাহউদ্দিনের উপর হামলা	
	বিদেশি সাংবাদিকদের ব্রিফিয়ে ড. গওহর রিজভী অসদুপায়ে কেউ জয়ী হলে ইসি বাতিল করতে পারে	
	ধানের শীষের এজেন্ট না এলে কী করার: সিইসি	সিঙ্গেল কলাম শিরোনাম
	ভোটারদের কাছে ক্ষমা চাইলেন মোস্তফা মহসিন মন্টু	
	ভোটের পর মোবাইল ইন্টারনেট চালু	

তথ্যসূত্র: উপরে উল্লেখিত পত্রিকাসমূহ।

বীরবিক্রম শাহজাহান সিদ্দিকীর মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ

দীয়া সিমান্ত ও নাজনীন নাহার

(সাক্ষাৎকারের তৃতীয় পর্ব)

ভেতরে চলে গেছে ছেলেরা। আমি চলে গেছি দাউদকান্দি, নারায়নগঞ্জ চারদিকে আলোময় তার মধ্যে চলে গেছি।

দ্য পার্লামেন্ট ফেইস: দাউদকান্দিতে আপনারা শত্রুর কয়টা ফেরি ধ্বংস করেছেন।

শাহজাহান সিদ্দিকী: ২টা ফেরি ১টি পল্টুন। ৩টা টার্গেট করে উড়িয়ে দিয়েছি একদম। রাতের অন্ধকারে কিছু দেখা যায় না। কমান্ডো অপারেশনের সবচেয়ে মোক্ষম সময় হল রাতের অন্ধকারে যখন ঝড় বাতাস বইছে, সকল প্রাণী মানুষসহ যখন নিরাপদ আশ্রয়ে যায় তখন হল কমান্ডো অপারেশনের মোক্ষম সময়। ঘর থেকে বেরিয়ে যুদ্ধে যাওয়ার কেউ যদি হারিয়ে যায় তাহলে নিয়ম হল পানির উপরে হাত এরকম করবে। জাষ্ট পানির উপরে। কিন্তু আমি যেহেতু কমান্ডো আমি বুঝতে পারবো কেউ সমস্যায় আছে। আমার সাথে নজরুল নামে একটা ছেলে হাত এরকম করছে। বুঝলাম সে পথ হারিয়ে ফেলেছে। রাতের অন্ধকারে মেঘনা নদীতে পথ হারিয়ে ফেলেছে। রাতের তখন তাকে রেসকিউ করার জন্য কোষা নৌকা নিয়ে এগিয়ে গেলাম। তাকে টেনে তুললাম। তুলার পর আমরা বড় নৌকায় উঠলাম। খালি গায়ে সব আন্ডার ওয়্যার পরা, লোকজন দেখলে আমাদের ভাববে পাগল। পানিতে ১ মাসের উপর ট্রেনিং করে পানিতে শ্যাওলা (সাবান নাই) আর গায়ের রং এক হয়ে গেছে। বয়সও এক। দাড়ি কামানো নাই জংলী টংলী মনে হয় আরকি। আমরা বড় নৌকায় উঠে বন্দরামপুরে আমাদের অস্থায়ী ক্যাম্পের উদ্দেশ্যে রওয়ানা হব। এই সময়ে ৯টা মাইন বিকট শব্দে প্রলয়ংরী ভূমিকম্পের মত বিস্ফোরিত হলে ২০ কি.মি এলাকার মধ্যে কোন মানুষ কোন প্রাণী তারা কি ঘুমিয়ে থাকতে পারে। সব জেগে গেছে। একটার পর একটা সিরিজ ব্রাস্ট হতে থাকলো। তখন যে কী আনন্দ। কী জয়ধ্বনি মনে হচ্ছে আমি বিজয়ী। মহাবিজয়ী। এই বিশ্ব জয় করে ফেলতে পারবো। এরকম ফিলিংস। আমরা তখন দাউদকান্দি ফেরিঘাট থেকে ২ কি.মি উত্তর দিকে আছি। আমরা পূর্ব দিকে নৌকা চালিয়ে যাচ্ছি। আর লক্ষ্য করলাম ময়নামতি ক্যান্টনমেন্ট দাউদকান্দি থেকে পূর্ব দিকে, ঐদিক থেকে লাইটগুলো দেখা যাচ্ছে গাড়ি, ট্রাক ও জিপ ধরে ধরে দাউদকান্দির দিকে যাচ্ছে। আর দাউদকান্দি ফেরিঘাটে যে ক্যাম্প ছিলো ওখান থেকে সমানে মেশিনগান দিয়ে গোলাবর্ষন করে যাচ্ছে। এরা মনে করেছে আমরা ঢাকা থেকে মেঘনা নদী পার হয়েছি পশ্চিম দিকে। ওরা মর্টার মারছে। সবগোলা ওদিকে। কিন্তু আমরা যেদিকে ওদিকে একটাও না। আমরা উত্তর দিক দিয়ে যাব এটা ওরা ভাবতেও পারে নাই। আমরা ধানক্ষেতের ভিতর দিয়ে চলে আসছি। এটা হল কমান্ডো অপারেশনের টেকনিক। আমরাও কমান্ডোরাও নৌকার পাটাতন দিয়ে বইতে থাকলাম। আমরা মহাআনন্দে আল্লামা শাহকামাল সাহেবের বাড়িতে চলে গেলাম। ভোর হয়ে গেছে। ফজরের নামাজের আযান দেয় নাই। যেয়ে দেখি হুজুর আলখল্লা পরা চিন্তাগ্রস্থ হাটাহাটি করছে অস্থির হয়ে। আমাদের নৌকা ভিড়ল। উনি চিৎকার করে বললেন পুত তেরা আসছস। আমরা বললাম আসছি। উনি বললেন পুত তোদের জন্য চিন্তায় আমি অস্থির। তোরা যাওয়ার পর রাত ২টা আড়াইটার দিকে কি ভয়ংকর আওয়াজ হইসে আমি ভেবেছি তোদের কিছু হয়েছে। আমি বললাম হুজুর এই কেয়ামতের আওয়াজ তো আমরা করে আসছি। তারপর তিনি সাব্বাস বলে বুকে জড়িয়ে ধরেছেন। এই হল আমাদের অপারেশন জ্যাকপট, ১৬ তারিখ রাতে।

১৭ তারিখ সকালে দেখি আমাদের কমান্ডোদের নিয়ম হল আমরা কিছু সাথে নিবোনা, সব ফেলে দিয়ে এসেছি। কিন্তু ফেলে দিয়ে এসেছি কমান্ডো লাইফ। মতি দেখি ওর সব নিয়ে এসেছে। কাঁচা দুধ, চিরা, কাঠাল খেয়ে যেতে বলল। হুজুর বলল আমার এক মুরিদ এনেছে। সে পাটের ব্যবসা করে নারায়নগঞ্জে। তো একবার পাট বিক্রি করে টাকা নিয়ে আসছিল। দাউদকান্দির কাছে পাকিস্তানি তাদেরকে ধরে নিয়ে তাদের দিগম্বর করে তার টাকা পয়সা সব ছিনিয়ে নিয়ে গেছে। তার যে কষ্ট সে আক্ষেপ করে বলেছে হে রাব্বুল আলামিন এই জালেমদের থেকে আমাদের মুক্ত কর তাদের উপযুক্ত শাস্তি দাও তো আজকে সেই খবর হয়েছে যে দাউদকান্দি ফেরিঘাট উড়ে গেছে। এই আনন্দে সে দুধ আর চিড়া, খই নিয়ে এসেছে। এটা যে আমি তারা তো জানে না। এটা আল্লাহর কাছে শুকরিয়া আদায় করি যে কীভাবে মিলে যায়।

দ্য পার্লামেন্ট ফেইস: পরবর্তী অপারেশন কোথায় ছিল দাউদকান্দির পর?

শাহজাহান সিদ্দিকী: আমাদের ৩জন কমান্ডোকে বাছাই করে রাখলো অনেকদিন ধরে আগরতলায়। ফেনী নদীর উপরে একটা শুভাপুর ব্রীজ আছে। আমার বন্ধুরা আমাকে বলত জ্বীনমানুষ। ওর ভয় কিছু ছিলনা (যখন যুবক ছিলাম)। এখন আমার বয়স ৭০ বছর ৬ মাস। তখন ছিল ২৩ বছর ৭ মাস। ওই ব্রীজ উড়িয়ে দেয়ার জন্য এরকম বেডামার্কা সাহসী কমান্ডো দরকার। বাকী ২ জনের নাম মনে নেই। অনেকদিন থাকলাম। থেকে থেকে ফ্রাসট্রেটড হয়ে গেছি। পরে ওই অপারেশন অ্যাবানডন করা হয়েছে। তাতে আমি খুব কষ্ট পেলাম।

দ্য পার্লামেন্ট ফেইস: কতদিন ছিলেন ওখানে?

শাহজাহান সিদ্দিকী: প্রায় মাস খানেক অপেক্ষা করলাম। অপারেশন হলনা। আমি আমার কমান্ডারকে লেফটেন্যান্ট কর্ণেল রায়কে বললাম আমাকে একটা টার্গেট দাও। আমি আমার গ্রামের বাড়ি যাব। পাকিস্তানি সেনাবাহিনী নৌপথে যে অস্ত্রশস্ত্র গোলাবারুদ বহন করে তা উড়িয়ে দিব। আসলে একটা কৌশল করে চলে আসলাম বাড়ি। এসে নবীনগরে একটা অপারেশন করেছিলাম বিভিন্ন কারণে সাকসেস হয় নাই। কিন্তু মানিকনগর লঞ্চঘাটের অপারেশনটা সাকসেসফুল হয়েছিল। ওখানে লঞ্চঘাটের পল্টুনটা উড়িয়ে দিয়েছিলাম।

দ্য পালামেন্ট ফেইস: এটা কত তারিখে?

শাহজাহান সিদ্দিকী: নভেম্বর মাসে। তারিখ মনে নাই। তারপর ফের আমাদের একই রাস্তায় কোলকাতা নিয়ে গেল। যাওয়ার পথে ১৬ ডিসেম্বর আমি যখন গোহাটি তখনি শুনলাম পাকিস্তানি সেনাবাহিনী আত্মসমর্পন করেছে। বিজয় আমি স্বচক্ষে দেখিনি কিন্তু বিজয় আমি অনুভব করেছি। এই বিজয়ের মাধ্যমে অনেক কিছু অর্জিত হয়েছে।

দ্য পার্লমেন্ট ফেইস:এখন আমরা সেই বিজয়ের গাথা যার আদর্শে তাকে নিয়ে কিছু কথা বলব। যেন আমাদের মহান মুক্তিযুদ্ধে নেতৃত্ব

দিয়েছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তার স্বপ্নের কথা বলে আমরা স্বগর্বে বক্তৃতা দেই, দিচ্ছি। আদৌ বঙ্গবন্ধুর আদর্শে চালিত প্রতিপালিত হচ্ছি কিনা?

শাহজাহান সিদ্দিকী: দেখুন আমি শুরুতেই বলেছি বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। বাংলার মানুষ, আমার মানুষ উনি বলতেন আমার জনগন পেট ভরে ভাত খেতে পারবে। শান্তিতে ঘুমাতে পারবে, নিজের ভাষার কথা বলতে পারবে। আহামরি রাজকীয় জীবন যাপনের কথা উনি বলেন নাই। বঙ্গবন্ধুর সোনার বাংলা বলতে আমার মনে হয় একটাই উনি কামনা করেছিলেন। সেটুকু ছিলনাতো। তো এটাতো আমরা অর্জন করেছি ইনশাআল্লাহ এবং তার চেয়েও বেশি অর্জন করেছি। তো বঙ্গবন্ধু বহুদলীয় গনতন্ত্রে বিশ্বাস করতেন Democratic System এ। বাংলাদেশে বহুদলীয় গণতন্ত্র চলমান আছে। যেটাকে ইংরেজিতে Plural democracy বলে। কিন্তু এখন একটা জিনিস আমার খারাপ লাগে বহুদল বলতে তো ২/৩/৪/৫ টা হতে পারে। এখন শতশত দল রেজিষ্ট্রেশনের জন্য এপ্লাই করে। এটা মনে হয় গণতন্ত্রকে হাস্যপদ করে ফেলে। গণতন্ত্রের অর্থ এই না যে পেট সর্বস্ব রাজনৈতিক দল থাকবে। কারণ গণতন্ত্র মানেই নির্বাচন। নির্বাচন হতে গেলেই একাধিক দল থাকতে হবে। খেলা মানেই আরেকটা প্রতিপক্ষ থাকতে হবে। একলা একলা তো খেলা যায় না। নির্বাচন মানেই ভোট।

ভোট হতে হলে এক বা একাধিক প্রতিপক্ষ থাকতে হবে। সুতরাং সেটা বঙ্গবন্ধু বিশ্বাস করতেন সেটা বাংলাদেশে আছে। তবে তা এখনো Maturityতে পৌছায় নাই। পৌছাতে হয়ত আরো চর্চা ও সময় লাগবে। তার কারণ আপনারা জানেন বঙ্গবন্ধুকে ১৯৭৫ সালে স্বপরিবারে নৃশংসভাবে হত্যা করার পর প্রায় ২১ বছর বাংলাদেশে গণতন্ত্র বলতে কিছুই ছিল না। স্বৈরশাসন ছিল। মিলিটারির শাসন ছিল। মিলিটারিরাতো এইসব বোঝেনা। গণতন্ত্রের চর্চা হয় নাই। চর্চা এখন হচ্ছে এটা হয়তো পূর্ণাঙ্গ একটা অবয়ব লাভ করবে দিনে দিনে সেটা আমি কামনা করি, বিশ্বাস করি।

দ্য পার্লামেন্ট ফেইস: বঙ্গবন্ধুর বিরুদ্ধে কুখ্যাত আগরতলা ষড়যন্ত্র মামলাটি নিয়ে আপনার জানা এবং মূল্যায়নটি কেমন?

শাহজাহান সিদ্দিকী: ঐ আগরতলা ষড়যন্ত্র মামলাকে আসলে উল্টা বলে। এটা আগড়তলা ষড়যন্ত্র মামলা না এটা হল, আমি একটা বই দিয়েছি না আপনাকে। কর্ণেল শওকত আলী সাহেব একটা বই লিখেছেন The armed quest for independence । এই মামলাটি আসলে নাম হল State versus sheikh mujib and others. রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান এবং অন্যান্যরা। এটা তদন্তীন্তন বাঙ্গালী যারা পাকিস্তান সেনাবাহিনী, নৌবাহিনী এবং বিমান বাহিনীতে কর্মরত ছিলেন তারা একত্রিত হয়ে এবং কিছু আমাদের মত সিভিল সারভেন্ট বাংলাদেশকে স্বাধীন করার জন্য প্লানিং করেছিলেন। সেই বেপারে তারা বঙ্গবন্ধুর সাথে যোগাযোগ করেছিলেন। এবং বঙ্গবন্ধু তাদেরকে ক্লিয়ারেন্স দিয়েছিলেন। এটা যখন ফাঁস করা হলো এবং এটা বলা যায় যে বাংলাদেশকে স্বাধীন করার জন্য ১টা প্রথম যুগান্তকারী পদক্ষেপ। এটা বঙ্গবন্ধু কোন ষড়যন্ত্র করেন নাই। এটা কৌশল। কৌশলের মাধ্যমে এরকম একটা সশস্ত্র বিপ্লবকে তিনি সমর্থন করেছিলেন যে পরবর্তীকালে তারা সব ধরা পড়ে গেলো। বঙ্গবন্ধু আটক হয়ে গেলেন এবং এটাকেই পাকিস্থান শাসক গোষ্টি আইয়ুব খান State versus sheikh mujib and others. নামে মামলা দায়ের করে। মামলার জন্য তখনকার এই ট্রায়াল এর ব্যাপারগুলো বিভিন্ন পত্রপত্রিকায় আসতো, আমরা এগুলো পাঠ করতাম। শেষ পর্যন্ত ৬৯ এর গণঅভ্যুত্থানের ফলশ্রুতিতে সম্ভবত ২২ ফেব্রুয়ারী পাকিস্থান সরকার বাধ্য হয়ে আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করে নেয় এবং বঙ্গবন্ধু মুক্তি পান।

দ্য পার্লামেন্ট ফেইস: প্রমানিত হয় যে এটা মিথ্যা মামলা?

শাহজাহান সিদ্দিকী: মিথ্যা মামলা প্রমানিত এটা আমি বলব না। মামলাটা স্থগিত হয়ে যায়।

দ্য পার্লামেন্ট ফেইস: তখন মিথ্যা যাচাইয়ের কোন সুযোগ ছিল না?
শাহজাহান সিদ্দিকী: কিন্তু আমি বলব ঐতিহাসিকভাবে সত্য হলেও it is a fact. আমি তো জনতার মঞ্চের মামলার একজন accused কিন্তু আমি তো স্বীকার পাই না। তখন তো স্বীকার করা ঠিক হতনা। কিন্তু বঙ্গবন্ধু চেষ্টা করেছিলেনতো দেশপ্রেমে উদ্ভুদ্ধ হয়েই। বঙ্গবন্ধু চেয়েছিলেন প্রয়োজনে সশস্ত্র বিপ্লবের মাধ্যমে পাকিস্থানীদের উৎখ্যাত করে বাংলাদেশকে স্বাধীন করা হবে। এটা সত্য কথা। উনি চেয়েছেন। কর্ণেল শওকত আলী সাহেব এরকম সশস্ত্র বিপ্লবের মাধ্যমে বাংলাদেশকে স্বাধীন করার কথা লিখে গেছেন তার বইতে। কিন্তু মামলা শেষ পর্যায়ে যেতে পারে নাই বাঙ্গালীদের আন্দোলনের কারণে, ৬৯ এর গণঅভ্যুত্থানের কারণে।

দ্য পার্লামেন্ট ফেইস: বর্তমান একটি স্বাধীন সার্বভৌম দেশে গণতান্ত্রিক ব্যবস্থার মাপকাঠি কেমন হওয়া দরকার? বাংলাদেশের প্রেক্ষিতে গণতান্ত্রিক শাসন ব্যবস্থার টেকসই করতে জবাবদিহিতার জায়গায় নাগরিক অংশগ্রহণ কেমন হওয়া জরুরী?

শাহজাহান সিদ্দিকী: মাপকাঠি একেকজনের কাছে একেকরকম। আমার দৃষ্টিতে যেরকম গণতান্ত্রিক পরিবেশ পরিস্থিতি থাকা দরকার বাংলাদেশে তা বিরাজমান। কারণ সব মিডিয়ার ফ্রিডম আছে কথা বলার। তারা যে কোন নিউজ করতে পারে। যে কোন রাজনৈতিক দল দলের নেতৃবৃন্দ তারা তাদের বক্তব্য বিনা বাধায় প্রকাশ করতে পারে এবং তারা মিটিং মিছিল সব করতে পারে। তবে হ্যা কিছু আইনানুগ কিছু বিষয় আছে এগুলো মেনে নিয়ে। আপনি পেট্রোল বোমা মারবেন মানুষ মরবে এটা তো হতে পারে না। এভাবে আগুন সন্ত্রাস করতে পারবেন না। কতগুলো শৃঙ্খলার ভিতর থেকে সমাবেশ মত প্রকাশ, লেখা এগুলো করতে পারেন। এটা তো গনতন্ত্রের মাপকাঠিতে ঠিকই আছে। এটাকে কেউ মিসইউজ করলে সেটা আলাদা কথা। কেউ কেউ মিসইউজ করতে চায়, তবে যেটা আংকার ব্যাপার যেটা আসলেও খুব বিপদের ব্যাপার এ হল বাংলাদেশে ২০০১ সালের পর যে জঙ্গীকদের উত্থান ভয়াবহ জঙ্গীকদের উত্থান হয়েছে আপনার বাংলা ভাই, শাহ আব্দুর রহমান এদের নেতৃত্বে হিজবুত তেহারী ইত্যাদি এই জঙ্গীবাদের উত্থানের কারণে আমাদের গণতন্ত্রের বিশ্বাস কিছুটা হলেও বাধাগ্রস্থ হচ্ছে। এই জঙ্গীবাদকে নিয়ন্ত্রণ করতে পারলে আর আমাদের বর্তমান প্রজন্মকে বিশেষ করে পরিবারভিত্তিক সমাজ যদি সুন্দর ভাবে গঠন করা যায়, পরিবারের যারা গুরুজন আছেন তারা যদি তাদের সন্তানদের প্রতি খেয়াল রাখতে পারে খোঁজ খবর রাখতে পারে এবং ইন্টারনেট, ফেসবুকের মাধ্যমে জঙ্গীবাদের তথ্য যেভাবে ছড়িয়ে পড়ছে এটা থেকে তাদের সন্তানকে যদি বিরত রাখতে পারেন তাহলে আমি বিশ্বাস করি জঙ্গীবাদও একদিন ইনশাআল্লাহ পুরোপুরি না হলেও নিয়ন্ত্রনে চলে আসবে। যদি জঙ্গীবাদ নিয়ন্ত্রনে থাকে যদি অর্থনৈতিক প্রবৃদ্ধির বর্তমান যে ধারা এটা অব্যাহত থাকে, যদি মানুষ ভালকে ভাল খারাপকে খারাপ বলার চিন্তা চেতনা বিশ্বাসী থাকে এবং যদি কেউ ধ্বংসাত্মক কোনো কার্যকলাপে জড়িত না হয় তাহলে সৃজনশীল প্রতিভার মাধ্যমে বাঙ্গালী জাতি বিশেষ করে আমাদের বর্তমান প্রজন্ম দেশকে উন্নতির শিখরে ইনশাআল্লাহ একদিন নিয়ে যেতে পারবে।

দ্য পার্লামেন্ট ফেইস: এবছর দেশে একটি জাতীয় নির্বাচনের হাওয়া বইছে। এটা আমরা সবাই জানি। আমার ভোট আমি দেব জনগনের এই প্রত্যাশা পুরণে জাতীয় নির্বাচন কীভাবে পরিচালিত হতে পারে?

শাহজাহান সিদ্দিকী: দেখুন আপনি যে কথাটা বললেন এই বছরের নির্বাচনের হাওয়া বইছে তো হাওয়া বলতে অনেক সময় আমরা বুঝি হঠাৎ করে যদি বাতাস বইতে শুরু করে তাহলে সেটা হাওয়া। কিন্তু গণতান্ত্রিক মাপকাঠির হিসেবে গত ২০১৪ তে গেলে লাস্ট নির্বাচন তাহলে ৫ বছর মেয়াদে এটা ২০১৮'র শেষে নির্বাচন হবে। তো নির্বাচন হবে এটাতো সুনির্দিষ্ট ভাবে বলাই আছে নির্দিষ্ট করে। নির্বাচনের বছরে নির্বাচনের জাকজমক হবে, আলোড়ন সৃষ্টি হবে। প্রার্থীরা ভোটারদের কাছে যাবে। এটাই স্বাভাবিক, এটাকে যদি হাওয়া বলেন বলতে পারেন। এই হাওয়াকে আমি বলব সুবাতাস। কারণ এটার সাথে যদি respond করে সব রাজনৈতিক দল এবং ভোটাররা তাহলেই তো গণতান্ত্রিক চর্চা হবে। এবং তার ফলশ্রুতিতে

নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে এই কথাটা Leniveral যে আমার ভোট আমি দেব যাকে খুশি তাকে দেব। এটা অধিকার, নাগরিকদের অধিকার। এখন নির্বাচন পরিচালনার তো সরকার করেনা। নির্বাচন কমিশন করে। এটি একটি সাংবিধানিক প্রতিষ্টান এমনকি আমাদের সংবিধানে বলা আছে যে নির্বাচনের তফসিল ঘোষনার পর যে এক্সিকিউটিভ ব্রাঞ্চ, নির্বাচন কমিশন যা চাইবে সেই মোতাবেক দায়িত্ব পালন কর্তব্য করতে হবে। এমনকি আর্মড ফোর্সেস ল এন্ড অর্ডার মেইনটেন করার জন্য পুলিশ র‍্যাব তারাও নির্বাচন কমিশনের নির্দেশে চলবে। নির্বাচন কমিশনের এটা সাংবিধানিক দায়িত্ব। তারা সুষ্ঠু অবাধ শান্তিপূর্ণ নির্বাচনের জন্য যা যা করা দরকার করবে। তারা যেভাবে চাইবে সেইভাবে তখন যে সরকার থাকবে এটা interim govt বলে বা carelaker govt বলে সেই govt. respond করবে। তাহলেই তো নির্বাচন সুষ্ঠু, অবাধ, নিরপেক্ষ গ্রহণযোগ্য হবে।

দ্য পার্লামেন্ট ফেইস: সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে সরকারী দলের ভূমিকা কতটুকু? অংশগ্রহণকারী অন্যান্য দলের দায়িত্ব আছে কী?

শাহজাহান সিদ্দিকী: সুষ্ঠু নির্বাচনে শুধু সরকারী দলের না সকল দলেরই আছে। সরকারী দলের ভূমিকা তো আছেই। এই জন্য আছে যে সরকারী দল তো শুধু একটা রাজনৈতিক দলই না সরকারী দল সরকারেরও আছে। তো সরকার থাকলে সরকারের যে রাষ্ট্রযন্ত্র যে কাঠামো সবটার উপরেই সরকারের নিয়ন্ত্রন রয়ে গেছে।

এখন সুষ্ঠু নির্বাচনের জন্য অন্যান্য দল যাতে অংশগ্রহণ করতে পারে সেজন্য তাদের আচার আচরণের কথা বার্তায় আইন কানুন প্রয়োগ এরকম কিছু করা উচিৎ না যাতে অন্য কোন দল নির্বাচনে অংশগ্রহণ করতে নিরুৎসহিত হয়। তাদেরকে উৎসাহিত করার জন্য যা যা করার দরকার তাই সরকারী দলের করা উচিত। এবং আমি লক্ষ্য করছি তাই করছে। কারণ আওয়ামীলীগের সেক্রেটারী জেনারেল ওবায়দুল কাদের সাহেব সবসময় বলছেন আমরা inclusive নির্বাচন করতে চাই। শুধু সব দলকে না বিএনপির কথা categorically ই বলেন যে বিএনপি কে নিয়ে আমরা নির্বাচন করতে চাই। তো আশা করি সরকারী দলের এই অনুকূলে মনোভাব এর পরিপ্রেক্ষিতে অন্যান্য সকল দল আসন্ন নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে। আর বিরোধী দলেরও আপাতত অভিজ্ঞতা বলি যে ভোটের বাক্সে লাথি মার ভোট কেন্দ্র আগুন দিয়ে পুরিয়ে দাও এসব থেকে তারা যদি বিরত থাকে।

কারণ ভোট দিবে জনগণ ভোটারদের কাছে যেতে হবে। ভোটারদেরকে আমার দলের আদর্শ তা বলতে হবে। তারা যদি আমাকে বা আমার দলকে ভোট দেয় আমি বিজয়ী হব কিন্তু আগুন লাগিয়ে এটাতো সন্ত্রাসের পথ। এটা পরিহার করতে হবে। তো দেখা যাক। আগামী নির্বাচনে যারা বিরোধী দল আছেন তারাও সুশৃঙ্খলভাবে নির্বাচনে অংশগ্রহণ করবে এটাই আশা করি। আর সরকারী দলও অনুকূল পরিবেশ বজায় রাখবে এটাও কামনা করি। এভাবেই দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হবে। জনগনের সরকার প্রতিষ্ঠিত হবে।

দ্য পার্লামেন্ট ফেইস: সুষ্ঠু এবং গ্রহণযোগ্য নির্বাচন অনুষ্ঠানে সরকারের পদক্ষেপ কেমন হওয়া দরকার?

শাহজাহান সিদ্দিকী: সরাসরি সরকারের নির্বাচন সুষ্ঠু করার কোনো পদক্ষেপ আমি দেখিনা। কারণ নির্বাচন কমিশনের হাতেই সবকিছু ন্যস্ত হয়ে যায়। নির্বাচন কমিশন একটা সাংবিধানিক সংগঠন। তারা সরকারের আদেশ নিষেধ চলেনা সংবিধানের যে আইন গুলো প্রতিষ্ঠিত সে অনুযাই চলে। সুতরাং একটা স্বচ্ছ এবং সঠিক ভোটার তালিকা প্রণয়ন করতে হবে। এটা নির্বাচন কমিশনের দায়িত্ব তারা করেছে বলেই শুনেছি প্রায় ১০ কোটির উপরে ভোটার। আইন শৃঙ্খলা রক্ষার জন্য তারা যেভাবে হুকুম করবে এটা নির্বাচন কমিশন নিয়ন্ত্রণ করবে। সরকার যদি respond না করে তাহলে সরকারে দায়িত্ব আমি আগেও বলেছি নির্বাচন কমিশনের চাহিদা অনুযায়ী সরকারকে respond করতে হবে। এবং সরকার যদি respond করে তাহলে সুষ্ঠু নির্বাচন পরিচালনায় কোন অসুবিধা আছে বলে আমি

মনে করি না। আমি সুদীর্ঘ চাকরিজীবনে বহুবার জাতীয় সংসদ নির্বাচন করেছি। জেলা প্রশাসক হিসেবে ছিলাম ইউএনও হিসেবে ছিলাম। দেখেছি বিশেষ করে নির্ভর করে নির্বাচন কমিশন। কীভাবে পরিচালনা করছে আর সরকার কীভাবে সাড়া দিচ্ছে আর জনগন। এটা একপক্ষীয় নয়। বহুপক্ষীয়। রাজনৈতিক দল অর্থাৎ জনগনের অংশগ্রহণ, নির্বাচন কমিশন, সরকার সবার সম্মিলিত প্রয়াসের মাধ্যমেই একটি সুষ্ঠু অবাধ ও নিরপক্ষে নির্বাচন অনুষ্ঠিত হবে।

দ্য পার্লামেন্ট ফেইস: দেশের বিনিয়োগ সামাজিক নিরাপত্তা, বৈদেশিক বানিজ্য টেকসই সুশিক্ষিত প্রজন্ম গঠন এবং অভ্যান্তরীন শান্তিশৃঙ্খলাসহ সার্বিক উন্নয়নে একটি দেশের রাজনৈতিক স্থিতিশীলতার উপর নির্ভরশীল। দেশের সার্বিক উন্নয়নের পরিবেশ তৈরিতে সরকারের ভূমিকা কিরূপ হতে পারে বলে আপনার অভিমত?

শাহজাহান সিদ্দিকী: সরকারের হাত অনেক লম্বা তারপরও কিছু সীমাবদ্ধতা আছে। যা করতে পারে তার জন্য দক্ষতা অর্জন করতে হবে। সরকার বলতে রাজনৈতিক নেতৃবৃন্দ সহ কাজ করে না। তারা গাইড Implement করে প্রশাসনযন্ত্র। প্রশাসনযন্ত্র বলতে আমলা, কর্মচারীদের বুঝায়। আমলারা সাংবিধানিকভাবে স্বীকৃত একটি প্রতিষ্ঠান। আমলাতন্ত্র সারা পৃথিবীতে আছে এবং থাকবে। আমলাতন্ত্র ছাড়া চলবে না। তার ধারাবাহিক যে আমলারা তাদের মানসিকতার, চিন্তা চেতনার পরিবর্তন আবশ্যক। তাদেরকে প্রশিক্ষিত করে তুলতে হবে। তারা যাতে দেশপ্রেমে উদ্ভুদ্ধ হয়ে একটি কাজ বা একটি কর্মসূচিকে বাস্তবায়নের জন্য কী কী পদক্ষেপ গ্রহণের সে পদক্ষেপ গ্রহনের জন্য তারা মানসিকভাবে এবং তাদের যে নৈপুন্য আছে সেটা দিয়ে তারা কতটুকু সক্ষম সেটার উপর নির্ভর করে। যে শিক্ষিত, না skilled এবং সক্ষম জনশক্তি সৃষ্টির জন্য সরকার অনেক পদক্ষেপ গ্রহণ করেছেন। যদি তাই হয় তাহলে তারা বিদেশি যারা আছেন তাদের Counterpart তাদের সাথে negotiate করে skill develop করবে। যেমন রোহিঙ্গা ইসু নিয়ে negotiate করেছে আমাদের আমলারা তারা বেশ skilld আমি দেখি। তাছাড়া অনেক bilateral issue, Business, taxation, কোথা Dumping, antidumping, tariff system, এঝচ সুবিধা। এগুলো নিয়ে নেগোশিয়েষ্ট করতে হয়। গেট সম্মেলন এ করতে হয় UNCTAD এ করতে হয়। এগুলি করার জন্য দক্ষতা অর্জন করতে হবে। তো দক্ষতা অর্জনে সক্ষম আমাদের আমলাতন্ত্র। ইনশাআল্লাহ ভবিষ্যতে আমাদেরকে সুন্দর সমাজ, গণতন্ত্র এবং আর্থিক উন্নতি সমৃদ্ধি উন্নয়নে ভূমিকা পালন করবে বলে আমি বিশ্বাস করি।

দ্য পার্লামেন্ট ফেইস: আমাদের ইনস্টিটিউশনগুলো পুনর্গঠনটাই সম্পন্ন হয়ে ওঠেনি, যখন পুনর্গঠন করার কথা তখন ধীরে ধীরে সকল ইনস্টিটিউশনগুলো পলিটিসাইজও হয়ে গেছে এবং বলা হচ্ছে যে এটা কমছেনা বরং বাড়ছে যার কারণে ইনস্টিটিউশনগুলা নিজের দায়িত্ব পালনে চেয়ে যখন যারা ruling party তখন তাদের মতই চলাফেরা করে। এটাকে আপনি কিভাবে মূল্যায়ন করেন?

শাহজাহান সিদ্দিকী: আপনি যেটা বললেন এটা একটা খারাপ দিক আমাদের রাষ্ট্রের এবং সমাজতন্ত্রের। কারণ প্রতিষ্ঠান establishment, self governed হবে। তার নিজস্ব আইনে নিজস্ব গতিতে চলবে। এখানে যদি কোন প্রতিষ্ঠানকে নিজেদের স্বার্থে ব্যক্তিসার্থে বা গোষ্টীস্বার্থে রাজনীতিকরণ করা হয় তাহলে তো আর প্রতিষ্ঠানের নিজস্ব যে একটা লক্ষ্য সেটা অর্জন করা কঠিন হয়ে দাঁড়ায়। তো এটা হচ্ছে। এটাকে এড়ানো যাবে কিনা এটা থেকে পরিত্রাণ পাওয়া যাবে কিনা সে ব্যাপারে আমি নিশ্চিত নই।

দ্য পার্লামেন্ট ফেইস: আপনারা যারা মুক্তিযুদ্ধ করেছেন তারা তো মানে আমরা যারা কথা বলি আপনাদের সাথে আপনারা বলেন যে এই জীবনটা আমাদের বোনাস। সেই বোনাস জীবনে আপনাদের কোন সুযোগ আছে কি এই বিষয়গুলো নিয়ে কথা বলার বা সমাজে মুভমেন্ট করার যে আসলে ইন্সটিটিউশনগুলা ঠিক রাখতে হবে যদি দেশকে ঠিক রাখতে হয় এবং প্রজন্মকে ঠিক ট্রাকে রাখতে হয়?

শাহজাহান সিদ্দিকী: আমারতো ওখানে শহীদ হয়ে যাওয়ার কথা আমি এখনো বেঁচে আছি। এই যেই প্রশ্নটা আপনি রাখলেন আমার প্রতি আমাদের প্রতি, আমি মুক্তিযোদ্ধা সংসদের কার্যক্রমের সাথে জড়িত। এখন যারা মুক্তিযোদ্ধা বেঁচে আছেন একটু ধারণা কারণ আমার বয়স ৭০ এর উপরে তাহলে বেশির ভাগ মুক্তিযোদ্ধার আসলে কত? ৬০-এর উপর। তো তারা কোন শ্রেণীভুক্ত? বৃদ্ধ। তো কোনো একটি সমাজব্যবস্থার রাষ্ট্রব্যবস্থার গণতান্ত্রিক ব্যবস্থায় যদি বৈপ্লবিক কোন পরিবর্তন আনতে হয়, নতুন কিছু আনতে হয় তাহলে কারা পারে? বৃদ্ধরা না। পারে যুবকেরা তরুণরা, আপনার বয়সি যারা

তারা করবে। আমার যখন যৌবন ছিল, আমার যখন তারুন্য ছিল আমি তখন যুদ্ধ করেছি একটি দেশ প্রতিষ্ঠা করার জন্য আমরা ত্যাগ তিতিক্ষার শিকার হয়েছি। কিন্তু এখনতো আমরা বয়সের

ভারে নূহ্য। অনেক মুক্তিযোদ্ধা ইন্তেকাল করেছেন। আমরা সংখ্যায় তো অল্প। সংখ্যা নিয়ে একটু বির্তক আছে যাই হোক অল্প সংখ্যক লোক। সেই বৃদ্ধ লোকগুলা তারা এখন নিজের মনে মনে অনেক স্বপ্ন লালন করতে পারে কিন্তু যদি বলে যে আমরা এখন একটা কিছু করে ফেলব আমি মনে করি তা অসম্ভব। এই বয়সে এটা সম্ভব না। শুধু কথা দিয়ে তো আর কাজ হবে না কাজ করার জন্য যুবক শ্রেণীকে এগিয়ে আসতে হবে। মুক্তিযোদ্ধাদের এখন আর বলা ছাড়া আর কিছুই করার নাই। তারা কোন সংগঠিত শক্তি না। এই যে মুক্তিযোদ্ধা সংসদ আছে, মুক্তিযোদ্ধা সংসদ দেশ ও জাতির অতন্ত্র প্রহরী এগুলা কথার কথা শুধু। কী প্রহরা দেবে তারা? নিজেইতো নিজেকে প্রহরা দিতে পারে না। এখনতো বঙ্গবন্ধু কন্যার সৌজন্যে মুক্তিযোদ্ধারা মাসে দশ হাজার টাকা রাষ্ট্রীয় সম্মানী পেয়ে খেয়ে পড়ে আছে। আগে তো এটাও ছিল না এবং তারা খুব দুর্বিসহ জীবনযাপন রত। সুতরাং মুক্তিযোদ্ধাদের এখন করার এরকম কোনো সুযোগ আমি দেখি না।

দ্য পার্লামেন্ট ফেইস: এজন মুক্তিযোদ্ধা হিসেবে কেমন বাংলাদেশ চেয়েছেন এবং কেমন পেয়েছেন?

শাহজাহান সিদ্দিকী: আমি যেমন বাংলাদেশ চেয়েছিলাম সেটা খুবই সাদামাটা। যে আমরা স্বাধীন দেশের নাগরিক। আমরা মাথা উচু করে দাঁড়াতে পারব। এটা হয়েছে। আমরা আমার মায়ের ভাষা বাংলায় কথা বলতে পারব। আমি আমার চলাফেরা আমার জীবীকা উপার্জনের জন্য ভৎববফড়স ড়ভ পযড়রপব যেটাকে বলে সে freedom আমার আছে। আমার অর্থনৈতিক সমৃদ্ধি ও সামাজিক উন্নতির জন্য আমি কাজ করে যাব। কাজ করে যাতে অর্জন করতে পারি সেই সুযোগ রাষ্ট্র করে দিবে রাষ্ট্র করে দিয়েছে এখন আমি মনে করি আমরা যা কামনা করতাম সত্যি কথা বলতে গেলে যে দু'মুঠো ভাত খাওয়া আর কিছু জামাকাপড় পড়তে পারা আর একটা টিনের ঘর বা একটা আচ্ছাদনের ব্যাপার। আর লেখাপড়ার কিছু সুযোগ।

আর চিকিৎসার সুযোগ। এখন দেখি অনেক বেশিগুন উন্নত হয়ে গেছে প্রত্যেকটা মানুষের জীবনযাত্রা সবকিছুতেই। এখনতো মানুষ বাসায় খায় না হোটেলে, রেষ্টুরেন্টে, রেস্তোরায় কত দামি দামি খাবার খায়। আপনাদের যদি আমি জিজ্ঞেস করি আপনার কয়জোড়া জামা আছে চট করে কিন্তু উত্তর দিতে পারবেন না কারন আপনার অসংখ জমা আছে আমাদের ছেলেদের জিজ্ঞেস করি আমাকে ইউনিভার্সিটিতে মাঝে মাঝে ডাকে। আমি তাদেরকে জিজ্ঞেস করি তুমি বলতে তোমার কয় জোড়া ট্রাউজার আছে। এক্ষনি বলতে পারবে? পারেনা। এত বেশি এগুলো কী করে সম্ভব হল সম্ভব হয়েছে তাদের পারিবারিক অর্থনৈতিক উন্নতি সমৃদ্ধির কারনে। সুতরাং আমরা যা চেয়েছিলাম বাংলাদেশে আমার মত তার চেয়েও অনেক বেশী ইনশাআল্লাহ্ অর্জিত হয়েছে। অদুর ভবিষ্যতে আরও বেশি অর্জিত হবে এই আমার আশা এই আমার কামনা।

দ্য পার্লামেন্ট ফেইস: আজ জীবনের দীর্ঘ পথ পরিক্রমায় এসে কেমন বাংলাদেশ দেখার স্বপ্নে আপ্লুত হন এখনো?

শাহজাহান সিদ্দিকী: যখন দেখি যে ক্রিকেটে বাংলাদেশের টিম বিজয়ী হয়ে যায় আমি আবেগে আপ্লুত হয়ে যাই। মনে হয় যে আমি আবার বিজয় দেখেছি। আবার আমি কখন দেখি ৭ কোটি বাঙ্গালির জন্য খাবারের ব্যবস্থা এই বাংলাদেশে ছিল না এখন ১৭ কোটি বাঙ্গালীর খাওয়ার জন্য খাদ্য উৎপাদিত হচ্ছে। অনেক সময় উদ্বৃত্ত হচ্ছে। বাঙ্গালীরা মাছে ভাতে বাঙ্গালী এই কথাই ছিল। মাছ তো ছিলনা কিন্তু এখন পৃথিবীর মধ্যে চতুর্থ স্থানে বাংলাদেশ মৎস উৎপাদনে এবং প্রানীজ সম্পদ মাংস, ডিম ইত্যাদিরও উৎপাদন বেড়েছে এবং এগুলোর consumption সেটাও বেড়েছে। তার মানে সর্বদিক দিয়েই উন্নতি হয়েছে। আরও উন্নতি হবে।

বাংলাদেশ এখন নিম্ন আয়ের দেশ। উন্নত দেশে ইনশাআল্লাহ পরিণত হবে। এটিই আমার কামনা।

দ্য পার্লামেন্ট ফেইস: মহান মুক্তিযুদ্ধের সম্মুখযোদ্ধারা এখনো এক হয়ে সোনার বাংলা গড়তে অবদান রাখার স্বপ্ন দেখেন কিনা?

শাহজাহান সিদ্দিকী: স্বপ্ন হল বিলাসিতা। স্বপ্ন বাস্তবতা নয়। আমি যতই স্বপ্ন দেখিনা কেন এটাতে সবসময় বাস্তবায়িত করা সম্ভব না। আমরা স্বপ্নবিলাসী ছিলাম না, স্বপ্নচারী ছিলাম। আটদশজন বাঙ্গালীর মত তো আমি নই বা আমার মত স্বজাতির আমার সহযোদ্ধারা নয়। কথাটা শুনতে খুব খারাপ লাগল সত্যি কথাটা বলি বাংলাদেশের তখনকার জনসংখ্যা ছিল সাড়ে সাত কোটি। সাড়ে সাতকোটিকে অর্ধেক করে পোনে চার কোটি জনসংখ্যা। অর্ধেক জনসংখ্যা হল সক্ষম যুবক শ্রেণী, আর অর্ধেক ধরলাম শিশু বা বৃদ্ধ। সেই সাড়ে ৩ কোটি লোকের মধ্যে শিশু এবং বৃদ্ধ তাদেরকে আরও অর্ধেক বাদ দিয়ে দিলাম। তাহলে থাকে দেড় দুই কোটি। কিন্তু ২ কোটি লোক কি যুদ্ধে গিয়েছিল? যেতে পারত। সক্ষম যুবক ছিল যাদের বয়স ২০ থেকে আরম্ভ করে ৫০ এ ছিল।

এই কয়েকটা আমার মত পাগলা দামাল ছেলে যেগুলা মাত্র এক দেড় লাখ ছেলে যুদ্ধে গিয়েছিল তারা গেলনা কেন। তাদের জন্য জীবনের মায়া অনেক বেশি। আর আমরা স্বপ্ন দেখেছি ঐ স্বপ্নই দেখেছি শুধু একটি পতাকা থাকবে আমার দেশটা স্বাধীন হবে। আমাদেরকে পাকিস্তানিরা শোষন করবে না নির্যাতন করবে না। আমাদের অবহেলা করবে না। আমাদের ২ নম্বর নাগরিক হিসেবে গণ্য করবে না। শিক্ষা, চাকরী বাকরী ব্যবসা সব ক্ষেত্রে নিজেদের একটা নিজস্ব পরিবেশ থাকবে, নিজস্ব চিন্তা চেতনা করবে সেভাবে এগিয়ে যাবে। আমাদের সে স্বপ্নই থাকবে, চিরদিনই থাকবে। আমৃত্যু থাকবে সেটা দেখতে চাই।

দ্য পার্লামেন্ট ফেইস: ভবিষ্যৎ প্রজন্মের জন্য দেশপ্রেমের কোন উদাহরণ রেখে যেতে চান কি। দেশ গড়ার ক্ষেত্রে নতুন প্রজন্মের পাথেয় কী হতে পারে?

শাহজাহান সিদ্দিকী: শোনেন দেশ প্রেমতো আপনা আপনি হৃদয়ে জাগরিত হয়। এটা একটা অনুভূতির ব্যাপার। এটা এমন কোন demonstrate করে দেখানো যাবে না। তাদের জন্য আমরা যুদ্ধ করেছি। আমাদের যে মুক্তিযুদ্ধের শৌর্যবির্য এই যে ইতিহাস এইটাই তাদের অনুপ্রেরণার উৎস। তারা এখন গর্ব করে বলতে পারে তারা বীরের জাতি। তাদের পূর্বপুরুষেরা যুদ্ধ করে সমস্ত্র যুদ্ধা করে রক্ত দিয়ে জীবন উৎসর্গ করে তারা বাংলাদেশ প্রতিষ্ঠা করেছে। তাদের জন্য অবারিত সুযোগের দ্বার উন্মোচর করে দিয়েছে স্বাধীনতা এবং মুক্তিযুদ্ধ। সুতরাং তাদেরকে এভাবেই উদ্ভুদ্ধ করেছি। আগামি দিনেও তারা এখান থেকে প্রেরণা নিয়ে তারা এগিয়ে যাবে সেটাকামনা করি এবং মুক্তিযুদ্ধের ইতিহাস তাদেরকে জানতে হবে। জানার জন্য এখনতো আধুনিক যুগের প্রযুক্তির মাধ্যমে scarching দিলেই সব সত্য ইতিহাস বেরিয়ে আসে।

দ্য পার্লামেন্ট ফেইস: আমাদের অনেক স্কুল আছে স্কুলের তো কমতি নাই। ভালমন্দ পরের হিসাব। অনেক অনেক স্কুলেই জাতীয় সংগীত বাজানো হয় না। সরাসরি ক্লাস হয়। সেক্ষেত্রে আমাদের বাচ্চারা জাতীয় সংগীতটাই অনেকে শিখেনা। সেক্ষেত্রে মুক্তিযুদ্ধের ঘটনাগুলো অনুধাবন করার শক্তিটা তারা কতখানি রাখতে পারবে?

শাহজাহান সিদ্দিকী: আমিও শুনেছি। এগুলা কিছু কিছু জায়গায় ঘটেছে আমি পত্র পত্রিকায় দেখেছি। খুবই দুঃখজনক। কিন্তু ধর্মীয় প্রতিষ্ঠানে জাতীয় সংগীতটা গাওয়া হয়না। তো এই অল্প সংখ্যাক প্রতিষ্ঠানের কারণে সারা বাংলাদেশের যে জাতীয় সংগীত গাওয়ার চর্চা, স্বাধীনতার স্বপক্ষে কথা বলা, স্বাধীনতারা চেতনাকে হৃদয়ে ধারণ করা এটা খুব একটা ক্ষতিগ্রস্ত হবে বলে আমি মনে করি না। বরং তাদেরকে আবার সত্যের পথে ন্যায়ের পথে আনার জন্য যা যা পদক্ষেপ নেওয়া দরকার ধীরে সুস্থে সে পদক্ষেপ নেয়াই আবশ্যক।

দ্য পার্লামেন্ট ফেইস: প্রজন্মের প্রতি আপনার পরামর্শ কী?

শাহজাহান সিদ্দিকী: তোমরা তোমাদের জাতীয় অতীত ইতিহাস বিশেষ করে মুক্তিযুদ্ধের ইতিহাস, বঙ্গবন্ধুর সম্পর্কে বঙ্গবন্ধুর চারিত্রিক বৈশিষ্ট্য, বঙ্গবন্ধুর যে আদর্শ, বঙ্গবন্ধুর স্বপ্ন এই সম্পর্কে জানবে, ভালভাবে জানবে দেশকে ভালবাসবে। এদেশের মাটি এবং মানুষকে ভালবাসবে এবং কিভাবে এই দেশকে একটি সুন্দর, উন্নত ও সৌন্দর্য দেশে পরিণত করা যায় সে জন্য সকলে মিলে সম্মিলিত ভাবে তোমরা প্রচেষ্টা চালিয়ে যাবে এই আমার কামনা। এই আমার আশা।

দ্য পার্লামেন্ট ফেইস: আপনাকে আমাদের পক্ষ থেকে ধন্যবাদ।

শাহজাহান সিদ্দিকী: পার্লামেন্ট ফেইসকেও ধন্যবাদ।

একজন বিনয়ী রাজনৈতিক ব্যক্তিত্ব সৈয়দ আশরাফ

টিপিএফ ডেস্ক:

সাবেক মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের রাজনীতি বাংলাদেশের রাজনীতিকে নানাভাবে সমৃদ্ধ করেছে। রাজনীতি যদি জনসেবা, দেশসেবা আর নীতির রাজা হয় তবে সেই রাজার নাম সৈয়দ আশরাফ। দূর্বল নৈতিকতা আর রাজনীতি এক হতে পারে না। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে স্বপ্নের সোনার বাংলার শুদ্ধ রাজনীতির প্রবর্তক সৈয়দ আশরাফ। সৈয়দ আশরাফ বেঁচে থাকবেন কোটি বাঙ্গালীর হৃদয়ে। মুজিব দর্শনের প্রেম যে সেরা অনুভূতি ছিল সৈয়দ আশরাফের হৃদয়ে। রাজনীতির আলোকিত অতীত সূর্যের উত্তরাধিকার ছিলেন এই মহান নেতা। তার নীতি ও আদর্শ ১৭ কোটি বাঙ্গালীর হৃদয় থেকে কোন দিন মুছে যাবে না। জননেতা সৈয়দ আশরাফুল ইসলাম ১৯৫২ খৃষ্টাব্দের ১লা জানুয়-ারী ময়মনসিংহ শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা সৈয়দ নজরুল ইসলাম ছিলেন মুক্তিযুদ্ধ চলাকালীন মুজিবনগর সরকারের অস্থায়ী রাষ্ট্রপতি ও মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক।

সৈয়দ আশরাফুল ইসলাম এমএ ডিগ্রি লাভ করেন। পারিবারিক ঐতিহ্যের সূত্র ধরে তিনি ছাত্রজীবন থেকেই রাজনীতিতে সক্রিয় ছিলেন। পেশাগতভাবে তিনি একজন ব্যবসায়ী ছিলেন। স্বাধীনতার পর তিনি বৃহত্তর ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এবং কেন্দ্রীয় ছাত্রলীগের সহ-প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করেন। স্বাধীনতার পর তিনি বৃহত্তর ময়মনসিংহ জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক এবং কেন্দ্রীয় ছাত্রলীগের সহ-প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৭৫ খৃ. ৩ নভেম্বর কারাগারে পিতা সৈয়দ নজরুল ইসলামসহ জাতীয় চার নেতার নির্মম হত্যাকান্ডের পর তিনি যুক্তরাজ্যে চলে যান। সেখানে তিনি যুক্তরাজ্যের পুরোনো রাজনৈ-তিক দল লেবার পার্টির রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন এবং লেবার পার্টির সদস্যও হয়েছিলেন।

প্রবাস জীবনে তিনি আওয়ামী লীগকে সংগঠিত করার ব্যাপারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। আশরাফুল ইসলাম ১৯৯৬ সালে দেশে ফিরে আসেন এবং কিশোরগঞ্জ-১ আসন থেকে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হিসেবে প্রথমবার সংসদ সদস্য নির্বাচিত হন। এ সময় তিনি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন প্রতিমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন।২০০১ সালের ১ অক্টোবরে অনুষ্ঠিত অষ্টম জাতীয় সংসদ নির্বাচনে পুনরায় তিনি সংসদ সদস্য নির্বাচিত হন এবং পররাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির একজন সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন।

২০০৭ সালে জরুরি অবস্থার মধ্যে শেখ হাসিনা গ্রেফতার হওয়ার পর দলের হাল ধরেন। ১/১১ পরবর্তী পরিস্থিতিতে আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা এবং দলের সাধারণ সম্পাদক আবদুল জলিল যখন কারাগারে তখন যুগ্ম সাধারণ সম্পাদক আশরাফ ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। এ সময় তিনি সংকটের মুখে পড়া আওয়ামী লীগ এবং জাতীয় রাজনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন। ২০০৯ সালের জুলাইয়ে আওয়ামী লীগের জাতীয় সম্মেলনের আগ পর্যন্ত তিনি এই দায়িত্বে ছিলেন। বিশ্বস্ততার পুরস্কার হিসেবে ওই জাতীয় সম্মেলনে সৈয়দ আশরাফ সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হন। পরপর দুই বার তিনি আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন।

তার স্ত্রী শিলা ইসলাম মারা যান। আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ও প্রেসিডিয়াম সদস্য সৈয়দ আশরাফ (৬৮) থাইল্যান্ডের ব্যাংককে বুমরুনগ্রাড হাসপাতালের সিসিএমইইয়ে চিকিৎসাধীন অবস্থায় ২০১৯ খৃ. ৩রা জানুয়ারী ইহজগতের সকল মায়া ত্যাগ করে চলে যান না ফেরার দেশে। সৈয়দ আশরাফুল ইসলামের ১ মেয়ে, ও পাঁচ ভাই-বোন। একাদশ জাতীয় সংসদের ১ম অধিবেশনে সংসদ নেতার ভাষণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা আবেগঘন কণ্ঠে সৈয়দ আশরাফ সম্পর্কে স্মৃতিচারণ করেন।

সৈয়দ আশরাফুল ইসলাম স্টেজ ৪ ফুসফসের ক্যান্সারে আক্রান্ত ছিলেন। আওয়ামী লীগের বর্তমান কমিটিতে তিনি দলটির প্রেসিডিয়াম

আওয়ামী লীগের সর্বশেষ সম্মেলনে সৈয়দ আশরাফকে দলটির সভাপতিমণ্ডলীর সদস্য করা হয়। ২০০৮ সালের নির্বাচনেও তিনি সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন। তখন দায়িত্ব পান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে। পরে ২০১৫ সালের ১৬ জুলাই তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মন্ত্রী হিসেবে দায়িত্ব দেওয়া হয়।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনেও তিনি সংসদ সদস্য নির্বাচিত হয়েছেন। বৃহস্পতিবার (০৩ জানুয়ারি) তার সংসদ সদস্য হিসেবে শপথ নেওয়ার কথা ছিল কিন্তু শপথ নেয়ার আগেই তিনি বিদায় নিয়ে চলে গেলেন না ফেরার দেশে । গত ২০১৭ সালের অক্টোবরে

সদস্য ছাড়াও দায়িত্বরত ছিলেন জনপ্রশাসন মন্ত্রী হিসাবে। চিকিৎসাধীন থাকা অবস্থায় তিনি ২০১৮খৃ. ৩০ ডিসেম্বরের একাদশ জাতীয় নির্বাচনে কিশোরগঞ্জ-৩ আসন থেকে নৌকা প্রতীক নিয়ে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন।

একাদশ জাতীয় সংসদের পথচলা: ৩১ জানুয়ারী ২০১৯

কামরুজ্জামান হিমু

"গণতন্ত্রই একটি দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যায়"-এই বিশ্বাসে ৪র্থ মেয়াদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর বক্তব্যের শুরুতে স্পীকারকে ধন্যবাদ জানিয়ে সংসদকে কার্যকর, প্রাণবন্ত ও সাধারণ মানুষের আশা আকাঙ্খার কেন্দ্রে পরিণত করার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

৩১ জানুয়ারী, ২০১৯ খৃষ্টীব্দ একাদশ সংসদের পথচলায় প্রথম অধিবেশন বসে বিকাল ৩ ঘটিকায় যেখানে কার্যক্রম শুরুর পরপরই মহামান্য রাষ্ট্রপতি স্পীকার নির্বাচিত করে শপথবাক্য পাঠ করান। এর আগে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী জনাব ওবায়দুল কাদের স্পিকার পদে ড. শিরিন শারমিন চৌধুরীর নাম প্রস্তাব করেন যেটিকে সমর্থন করেন চিফ হুইপ জনাব নূর ই আলম চৌধুরী লিটন যা সংসদে হ্যাঁ ভোটে পাশ হয়। এসময় সংসদ অধিবেশন মুলতবি থাকার পরবর্তীতে অনুষ্ঠিত অধিবেশনে উপস্থিত সাংসদগণ ডেপুটি স্পিকার নির্বাচন করেন।

নবনিযুক্ত স্পিকার ড. শিরিন শারমিন চৌধুরীর নেতৃত্বে দ্বিতীয় পর্বে ডেপুটি স্পিকার নির্বাচিত হন এডভোকেট ফজলে রাব্বী মিয়া। হুইপ আতিউর রহমান আতিক ডেপুটি স্পিকার পদে এডভোকেট ফজলে রাব্বী মিয়ার নাম প্রস্তাব করলে ডেপুটি হুইপ ইকবালুর রহিম তা সমর্থন করেন এবং সেই প্রস্তাব সংসদে কণ্ঠ ভোটে পাশ হয়। এডভোকেট ফজলে রাব্বী মিয়া দশম জাতীয় সংসদে ডেপুটি স্পিকার পদে ছিলেন।

সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে বিরোধীদলের উপনেতা ও জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব জিএম

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনাসহ সরকার এবং বিরোধী সংসদগণ উপস্থিত ছিলেন। স্পিকার নির্বাচনের প্রেক্ষিতে ৩০ মিনিট

কাদের, প্রবীণ আ.লীগ নেতা তোফায়েল আহমেদ, ওয়ার্কাস পার্টির সভাপতি জনাব রাশেদ খান মেনন, জাতীয় সমাজতান্ত্রিক

দলের সভাপতি জনাব হাসানুল হক ইনু আলোচনায় অংশ নেন। সংসদ নেতা শেখ হাসিনা এসময় বিরোধীদলের সাংসদদের অভিনন্দন জানান। তিনি বলেন, গণতান্ত্রিক ধারায় সমালোচনা সবসময় গুরুত্বপূর্ণ। আমি বিরোধীদলীয় সাংসদদের আশ্বাস দিতে পারি যে তারা তাদের সমালোচনা যথাযথভাবে করতে পারবেন। এখানে আমরা কোনো বাধা সৃষ্টি করব না। কোনোদিন আমরা বাধা দেইনি এবং দেবও না।

প্রধানমন্ত্রী আরো বলেন, গণতন্ত্রই একটি দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যায়। আর তা আজ বাংলাদেশের ক্ষেত্রে প্রমাণিত। আজ আমরা আর্থ সামাজিকভাবে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছি। আমরা এখন উন্নয়নশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছি। এই ধারাবাহিকতা বজায় রেখে বাংলাদেশের জনগণকে একটি ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত সমাজ প্রতিষ্ঠা করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের স্বপ্ন, যে স্বপ্ন নিয়ে তিনি এ দেশকে স্বাধীন করেছিলেন সেই ক্ষুধামুক্ত, দারিদ্রমুক্ত সোনার বাংলা আমরা গড়ে তুলবো ইনশাল্লাহ। এটাই আমাদের লক্ষ্য।

গণতন্ত্রই একটি দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যায়। এই কথা বাংলাদেশের ক্ষেত্রে প্রমাণিত। আজ আমরা আর্থ-সামাজিকভাবে উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছি। আমরা এখন উন্নয়নশীল দেশ হিসেবে প্রতিষ্ঠা লাভ করেছি।

কোরআন তেলওয়াতের মধ্যদিয়ে একাদশ সংসদ অধিবেশনের কার্যত্রম শুরু হয়ে একটি শোক প্রস্তাব গৃহীত হয় যেখানে সাবেক মন্ত্রী সৈয়দ আশরাফের মৃত্যুতে সবাই দাড়িঁয়ে এক মিনিট নিরবতা পালন করেন। প্রধানমন্ত্রী সংসদে দাড়িঁয়ে সৈয়দ আশরাফ সম্পর্কে বলতে গিয়ে কেদেঁ ফেলেন। তিনি সৈয়দ আশরাফ সম্পর্কে স্মৃতিচারণে বলেন "সৈয়দ আশরাফ এবং তার ভাইবোনেরা সবাই আমার বাসায় আসা যাওয়া করতো। আমি ছোট বেলা থেকেই আশরাফকে চিনি। আমার ভাই শেখ কামালের সাথে তার খুব বন্ধুত্ব ছিল। মহান মুক্তিযুদ্ধের সময় দেয়াদূরে একসাথে ট্রেনিং নেয় শেখ কামাল, শেখ জামাল ও সৈয়দ আশরাফ।

শেখ কামাল লেফটেন্যান্ট ছিল। পরে সৈয়দ আশরাফ পড়াশুনা করার জন্য লন্ডনে চলে যান। ১৯৭৫ সালে যখন জাতির পিতাকে হত্যা করা হয় তখন জাতীয় চারনেত ার ভাগ্যেও বিপর্যয় নেমে আসে। জাতীয় চারনেতার মধ্যে সৈয়দ নজরুল ইসলাম সৈয়দ আশরাফের বাবা ছিলেন। বঙ্গবন্ধুকে তার সপরিবারে হত্যা করার পর জাতীয় চারনেতাকে গ্রেফতার করে তেসরা নভেম্বর জেলখানায় সৈয়দ আশরাফের বাবা সৈয়দ নজরুল ইসলামকেও হত্যা করা হয়। তখন আমি এবং শেখ রেহেনা দেশের বাইরে ছিলাম।

আমি এবং রেহেনা ১৯৮০ সালে যখন লন্ডনে যাই তখন আশরাফ আমাদের সহযোগিতা করে। তখন আশরাফ আমাদের লন্ডনে ব্রিটিশ পার্লামেন্টে অনেকভাবে সাহায্য সহযোগিতা করে। লন্ডনে এক পর্যায়ে আ.লীগকে সুসংগঠিত করার জন্য হত্যার প্রতিবাদ ও বঙ্গবন্ধুর হত্যার বিচার করার জন্য একটি কমিশন গঠন করা হয়। তখন এটি আশরাফের নেতৃত্বে করা হয়। সৈয়দ আশরাফ আমাকে বড়বোনের মতো জানতো। বঙ্গবন্ধুকে হত্যা এবং এরপরে চারনেতাকে হত্যা করার পর আমাদের উপর দিয়ে অনেক বিপদ গিয়েছিল। আমি ১৯৯৬ সালে তাকে বাংলাদেশে ডাকি নির্বাচন করার জন্য। প্রথমে আমি তাকে প্রতিমন্ত্রী বানাই। ২০০৯ সালে তাকে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের দায়িত্ব দিয়েছি। পরবর্তীতে তাকে জনপ্রশাসন মন্ত্রী বানাই। দলের দুঃসময়ে যখন আমাকে ওয়ান ইলেভেনের সময় গ্রেফতার করা হয় তখন সৈয়দ আশরাফ অনেক গুরুত্বপূর্ণ দায়িত্ব নিয়ে গণতন্ত্র ফিরিয়ে আনে।

এমনও দিন গেছে যে সৈয়দ আশরাফের পরিবারকে না খেয়ে থাকতে হয়েছে। ময়মনসিংহ থেকে তার ছাত্ররাজনীতি শুরু। রাজনৈতিক জ্ঞান ও প্রজ্ঞা তার অসাধারণ ছিল। আমি যখন লন্ডনে রেহানার সাথে থাকতাম তখন আমাকে ফোন করে বাসায় চলে আসতো বোনের হাতের খাবার খাওয়ার জন্য। আর বলত অনেকদিন বাড়ির খাবার খাই না। আমি আমার ভাইদের হারিয়ে যখন আশরাফকে কাছে পেয়েছিলাম তখন আশরাফের মাঝে আমি আমার ভাইদের খুঁজে পাই।"

শেখ হাসিনা সৈয়দ আশরাফকে সৎ ও মেধাবী উল্লেখ করে বলেন তার স্ত্রী শিলা কিছুদিন আগে মারা গেছে এখন তাদের একমাত্র মেয়ের পাশে দাড়াঁতে হবে আমাদের।

১১তম জাতীয় সংসদ নির্বাচনঃ নারীর এগিয়ে যাওয়া

রুহী শামসাদ আরা

১৯২৬ সালে বাংলায় নারীরা প্রথম ভোটাধিকার পান। ইন্ডিয়ান কাউন্সিল এ্যাক্ট ১৮৬১-এর ভিত্তিতে পাক-ভারত উপমহাদেশে ১৮৬২ সালের ১৮ জানুয়ারী ১২জন সদস্য নিয়ে প্রথম আইন সভা গঠিত হলে যাত্রা শুরু হয় সংসদীয় শাসন ব্যবস্থার। পরবর্তীতে ১৮৯২,১৯০৫, ১৯১২, ১৯২০, ১৯২৩, ১৯২৬, ১৯২৯, ১৯৩৫, ১৯৪৬, ১৯৪৮ও ১৯৫৪ সালগুলোতে আইনসভার আকৃতি ও প্রকৃতিগত পরিবর্তনের ভিতর দিয়ে রাষ্ট্রের শাসন ব্যবস্থা এগিয়ে চলে। ১৯১৭ সালে ভারতে নারীদের ভোটাধিকার এবং সাংবিধানিক পদে অধিকার আদায়ের জন্য The Women's Indian Association (WIA) প্রতিষ্ঠিত হয়। ১৯১৯ সালের মন্টেগু-চেমসফোর্ড কর্তৃক ভারত শাসন আইন সংস্কারের ভিতর দিয়ে জাতীয় নির্বাচনে প্রথম নারীর অংশগ্রহণের সুপারিশ রাখা হলেও কোন নারী সেসময়র নির্বাচনে অংশগ্রহণ করেনি।

১৯৩৫ সালে ভারত শাসন আইনে নারীদের পৃথক আসন ব্যবস্থার স্বীকৃতি দেয়া হয়। এ আইনে প্রতিষ্ঠিত ব্যবস্থাপকীয় পরিষদের কাঠামোতে দু-বার নির্বাচন অনুষ্ঠিত হয় প্রথমবার ১৯৩৭ সালে আর দ্বিতীয়বার হয় ১৯৪৬ সালে।এ কাঠামোতে মুসলিম নারী ২টি, হিন্দু নারী ২টি ও এ্যাংলো ইন্ডিয়ান ১টি নারী আসন রাখা হয়।

১৯৪০ ও ১৯৪৬ সালের নির্বাচনে শ্রী নেলি সেনগুপ্ত প্রথম নারী যিনি চট্টগ্রাম থেকে সরাসরি ভোটে ভারতীয় আইন সভার সদস্য নির্বাচিত হন। তিনি ১৯৫৪ সালে পূর্ব পাকিস্তানেরও সদস্য নির্বাচিত হন। ১৯৫৪ সালে ১৯৩৫ সালের ভারত শাসন আইনের সংশোধনী এনে পূর্ববাংলা ব্যবস্থাপকীয় পরিষদের গঠন ও এর সদস্য সংখ্যা নির্ধারণ ও বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে আসন বন্টন করা হয়। মোট ৩০৯ সদস্য বিশিষ্ট এ কাঠামোতে আসন বিন্যাসটি ছিল মুসলিম ২৩৭টি, নারী ৯টিসহ, অ-মুসলিম (সাধারণ) ৩১ টি, নারী ১টি , হিন্দু (তফশিলী) সম্প্রদায় ৩৮ টি , নারী ২টি, বৌদ্ধ আসন ২টি ও খ্রিষ্টান আসন ১টি। ২১ বছর বয়স্ক প্রাপ্ত বয়স্কদের সর্বজনীন ভোটের ভিত্তিতে প্রথম সাধারণ নির্বাচন এটি। নারী আসনগুলোতে শুধুমাত্র পৌরসভাধীন নারীগণ ভোট প্রদান করতে পারতেন। ফলে পৌরসভার নারী ভোটারগণ ২টি করে ভোটদানের অধিকার সংরক্ষণ করেন।

১৯৬২ ও ১৯৬৫ সালের নির্বাচনে জাতীয় পরিষদে ৬টি নারী আসন ছিল। যার মধ্যে ৩টি পূর্ব বাংলার ও ৩টি ছিল পশ্চিম বাংলার। ১৯৬৯ সালে আইয়ুব খানের ক্ষমতা ত্যাগের পর ইয়াহিয়া খান নতুন একটি আইন কাঠামো নির্ধারনের জন্য ঘোষণা করেন। ইয়াহিয়া খান ক্ষমতা দখলের পর তিনি ১৯৭০ সালের ২৮ মার্চ তিনি জাতির উদ্দেশ্যে এক ভাষনে নির্বাচনের জন্য একটি (legal frame work order) আইন কাঠামো আদেশ ঘোষণা করেন। এ ঘোষিত আইন কাঠামোতে ৩০০ টি সাধারণ আসন ও ১৩টি নারী আসন ঘোষণা করা হয়। তন্মেধ্য ৩০০ টি সাধারণ আসন (দুই পাকিস্তান মিলে) ১৩টি নারী সংরক্ষিত আসন। নারী আসনের ১৩ টির মধ্যে ৭টি পূর্ব পাকিস্তানের ৬টি পশ্চিম পাকিস্তানের।

১৯৭৩ সালে ৩০০টি ভৌগলিক আসন ও ১৫টি সংরক্ষিত নারী আসন নিয়ে স্বাধীন বাংলাদেশের সংসদের যাত্রা শুরু হয়। ভৌগলিক ৩০০ আসনের বিষয়টি স্থায়ী থাকলেও সংরক্ষিত নারী আসন ১৯৭৯ সালে ৩০টি, ২০০৪ সালে ৪৫টি বর্তমানে ৫০টি আসন নির্ধারিত আছে। ১৯৭৩ সালের নির্বাচেন ১৫টি সংরক্ষিত আসন থাকলেও এসময় কেউ সংরক্ষিত আসনে সাংসদ হননি। ৭৯ সালের নির্বাচনে ১জন নারী সাংসদ সরাসরি ভোটে খুলনা-১৪ থেকে নির্বাচিত হন সৈয়দা রাজিয়া ফয়েজ এবং সেসময় সংরক্ষিত নারী আসন ছিল ৩০টি। ১৯৮৬ এর নির্বাচনে ৫ জন নারী সাংসদ সরাসরি নির্বাচিত

হন এবং এসময় ও নারী আসন ছিল ৩০টি। ১৯৮৮ সালের নির্বাচনে নারী প্রার্থীদের জন্য কোন রিজার্ভ সিট না থাকলেও সরাসরি ভোটে ৪জন নারী সাংসদ নির্বাচিত হয়েছিলেন। ১৯৯১ এর নির্বাচনে ৫জন নারী প্রার্থী সরাসরি ভোটে নির্বাচিত হন এবং এ নির্বাচনে নারীদের জন্য ৩০টি সংরক্ষিত আসন ছিল। ১৯৯৬ সালের জাতীয় সংসদ নির্বাচনে ৭ জন নারী সরাসরি ভোটে নির্বাচিত হন। এছাড়া এই সংসদে ৩০টি সংরক্ষিত নারী আসন ও ছিল। ২০০১ এর নির্বাচনে নারীদের কোন সংরক্ষিত আসন রাখা না হলেও সরাসরি ভোটে ৬জন নারী সাংসদ নির্বাচিত হন। ২০০৪ সালে সংবিধান সংশোধন করে সংরক্ষিত মহিলা আসন ৪৫টি করা হয়। লক্ষণীয় যে স্বাধীন বাংলাদেশে অতীতের সকল সংসদে শুধুমাত্র সরকারি দলই সংরক্ষিত মহিলা আসনে প্রার্থী দিতেন। ২০০৪ এর সংশোধনের পরই এর ব্যতিক্রম হয়। ২০০৪ সালে সংবিধান সংশোধন করে সংসদে সরকারের পতনের পরে বাংলাদেশের রাজনীতিতে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি পেলেও নিম্নবিত্ত ও মধ্যবিত্ত নারীদের এখনো অনুপ্রবেশ সেভাবে ঘটেনি।

এবারের একাদশ সংসদ নির্বাচনে নারীদের অংশগ্রহণের আধিক্য লক্ষ্যনীয়। ২০১৮ সালের ৩০ ডিসেম্বরের সংসদ নির্বাচনে বেশীসংখ্যক নারী বিজয় লাভ করেছেন। ৬৮জন নারী সরাসরি ভোটে প্রার্থী হয়ে নির্বাচনে অংশগ্রহণ করে এবং ২২টি আসনে নারীরা জয়লাভ করেন যাদের মধ্যে ১৯জন আওয়ামী লীগের, ২জন জাতীয় পার্টি থেকে আর ১জন জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ) থেকে।

এছাড়া এবারের জাতীয় নির্বাচনে স্বাধীনতার পরে সর্বোচ্চ সংখ্যক ১৮জন সংখ্যালঘু নারী তাদের আসনে প্রতিদ্বন্দ্বিতা করে বিজ-



রাজনৈতিক দলসমূহের অর্জিত আসনের ভিত্তিতে আনুপাতিক হারে সংরক্ষিত নারী আসন বন্টন প্রথা চালু হয়। তবে ১৯৯১ এর নির্বাচনের পর জাতীয় সংসদে জামায়াতকে ২টি সংরক্ষিত আসন ও সরকারি দল বিএনপি ২৮টি আসন ভাগাভাগি করে নেয়। ৯৬'এর নির্বাচনের পরেও দেখা যায় সরকারী দল আওয়ামী লীগ ২৮টি ও ২টি জাতীয় পার্টিকে দিয়ে মোট ৩০টি সংরক্ষিত নারী আসনকে ভাগ করে নেয়। ১৯৭৯ সালে ও ১৯৮৬ সালের নির্বাচনের পর ৩০টি নারী আসন যথাক্রমে বিএনপি ও জাতীয় পার্টির মধ্যে সীমাবদ্ধ থাকে। সর্বশেষ ১৯১১ সালে সংবিধানের ষোড়ষ সংশোধনীতে সংরক্ষিত মহিলা আসন ৫০টি করা হয়। ৯০'র স্বৈরাচার এরশাদ য়ী হয়েছেন। নির্বাচনে জয়ী প্রার্থীগণ হলেন: গোপালগঞ্জ-৩ শেখ হাসিনা, ফরিদপুর-২ সাজেদা চৌধুরী, রংপুর-৬ শিরিন শারমিন চৌধুরী, গাইবান্ধা-২ আসনে মাহাবুব আরা বেগম, বাগেরহাট -৩ আসনে হাবিবুন নাহার, খুলনা-৩ মন্নুজান সুফিয়ান, বরিশাল-৬ আসনে নাসরিন জাহান, যশোর-৬ আসনে ইসমত আরা সাদেক, শেরপুর-২ আসনে মতিয়া চৌধুরী, ময়মনসিংহ-৪ আসনে রওশন এরশাদ, ফেনী-১ আসনে শিরীন আখতার, নোয়াখালী-৬ আসনে আয়েশা ফেরদৌস, নেত্রকোনা-৪ আসনে রেবেকা মমিন, সুনামগঞ্জ-২ আসনে জয়া সেনগুপ্তা, মুন্সিগঞ্জ-২ আসনে সাগুফতা ইয়াসমিন এমিলি, ঢাকা-১৮ আসনে সাহারা খাতুন, গাজীপুর-৪ আসনে

সিমিন হোসেন রিমি, গাজীপুর-৫ আসনে মেহের আফরোজ চুমকি, মানিকগঞ্জ-২ আসনে মমতাজ বেগম, কুমিল্লা-২ আসনে সেলিনা আহমাদ, চাঁদপুর-৩ আসনে ডা. দীপুমনি, কক্সবাজার-৪ আসনে শাহিনা আক্তার চৌধুরী।

১১তম জাতীয় সংসদ নির্বাচনের উল্লেখযোগ্য উপাদান ছিল রাজনৈতিক পরিবারের ব্যক্তিদের নির্বাচনে এগিয়ে আসা তারমধ্যে পারিবারিক প্রভাবে এগিয়ে আসা নারী প্রার্থীদের সংখ্যা ছিল অতীত থেকে অধিকসংখ্যক। প্রয়াত স্বামী রাজনৈতিক ব্যক্তিত্ব সুরঞ্জিত সেনগুপ্তের আসনে জয়া সেন গুপ্তা সুনামগঞ্জ-২ আসনে প্রার্থী হতে কাজ করেন। পটুয়াখালী-৪ আসনে মনোনয়ন ফরম জমা দিয়েছিলেন জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি মজিবুর রহমানের স্ত্রী ফাতেমা আক্তার। ঢাকা-৭ আসনে বিএনপি'র প্রয়াত নেতা নাসিরউদ্দিন পিন্টুর স্ত্রী নাসিমা বানু নির্বাচনে মনোনয়ন পেতে কাজ করেন। গাজীপুর-৪ আসনে বাংলাদেশের মুজিবনগর সরকারের প্রধানমন্ত্রী তাজউদ্দিন আহমদের কন্যা সিমিন হোসেন রিমি প্রতিদ্বন্দ্বিতা করেন। কক্সবাজার-৪ আসনে মাদক ব্যবসায়ী হিসাবে সর্বাধিক আলোচিত সাবেক সাংসদ বদিউজ্জামান বদির স্ত্রী শাহিনা আক্তার চৌধুরী প্রতিদ্বন্দ্বিতা করে।

ঢাকার ১৫টি সংসদীয় আসনের মধ্যে পাঁচটি আসন থেকে মোট ৮জন নারী প্রার্থী একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেন। এ নির্বাচনে ১৭জন নারী প্রার্থী ঢাকা মহানগর সংসদীয় আসনগুলোতে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়ন ফরম তুলেছিলেন। ঢাকা মহানগর সংসদীয় আসন থেকে সরাসরি ভোটে প্রতিদ্বন্দ্বিতা করা নারীরা হলেন: ঢাকা -৮ থেকে বাম গণতান্ত্রিক পার্টির সম্পা বসু, বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টির সুমি আক্তার, বাংলাদেশ মুসলিম লীগের হাসিনা হোসেন, ঢাকা-৯ আসন থেকে বিএনপি থেকে আফরোজা আফরোজ এবং ন্যাশনাল পিপলস্ পার্টির মাহফুজা আক্তার, ঢাকা-১১ আসনে বিএনপি থেকে শামীম আরা বেগম, ঢাকা-১৮ আসনে আওয়ামী লীগের সাহারা খাতুন।
বিশ্বব্যাপি দেশজুড়ে নির্বাচনগুলোতে সরাসরি অংশগ্রহণ করা নারীর সংখ্যা বাড়ছে যার ঢেউ বাংলাদেশেও লেগেছে। বাংলাদেশের সর্বশেষ জাতীয় নির্বাচনে ৬৯টি আসনে মোট ৬৮জা নারী প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেছেন। এদের মধ্যে নৌকা প্রতীক নিয়ে ২০জন, ধানের শীষ প্রতীক নিয়ে ১৪জন এবং বাকীরা বড় দুই জোটের শরীক ও স্বতন্ত্র প্রার্থী।

সংরক্ষিত নারী আসনের ক্ষেত্রে দেখা যায় আওয়ামী লীগের মনোনয়ন ফরম বিক্রি হয়েছে ১৫১০ টি। যেখানে গড়ে প্রতি সীটের জন্য ৩৫জন। ১১তম জাতীয় সংসদ নির্বাচনে ৩০০ আসনের বিপরীতে আওয়ামী লীগের মনোনয়ন ফরম কিনেছিলেন ৪০২৩ জন। যেখানে গড়ে ১৩ জন কিনেছেন ১টি সীটের বিপরীতে। সেই হিসাবে সরাসরি আসন সংখ্যার চেয়ে সংরক্ষিত নারী আসনে মনোনয়ন ফরম বিক্রি হয়েছে বেশী। জাতীয় নির্বাচনে মনোনয়ন বঞ্চিত আওয়ামী লীগ ও জাতীয় পার্টির নারী সদস্যগণ সংরক্ষিত আসনের মনোনয়ন ফরম কিনেছিলেন। এবারের নির্বাচনে নাটক ও সিনেমা জগতের তারকারা নির্বাচনের প্রচারে যেমন সক্রিয় ছিলেন সংরক্ষিত নারী আসনের মনোনয়ন ফরম সংগ্রহে তারা সক্রিয় ছিলেন। তাদের মধ্যে ছিলেন সারাহ বেগম কবরী, সুজাতা, দিলারা চৌধুরী, ফাল্গুনী হামিদ, রোকেয়া প্রাচী, অরুণা বিশ্বাস, অঞ্জনা, শমী কায়সার, শাহনূর, অপু বিশ্বাস, তারিন ও জোতির্ময় জ্যোতি।

গত ৩০ ডিসেম্বর, ২০১৮ সালের নির্বাচনের পর একাদশ জাতীয় সংসদ-এর জন্য সংরক্ষিত নারী আসনের ৫০জন নারী সাংসদকে সংগে নিয়ে অধিবেশনের পথচলা শুরু। জাতি তাকিয়ে আছে এই নারী জনপ্রতিনিধিদের নারী অগ্রগতিতে তাদের কল্যাণকর কর্মদক্ষতাপূর্ণ কাজের প্রতি।

তথ্যসূত্র: বিভিন্ন জাতীয় দৈনিক পত্রিকা ও গবেষনাপত্র

দ্য পার্লামেন্ট ফেইস

গ্রাহক হতে চাইলে
যোগাযোগ করুন :
০১৯২৬৬৭৭৫৪৩
বিস্তারিত জানতে ভিজিট করুন
www.theparliamentfacebd.com

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পরিবেশ: পত্র পত্রিকার ভাস্য ও কিছু কথা

মোহাম্মদ শাহাবুদ্দিন

তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশ বাংলাদেশ। জীবনকে বাঁচাতে জীবনের পিছনে ছুটে বেড়ায় এদেশের বেশিরভাগ মানুষ। কিন্তু তারা যথেষ্ট রাজনীতি সচেতন। দেশের রাজনীতি কোন দিকে যাচ্ছে, এর গতি প্রকৃতি কি, কোথায় কোন ধরণের নির্বাচন হচ্ছে বা হবে সবই তারা জানে। পত্র পত্রিকা পড়ে, টেলিভিশন দেখে, বেতার শোনে কিংবা অনলাইনে তারা সব খবর পায়। প্রায়ই দেখা যায় রাস্তার ধারে টং দোকানে জটলা বেঁধে মানুষ টেলিভিশনে খবর দেখছে। রাস্তার মানুষ নয় তারা। তারপরও রাস্তার পাশে দাঁড়িয়ে খবর দেখছে। এ থেকে প্রমাণিত হয় তারা যথেষ্ট সচেতন।

রাজনীতির খবর হলেতো কোন কথাই নেই। টিভির সামনে থেকে যেন সরতেই চায়না। নির্বাচনের খবর তাদেরকে আরো বেশি আগ্রহী করে তোলে। এর বড় প্রমাণ ২৩ ডিসেম্বর ২০১৮ তারিখ অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচন। এ নির্বাচনে সারা দেশের ভোটাররাই অংশগ্রহণের চেষ্টা করেছে। কেউ প্রয়োগ করতে পেরেছে তাদের ভোটাধিকার। কেউবা পারেনি। তবে নির্বাচন হয়েছে। প্রধান নির্বচন কমিশনার বলেছেন সুষ্ঠু সুন্দর পরিবেশেই অনুষ্ঠিত হয়েছে বাংলাদেশের একাদশ জাতীয় সংসদ নির্বাচন।
নির্বাচনের পরিবেশ নিয়ে দেশের জাতীয় দৈনিকগুলোতে বেশ ফলাও করেই খবর প্রচার করা হয়েছে। টেলিভিশনগুলোতে সম্প্রচার করা হয়েছে নির্বাচনী খবর।
নির্বাচনের পরিবেশ নিয়ে পত্র পত্রিকাগুলো তাদের মত করে শিরোনাম করেছে। 'বাংলাদেশের কিছু কিছু স্থানে নির্বাচনী সহিংসতা' [বিডি নিউজ২৪.কম, ৩০ ডিসেম্বর, ২০১৮]
'নির্বাচন পর্যবেক্ষণে ১৬ দেশের সংস্থা' [ডেইলী স্টার, ০১ ডিসেম্বর, ২০১৮]

এভাবে নির্বাচনের খবরগুলো প্রচারিত হয়েছে। যার নানা রকম প্রভাব পড়েছে জনমনে। তবে ভাল মন্দ সব ধরনের প্রভাবেই প্রভাবিত হয়েছে বাংলাদেশের সাধারণ মানুষ। ভোটাধিকার প্রয়োগ করতে পেরে অনেকে আবার বেশ আনন্দিত। নতুন ভোটাররাতো মহা খুশি। উদ্বেলিত, অনুপ্রাণিত। জীবনের প্রথম ভোট বলে কথা। একটা উৎসব উৎসব ভাব নিয়ে এসেছে ভোট দিতে।

নির্বাচনের পরিবেশ নিয়ে পত্র পত্রিকায় লেখালেখি আর টেলিভিশনগুলোতে দেখেছি সচিত্র প্রতিবেদন। এসব প্রতিবেদনে একটা জিনিস খুবই লক্ষনীয় ছিলো যে অনেক ভোটারই লাইনে দাঁড়িয়েছে তাদের ভোটাধিকার প্রয়োগের জন্য। মোটামুটি সবাই প্রয়োগ করেছে। কেউ কেউ পারেনি। এই না পারার সংখ্যা খুব বেশি নয়। তবে হ্যাঁ সংখ্যাটা সব সময় গুরুত্বপূর্ণ হয়না। একজন নাগরিক যদি কোন কারণে তার ভোটাধিকার প্রয়োগ করতে না পারে তবে তার বঞ্চিত হবার বিষয়টাও খুব গুরুত্বপূর্ণ। কেননা একজন একজন করেইতো একশত জন, হাজার জন, লক্ষজন হয়।
আমরা সেই বাল্যকাল থেকেই দেখে এসেছি বাংলাদেশের নির্বাচন মানে একটা উৎসব। ঈদ কিংবা পূজা পার্বনে যেমন একটা উৎসব উৎসব রব থাকে তেমনি নির্বাচনেও একটা উৎসব রব থাকে। বাংলাদেশের এবারের নির্বাচনে সে রবটা কেমন ছিলো সে প্রসঙ্গে একটি পত্রিকার উদ্বৃতি দিলে বিষয়টি আরো পরিস্কার হবে। 'সরকার বিএনপির বিরুদ্ধে সাইবার যুদ্ধ ঘোষনা করেছে'-রিজভি [ডেইলি স্টার, ০১ ডিসেম্বর,২০১৮]

পত্রিকার এ শিরোনামে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আংশিক চিত্র ফুটে উঠেছে। এ নির্বাচনকে ঘিরে মানুষের আশা প্রত্যাশা দু'টোই ছিলো। সে আশা কিংবা প্রত্যাশার প্রতিফলন কতটা ঘটেছে বা ভবিষ্যতে কতটা ঘটবে সে প্রশ্ন বাদ দিয়ে বলা যায় আপাত

দৃষ্টিতে এবারের নির্বাচনে তেমন কোন নেতিবাচক ঘটনা ঘটেনি। কিছু বিচ্ছিন্ন ঘটনা সব সময়ই ঘটে। এবারও এর ব্যতিক্রম নয়। তবে একেবারেই হতাশ হবার মত কোন ঘটনা সরাসরি নজরে পরে-নি। পত্র পত্রিকা কিংবা টেলিভিশন প্রতিবেদনেও নেতিবাচক কোন প্রতিফলন দেখা যায়নি।

'ঘটনার আড়ালেও ঘটনা থাকে'। এবারের নির্বাচনের জন্য কথাটা কতটা সঙ্গত তার বিচারভার পাঠক সমাজের হাতে তুলে দিয়ে নিশ্চিন্ত হতে চাই। দেশের প্রতিনিধিত্বকারি জাতীয় দৈনিকগুলো নির্বাচনের বেশ ক'দিন আগ থেকে নির্বাচন নিয়ে যেসব শিরোনাম করেছে সেগুলো থেকে বাছাই করা একটি শিরোনাম পাঠকদের সু-বিধার জন্য তুলে ধরে নির্বাচনী চিন্তা ভাবনার বিষয়টা একটু পরিস্কার করতে চাই। 'নো মোর ডিফারিং পোল': ইসি [ডেইলি স্টার, ১৬ নভেম্বর, ২০১৮]

এই শিরোনামের ভাষা কিংবা তথ্য সবই পত্রিকার নিজের। এর সঠিকতা কিংবা বেঠিকতা কোনটার দায়ই আমাদের নয়। তবে হ্যাঁ সব কিছুই যাচাই বাছাইয়ের আওতায়। তা তথ্যই হোক কিংবা ছবি। সে যাচাই বাছাইয়ের ভারটাও পাঠক সমাজের।

নির্বাচনের পর আল জাজিরা শিরোনাম করেছে-বাংলাদেশ নির্বাচন-২০১৮: অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ হয়েছে।

এই শিরোনাম দেখে কারো মনে একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে কোন প্রশ্ন থাকার কথা না। তারপরও যদি কোন কথা থাকে তার হিসেবটা নিজে নিজে করে নেয়াটাই বুদ্ধিমানের কাজ। যে কাজটা বাংলাদেশের সাধারণ মানুষ সারা জীবন ধরেই করছে। আসলে এদেশের মানুষের যেকোন কিছু সহজে মেনে নেয়ার ক্ষমত-াটা অনেক বেশি। বিষয়টা একটা জাতির জন্য খুবই শুভ।

নির্বাচনের ব্যাপারে দেশের সাধারণ মানুষ যতটা সচেতন ঠিক ততটাই সচেতন নির্বাচনের ফলাফল নিয়েও। তাই তারা সবার আগে জানতে চায় কে জিতলো? কতো ভোটে জিতলো? সাধারণ মানুষের এই জিজ্ঞাসুটার সুন্দর সমাধান একটাই-নির্বাচনের ফলাফলের ছক।

১১দশ জাতীয় সংসদ নির্বাচনের ফলাফল

দলের নাম	প্রাপ্ত আসন
মহাজোট	
বাংলাদেশ আওয়ামী লীগ	২৫৯
জাতীয় পার্টি	২০
ওয়ার্কার্স পার্টি	০৩
জাসদ	০২
বিকল্পধারা	০২
তরিকত ফেডারেশন	০১
জাতীয় পার্টি (জেপি-মঞ্জু)	০১
জাতীয় ঐক্যফ্রন্ট	
বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)	০৫
গণফোরাম	০২
স্বতন্ত্র	০৩
মোট	২৯৮

উৎস: বাংলাদেশ ইনসাইডার, ৩১ ডিসেম্বর, ২০১৮
[বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়]

এবারের নির্বাচনের একটা আকর্ষণীয় দিক হলো কিছু একেবারেই নতুন মুখ। জীবনের প্রথম নির্বাচন করেই বাজিমাত করেছে তারা। তাদের নির্বাচনী প্রচার প্রচারনার স্টাইলটাও ছিলো ভিন্নধর্মী। তারা গতানুগতিকতাকে পেছনে ফেলে পথ চলেছে পুরো নির্বাচনী সময়-টা। তরুণ প্রজন্ম বলে তাদের আবেদন সমাজের মানুষ দারুনভাবে গ্রহণ করেছে। ফলাফলটাও তাই ইতিবাচক।

এই যে একটা প্রজন্ম জীবনের প্রথম জাতীয় সংসদ নির্বাচন করে সংসদ সদস্য নির্বাচিত হয়েছে তার প্রভাবটা হবে সুদূর প্রস-ারী। ইতোমধ্যেই সাধারণ মানুষ তা বুঝতে পারছে। নির্বাচনকে কেন্দ্রকরে তারা যেসব প্রতিশ্রুতি দিয়ে ছিলো সেগুলো পালন করার চেষ্টা করছে। জনগনের ভোটে নির্বাচিত হয়েছে বলে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে। নির্বাচনের একটা সুন্দর পরিবেশ দেয়ার

জন্য ধন্যবাদ জানাচ্ছে নির্বাচন কমিশনকে। যাক সে কথা। বলছিলাম বাংলাদেশের একাদশ জাতীয় সংসদ নির্বাচনের কথা। এই নির্বাচনে সাধারণ মানুষের অংশগ্রহণটি ছিলো অনেকটাই নাগরিক দায়িত্ব পালন। এরকম কথাও কোন কোন পত্রিকায় ছাপা হয়েছে।

কথাটা গুরুত্বপূর্ন। একটা দেশের একজন সচেতন নাগরিকের অন্যতম প্রধান দায়িত্ব তার ভোটাধিকার প্রয়োগ করা। এ অধিকার প্রয়োগের জন্য ক্ষেত্র তৈরি করে দেবে নির্বাচন কমিশন। ভোটার কেবল তার অধিকারটুকু যথাযথ প্রয়োগ করবে।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ নিয়ে কোন প্রশ্ন কেউ উত্থাপন করেনি। কেউ কেউ ভোটার উপস্থিতির বিষয়টা নিয়ে কিছুটা দ্বিধান্বিত। তাদের এই দ্বিধাদ্বন্দের মূলে আছে কিছু কিছু প্রার্থীর নির্বাচন বর্জন। বিশেষ করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও তার শরীক দলগুলোর নির্বাচনে না থাকার কারণে এই দ্বিধা দ্বন্দের উৎপত্তি হয়েছে। বিষয়টা পুরুপুরি অমুলক নয়। তাছাড়া দলীয় সরকারের অধীনে নির্বাচন করলে দ্বন্দ্ব জাগাটা স্বাভাবিক।
দলীয় সরকারের অধীনে অবাধ সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন হলেও কেউ কেউ তাতে নানারকম গন্ধ খুঁজার চেষ্টা করে। তার দৃষ্টিকোন থেকে তিনি ঠিক আছেন। কিন্তু প্রশ্নটা তখনই বড় আকার ধারন করে যখন আন্তর্জাতিক বিশ্ব ঠিক একই রকম প্রশ্ন উত্থাপন করে। এবারের নির্বাচন নিয়ে আন্তর্জাতিক বিশ্ব তেমন কোন নেতিবাচক কথা বলেনি। নির্বাচনী পরিবেশ কিংবা ভোটার উপস্থিতি নিয়েও কোন প্রশ্ন তুলেনি। তাই জনমনের আশংকাটাও ততটা প্রবল নয়। কিছুটা প্রশ্ন যাদের আছে তারা তা নিয়ে নিজেদের মাঝে আলোচনা করছে। প্রকাশ্যে তেমন কিছু বলছেনা।

আসলে একাদশ জাতীয় সংসদ নির্বাচন, এর পরিবেশ, ভোটার উপস্থিতি, তাদের ভোটাধিকার প্রয়োগ এসব বিষয় নিয়ে নির্বাচন কমিশনের দেয়া ব্যাখ্যা বিশ্লেষনের পর তেমন কিছুই বলার থাকে-না। একটা নির্বাচনের পুরো দায়িত্ব যেহেতু নির্বাচন কমিশনের সেহেতু তাদের ব্যাখ্যা বিশ্লেষণটাই সর্বজনগ্রাহ্য।

বাংলাদেশের নির্বাচন কমিশন নিয়ে নানা সময় নানা রকম কথাবার্তা হয় কিন্তু কমিশনের দেয়া সিদ্ধান্ত কেউ মেনে নেয়নি এমন নজির খুবই কম। এ কথাও ঠিক যে নির্বাচন কমিশনের সব বিবৃতিই যে মেনে নেবার মত তা কিন্তু নয়। কশিনের দেয়া কোন সিদ্ধান্ত বা ডিরেকশনের ব্যাপারে কারো মনে যদি কোন প্রশ্ন কিংবা সন্দেহ দেখা দেয় তা সে প্রকাশ করতেই পারে। কোন কোন পত্রিকা আকার ইঙ্গিতে এমনটাই বলার চেষ্টা করেছে। কেউ কেউ আবার বলতে যেয়ে থেমে গেছে। নানা কারণে এসব 'চলা এবং থামার' ঘটনা ঘটেছে।
একজন সচেতন নাগরিক কোন একটা বিষয় নিয়ে কতটা বলবে তার নির্ধারিত কোন সীমারেখা না থাকলেও অলিখিত একটা সীমাতো আছেই। তাছাড়া স্বয়ংক্রিয় বাছাই প্রক্রিয়াও আছে। যার কারণে মানুষ একটা ইস্যু নিয়ে বিচার বিবেচনা করে কথা বলে। নির্বাচন তেমনি একটি ইস্যু। এই ইস্যুতে কথা বলার আগে অবশ্যই দশবার ভাবতে হবে। ভাবনার জায়গাটা যত বেশি শক্তিশালী হবে ঝুঁকির মাত্রা তত কম হবে। ভুল হবার আশংকা কমবে। হয়তো সে কথা চিন্তা করেই পত্র পত্রিকাগুলো একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে পরিমিত কথা বলেছে।

পত্রিকার সম্পাদক মহোদয় যে ভাষায় সম্পাদকীয় লিখেছেন তাতে একাদশ জাতীয় সংসদ নির্বাচন যে সুষ্ঠু অবাধ ও নিরপেক্ষ হয়েছে তার বহিঃপ্রকাশ ঘটে। সাংবাদিক মহলে নির্বাচন পুর্বপর অনেকটা এই রকম আলোচনা লক্ষ্য করা যায়।

বর্তমান ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসবে তা সাধারণ মানুষ আগে থেকে না জানলেও এ সরকারের অধীনে নির্বাচন করতে হবে তা জানতো। কারণ একবিংশ শতাব্দীর এ সময়ে তত্ত্বাবধায়ক সরকারের ধারনা অনেকটা অচল। অচল এ ধারণাকে সচল করার দল আর যাই হোক আওয়ামী লীগ নয়। তাই দলটি নিজেদের তত্ত্বাবধানে নির্বাচন করেছে। পত্র পত্রিকার ভাস্য মতে নির্বাচন কমিশন নিরপেক্ষতা বজায় রাখার চেষ্টা করেছে। পারা না পারার হিসেবটা আলাদা।

টেলিভিশন টকশোগুলোতে একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে ও পরে ব্যাপক আলোচনা পর্যালোচনা হয়েছে। এসব আলোচনা থেকে একটা কথাই বেরিয়ে এসেছে নির্বাচন নির্বাচনের মতো হয়েছে। যে রকম নির্বাচন হবার কথা ছিলো সে রকমই হয়েছে। আসলে জাতীয় সংসদ নির্বাচন মানে একটা বিশাল কর্মযজ্ঞ। এ কর্মযজ্ঞের সামনে ও পেছনে অনেকেই কাজ করে। সামনের মানুষদের আমরা সচরাচর দেখি, তাদের কথাবার্তা আলাপ আলোচনা শুনি। কিন্তু পিছনের মানুষদেরকে দেখিনা। তাদের আলোচনাও শুনিনা। তারা পিছনে থেকে কাজ করে। ক্ষেত্র বিশেষে কলকাঠি নাড়ে।

ন্যপথ্যের কারিগররা সব সময় ন্যপথ্যেই থাকে। তাদেরকে না ধরা যায় না ছোঁয়া যায়।

পত্র পত্রিকায় তাদের কথা তেমন একটা ছাপানো হয়না। হয়তো ছাপানোর সুযোগ পাওয়া যায়না।

একাদশ জাতীয় সংসদ নির্বাচন নিয়ে ন্যপথ্যের কোন এক জনের কথা পাওয়া গেলে অনেক প্রশ্নের সঠিক জবাব পাওয়া যেত।

লেখক -
কলামিষ্ট, সাংবাদিক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের খন্ডকালীন শিক্ষক

একাদশ জাতীয় সংসদের সদস্যগণ: জনমানুষের প্রতিনিধি

রংপুর বিভাগ : ৩৩ আসন, মোট ভোটার ১,১৫,৯৩,৮৭৮

এই বিভাগের ৩৩ আসনের মধ্যে ৩২ টিতে নির্বাচন হয়েছে। গাইবান্ধা ৩ আসনের প্রার্থী ফজলে রাব্বি মারা যাওয়ায় সেখানে নির্বাচন স্থগিত হয়। ৩২ টি আসনের মধ্যে নৌকা প্রতিকে আওয়ামী লীগ পেয়েছে ২৪টি আসন লাঙ্গল প্রতীকে জাতীয় পার্টি পেয়েছে ৭টি ধানের শীষ প্রতীক নিয়ে ১ টি আসনে জিতেছে বিএনপি।

আসন নং	বিজয়ী প্রার্থী	নিকটতম প্রার্থী
পঞ্চগড় ১	মো. মজাহারুল হক প্রধান (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৭৩,৮৮৮	নওশাদ জমির (বিএনপি) প্রাপ্তভোট: ১,৩২,৫৩৯
পঞ্চগড় ২	নূরুল ইসলাম (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৬৯,৫১৪	ফরহাদ হোসেন (বিএনপি) প্রাপ্তভোট: ১,১১,০৯৫
ঠাকুলগাঁও ১	রমেশ চন্দ্র সেন (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,২৫,৫৯৮	মির্জা ফখরুল ইসলাম (বিএনপি) প্রাপ্তভোট: ১,২৮,০৮০
ঠাকুরগাঁও ২	দবিরুল ইসলাম (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,২৩,৬১৬	আবদুল হাকিম (জামায়াত) প্রাপ্তভোট: ১৫,৬৪৮
ঠাকুরগাঁও ৩	জাহিদুর রহমান (বিএনপি) প্রাপ্তভোট: : ৮৮,৫১০	ইমদাদুল হক (স্বতন্ত্র) প্রাপ্তভোট: ৮৪,৩৯৫
দিনাজপুর ১	মনোরঞ্জন শীল (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৯৮,৭৯২	মোহাম্মাদ হানিফ (জামায়াত) প্রাপ্তভোট: ৭৮,৯২৮
দিনাজপুর ২	খালিদ মাহমুদ চৌধুরী (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৯৭,০৬৬	সাদেক রিয়াজ চৌধুরী (বিএনপি) প্রাপ্তভোট: ৪৮,৮২২
দিনাজপুর ৩	ইকবালুর রহিম (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৩০,৪৪৬	মো. খাইরুজ্জামান (ইস. আন্দোলন) প্রাপ্তভোট: ৩৯,২৪৭
দিনাজপুর ৪	এ এইচ মাহমুদ আলী (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,০৩,৮৬৬	আক্তারুজ্জামান মিয়া (বিএনপি) প্রাপ্তভোট: ৬১,৭০৬
দিনাজপুর ৫	মোস্তাফিজুর রহমান(আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৮৮,৬৮৩	রেজোয়ানুল হক (বিএনপি) প্রাপ্তভোট: ১,২৮,৫৬৭
দিনাজপুর ৬	শিবলী সাদিক (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৮১,৮৯১	আনোয়ারুল ইসলাম (জামায়াত) প্রাপ্তভোট: ৬৯,৭৬৯
নীলফামারী ১	আফতাব উদ্দিন সরকার (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৮৮,৭৮৪	রফিকুল ইসলাম (বিএনপি) প্রাপ্তভোট: ৮৮,৭৯১
নীলফামারী ২	আসাদুজ্জামান নূর (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৭৮,০৩০	মো. মনিরুজ্জামান (জামায়াত) প্রাপ্তভোট: ৮০,২৮৩

আসন নং	বিজয়ী প্রার্থী	নিকটতম প্রার্থী
নীলফামারী ৩	রানা মো. সোহেল (জাপা) প্রাপ্তভোট: ১,৩৭,২২৪	মো. আজিজুল ইসলাম (জামায়াত) প্রাপ্তভোট: ৪৪,০৯৩
নীলফামারী ৪	আহসান আদেলুর রহমান (জাপা) প্রাপ্তভোট: ২,৩৬,৯৩০	মোঃ শহিদুল ইসলাম (ইস. আন্দোলন) প্রাপ্তভোট: ২৭,২৯৪
লালমনিরহাট ১	মোতাহার হোসেন (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৬৩,০৬২	হাসান রাজীব প্রধান (বিএনপি) প্রাপ্তভোট: ১২,১৫৭
লালমনিরহাট ২	নুরুজ্জামান আহমেদ (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৯৮,৫৪২	রোকন উদ্দিন (বিএনপি) প্রাপ্তভোট: ৭৮,১৯৩
লালমনিরহাট ৩	জিএম কাদের (জাপা) প্রাপ্তভোট: ১,১৫,৯৪৩	আসাদুল হাবিব (বিএনপি) প্রাপ্তভোট: ৮১,৩৯৯
রংপুর ১	মসিউর রহমান রাঙ্গা (জাপা) প্রাপ্তভোট: ১,৯৮,৯১৪	শাহ মো. রহমতউল্লাহ (নাগরিক ঐক্য) প্রাপ্তভোট: ১৯,৪৯৩
রংপুর ২	আ. কালাম মো. আহসানুল হক (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,১৮,৩৬৮	মোহাম্মদ আলী সরকার (বিএনপি) প্রাপ্তভোট: ৫৩,৩৫০
রংপুর ৩	এইচ এম এরশাদ (জাপা) প্রাপ্তভোট: ১,৪২,৯২৬	রিটা রহমান (বিএনপি) প্রাপ্তভোট: ৫৩,০৮৯
রংপুর ৪	টিপু মনসি (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৯৯,৯৭৩	এমদাদুল হক ভরসা (বিএনপি) প্রাপ্তভোট: ১,০৪,১৭৭
রংপুর ৫	এই এন আশিকুর রহমান (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৪৪,৭৫৮	শাহ সোলায়মান আলম (বিএনপি) প্রাপ্তভোট: ৬৪,১৪৭
রংপুর ৬	শরীন শারমিন চৌধুরী (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৩৪,৪২৬	সাইফুল ইসলাম (বিএনপি) প্রাপ্তভোট: ২৪,০৫৩
কুড়িগ্রাম ১	মোস্তাফিজুর রহমান (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,২১,৯০১	সাইফুর রহমান (বিএনপি) প্রাপ্তভোট: ১,১৮,১৩৪
কুড়িগ্রাম ২	পনির উদ্দীন আহমেদ (জাপা) প্রাপ্তভোট: ২,২৯,৪৪৩	আ ম সা আমিন (গনফোরাম) প্রাপ্তভোট: ১,০৭,১৪৬
কুড়িগ্রাম ৩	এম এ মতিন (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৩২,৩৯০	তাসভীর উল ইসলাম (বিএনপি) প্রাপ্তভোট প্রাপ্দভোট: ৭০,৪২৪
কুড়িগ্রাম ৪	জাকির হোসেন (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৬২,৬৩৪	আজিজুর রহমান (বিএনপি) প্রাপ্তভোট: ৫৫,৯৬০
গাইবান্ধা ১	শামীম হায়দার পাটোয়ারী (জাপা) প্রাপ্তভোট: ১,৯৭,৫৮৫	মাজেদুর রহমান (জামায়াত) প্রাপ্তভোট: ৬৫,১৭৩
গাইবান্ধা ২	মাহবুব আরা বেগম (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ১,৮৯,৬১৭	আবদুর রশিদ সরকার (বিএনপি) প্রাপ্তভোট: ৬৮,৬৭০
গাইবান্ধা ৩	ভোট স্থগিত	
গাইবান্ধা ৪	মনোয়ার হোসেন চৌধুরী (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ৩,০০,৮৬০	কাজী মশিউর রহমান (জাপা) প্রাপ্তভোট: ৫,৭১৭
গাইবান্ধা ৫	ফজলে রাব্বী মিয়া (আওয়ামী লীগ) প্রাপ্তভোট: ২,৪২,৮৬১	ফারুক আলম সরকার (বিএনপি) প্রাপ্তভোট: ১৯,৯৯৬

রাজশাহী বিভাগে ৩৯টি আসন, মোট ভোটার ১,৩৭,৫৩,০২৪ জন

